স্তবপুষ্পাঞ্জলি

১৩৪৮

স্তবপুষ্পাঞ্জলি সূচীপত্রং।

বিষয়াঃ	
স্বয়মুৎপ্রেক্ষিতলীলা বিলাসমঞ্জরী	
গীতাবলী	
চিত্রকবিত্বানি	
বিলাপকুসুমাঞ্জলিঃ	৩৩৮
প্রেমপুরাভিধস্তোত্রং	৪০৩
গ্রন্থকর্ত্তুঃ প্রার্থনা	৪১১
স্বনিয়ম দশকং	৪১৪
প্রেমাম্ভোজ মরন্দাখ্য স্তবরাজঃ	৪২৩
স্বসঙ্কল্প প্রকাশস্তোত্রং	৪৩১
প্রার্থনামৃতং	৪৪
নবাষ্টকং	৪৬
শ্রীরাধাকুণ্ডাষ্টকং	৪৭
শ্রীগোবর্দ্ধনবাস প্রার্থনাদশকং	৪৮২
নবযুবদ্বন্দ্বদিদৃক্ষাষ্টকং	৪৯১
অভীষ্টপ্রার্থনাষ্টকং	৪৯৭
অভীষ্ট সূচনং	৫০৩
উৎকণ্ঠা দশকং	৫১২
মনঃশিক্ষা	৫২
শ্রীরঘুনাথদাস গোস্বামিনঃ প্রার্থনা	৫৩

স্তবপুষ্পাঞ্জলি।

-০:*:০-

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ।

শ্রীমদীশ্বররূপেণ রসামৃতকৃতা কৃতা।
স্তবমালানুজীবেন জীবেন সমগৃহ্যত॥ ১॥
পূর্ব্বং চৈতন্যদেবস্য কৃষ্ণদেবস্য তৎ পরং।
শ্রীরাধায়াস্ততঃ কৃষ্ণরাধয়োর্লিখ্যতে স্তবঃ॥ ২॥

ওঁ নমঃ শ্রীকৃষ্ণচৈতন্যায়।

সনাতনং রূপমিহোপদর্শয়ন্নানন্দসিন্ধুং পরিতঃ প্রবর্দ্ধয়ন্। অন্তস্তমস্তোমহরঃ স রাজতাং চৈতন্যরূপো বিধুরদ্ভুতোদয়ঃ॥ ১॥

দেবাচার্য্যং যং বিদুঃ সৎ কবিত্বে পারাশর্য্যং তত্ত্ববাদে মহান্তঃ। শৃঙ্গারার্থব্যঞ্জনে ব্যাসসূনুং স শ্রীরূপঃ পাতু নো ভৃত্যবর্গান্॥ ২॥

আমার কনিষ্ঠতাত শ্রীরূপগোস্বামী, যিনি ভক্তিরসামৃত-সিন্ধু নামক গ্রন্থ রচনা করিয়াছেন, তিনি শ্রীচৈতন্যদেব প্রভৃতি শ্রীবিগ্রহের কতিপয় স্তব রচনা করিয়াছিলেন, ভক্তগণের কণ্ঠভূষণ হইবে বলিয়া নানা স্থানে স্থিত ঐ সমুদয় স্তবগুলি যথাক্রমে সংগ্রহ পূর্ব্বক তদীয় শিষ্য জীব নামক আমি উহা মালাকারে প্রস্তুত করিলাম॥ ১॥

ইহাতে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব, তৎপরে শ্রীকৃষ্ণের স্তব, তৎপরে শ্রীরাধিকার স্তব, তৎপরে শ্রীরাধাকৃষ্ণ যুগল

বিরুদাবলী ততো নানাচ্ছন্দোভিঃ কেলিসংহতিঃ ।
ততশ্চিত্র কবিত্বানি ততোগীতাবলী ততঃ ॥ ৩ ॥
ললিতা যমুনা বৃষ্ণিপুরী শ্রীহরিভূভৃতাং ।
বৃন্দাটবী কৃষ্ণনাম্নোঃ ক্রমেণ স্তবপদ্ধতিঃ ॥ ৪ ॥

লব্ধ সনাতন রূপং জীবং যো ভজতি ভক্তিমান্ জীবঃ। তস্য সনাতন রূপঃ স নন্দপুত্রো হরিঃ সুলভঃ ॥ ৩ ॥

শ্রীরূপদেব বচসাং ধ্বনি ভেদা যে বিভান্তি ভূয়াংসঃ। কস্তান্ শক্তোবক্তুং তস্মাৎ সংক্ষেপতঃ প্রকাশ্যন্তে ॥ ৪ ॥

ভাষ্যেস্মিন্ সাধবঃ প্রীতাঃ স্তবমালা বিভূষণে। কৃষ্ণানন্দ কৃপাসিদ্ধে ভবেয়ুঃ শ্রমবেদিনঃ ॥ ৫ ॥

শ্রীরূপকৃতান্ শ্রীচৈতন্যাদিস্তবান্ মালাত্মনা গ্রথিতুং শ্রীজীবঃ প্রতিজানীতে। শ্রীতি। শ্রীজীবেন স্তবমালা সমগৃহ্যত সংগৃহীতা পৃথক্ পৃথক্ স্থিতাঃ স্তবাঃ ক্রমাৎ পঙ্‌ক্তীকৃতা ইত্যর্থঃ। মালাতু পঙ্‌ক্তৌ পুষ্পাদি দামনীতি মেদিনী। শ্লেষেণ কুসুম ভূতানাং তেষাং মালা স্রগ্ বিরচিতা ইত্যর্থঃ। তেন ভক্তজ নৈরতিপ্রীত্যা কণ্ঠেষু ধার্য্যতে ইতি ব্যজ্যতে। সা কীদৃগিত্যাহ শ্রীমদিতি। শ্রীমাংশ্চাসৌ মদীশ্বরশ্চ যো রূপস্তেন কৃতা বর্ণিতা। তস্যাসাধারণং ধর্ম্মমাহ

র স্তব লিখিত হইল। তৎপরে বিরুদাবলীচ্ছন্দে (যাহার প্রত্যেক চরণে নবাক্ষর আছে) তৎপরে নানাবিধ ছন্দে নন্দোৎসবাদি কংসবধ পর্য্যন্ত শ্রীকৃষ্ণের লীলা বিস্তার, তৎপরে চক্রবন্ধাদি চিত্রকাব্য, তৎপরে গীতাবলী, তৎপরে ললিতা, যমুনা, মথুরাপুরী, গোবর্দ্ধন পর্ব্বত, শ্রীবৃন্দাবন ও কৃষ্ণনাম এই সমুদয়ের স্তবাবলী যথাক্রমে লিখিত হইয়াছে। তাহার মধ্যে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব যথা ॥২॥৩॥৪॥

তত্র শ্রীচৈতন্যদেবস্য।

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং।
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশপরমেষ্ঠিপ্রভৃতিভিঃ।

রসেতি হরিভক্তিরসামৃতসিন্ধোঃ কর্ত্তেত্যর্থঃ। জীবেন কীদৃশেনেত্যাহান্বিতি। অনুগত্য জীবতীত্যনুজীবস্তেন তদনুগামিনা তচ্ছিষ্যেণেত্যর্থঃ। আদিমেন পদেনাত্র মঙ্গলং কৃতং তস্য মঙ্গলস্বরূপত্বাদিতি বোধ্যং॥ ১॥

অথ স্তব গ্রথন ক্রমমাহ পূর্ব্বমিত্যাদিভিঃ। কৃষ্ণশ্চ রাধাচ তয়ো র্যুগ্মী ভূতয়োঃ স্তবো লিখ্যত ইতি সম্বন্ধঃ॥ ২॥

বিরুদেতি। নবাক্ষরোয়ং পাদঃ। বিষমাক্ষর পাদত্বাৎ পদ্যেস্মিন্ গাথা চ্ছন্দঃ। তস্য বিশেষস্তু গীতাবলীভাষ্যে লেখ্য স্তত্রৈব দ্রষ্টব্যঃ। নানাচ্ছন্দোভি-র্বিভিন্ন লক্ষণৈবষ্টাদশভিঃ; কেলিসংহতির্নন্দোৎসবাদ্যা কংস বধান্তা লীলা বিততিঃ। চিত্রকবিত্বানি দ্ব্যক্ষরাদীনি চক্রবন্ধাদীনিচ। গীতাবলী নন্দোৎ-সবাদি চরিত সংবদ্ধা গানশ্রেণিঃ॥ ৩॥

ললিতাচ যমুনাচ বৃষ্ণীপুরী শ্রীমথুরাচ শ্রীহরিভূভৃচ্চ গোবর্দ্ধনাখ্যো গিরি-রাজস্তেষাং। বৃন্দাটবীচ কৃষ্ণনামচ তয়োঃ স্তবপদ্ধতিঃ স্তোত্রশ্রেণিঃ পদ্ধতিঃ পথি পঙ্‌ক্তৌ চেতি বিশ্বলোচনকারঃ। পর্য্যায়া লিখিতা যেহত্র নানার্থাশ্চ ন তে পুনঃ। বাহুল্য ভয়তো লেখ্যা বিচিন্ত্যাস্তে ততস্ততঃ॥ ৪॥

তত্রাদৌ শ্রীচৈতন্যাষ্টকত্রয়ং ব্যাখ্যাস্যামঃ। শ্রীবৃন্দারণ্যে স্থিতঃ শ্রীরূপঃ শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থং শ্রীচৈতন্যং কৃষ্ণবর্ণমিত্যাদি শাস্ত্রাত্তদনুগ্রহাচ্চ সাক্ষাদীশ্বর-ত্বেনানুভূয় তত্বেন বর্ণয়ংস্তদ্দর্শনমাশাস্তে সদেত্যাদিভিঃ॥ ০॥

স চৈতন্যো মে দৃশো র্নেত্রয়োঃ পদং পুনরপি কিং যাস্যতি। পদং ব্যব-সিতি ত্রাণ স্থান লক্ষ্মাঙ্ঘ্রি, বস্তুম্বিতি নানার্থবর্গঃ। মন্ত্রেত্র ব্যবসায়ং তদ্বিষয়তাং

শিব, ব্রহ্মা প্রভৃতি দেবগণ মনুষ্যদেহ ধারণ করিয়া প্রীতি পূর্ব্বক সর্ব্বদা যাঁহাকে উপাসনা করিতেছেন,

স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্।
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ১॥

স কদা গমিষ্যতীতি তাদৃগ্‌ভাগ্যং কদা মে স্যাদিতি ভাবঃ। স কীদৃগিত্যাহ গিরীশ পরমেষ্ঠি প্রভৃতিভিঃ শিববিরিঞ্চ্যাদিভি র্গীর্ব্বাণৈঃ দেবৈঃ সদা নিত্য-মুপাস্যঃ সেব্যঃ। নন্থ তৎ সন্নিধৌ তেন প্রতীয়ন্তে তত্রাহ ধ্বতেতি। কৃষ্ণাব-তারে সাক্ষাদেব তমুপাসিতবন্তঃ। ইহত্বাচার্য্য হরিদাসাদি বপুষোপাসত ইত্যর্থঃ। প্রণয়িতাং তস্মিন্ প্রীতিং বহদ্ভিঃ প্রাপ্নুবদ্ভিঃ। কিং কুর্ব্বন্নিত্যাহ। স্বভক্তেভ্যঃ স্বরূপ দামোদরাদিভ্যো নিজ ভজন মুদ্রাং স্বভক্তিপরিপাটীমুপদিশন্। শুদ্ধাং কর্ম্মযোগাদ্যনাবৃতাং। অয়মর্থঃ। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং। যজ্ঞৈঃ সংকীর্ত্তন প্রায়ৈ র্যজন্তি হি সুমেধস ইত্যেকাদশে চতুর্থ যুগাবতারো বর্ণিতঃ সএব কৃষ্ণ চৈতন্যঃ। হরিকীর্ত্তন প্রধানস্য যজ্ঞস্য তদসাধারণ ধর্ম্মস্য তত্রৈব দর্শনাৎ অসাধারণ ধর্ম্মেণ লক্ষণেনহি লক্ষ্যং পরিচীয়তে। জন্মাদ্যস্য যত ইতি সূত্রে যথা জগজ্জন্মাদি হেতুত্বেন তেন তল্লক্ষ্যং ব্রহ্ম পরিচিতং। সচাব-তারো গীর্ব্বাণৈঃ সেব্য ইতি। ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিব বিরিঞ্চি নুতং শরণ্যমিতি। তদনন্তরোক্তেঃ। অসকৃদাবির্ভাবিনমেতং শ্রুতিরপি দ্যোতয়তি। মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্বশেষপ্রবর্ত্তক ইতি এবং সাক্ষাদীশ্বর তয়া নিশ্চিতেপি তস্মিন্ যদি কস্যচিন্মন্দমতেরনাস্থা স্যাৎ সাতু তদ-প্রসাদাদেবেতি জ্ঞায়তে। তমক্রতুঃ পশ্যতি বীতশোকং ধাতুঃ প্রসাদান্মহিমান-মীশমিত্যাদি শ্রুতেঃ। তথাপি তে দেব পদাম্বুজদ্বয়প্রসাদ লেশানুগৃহীত এব-হি। জানাতি তত্বং ভগবন্মহিম্নো নচান্য একোপি চিরং বিচিন্বন্ ইত্যাদি স্মৃতেশ্চ তৎ প্রসাদ এব তদ্বীক্ষণ হেতুরিত্যন্বয় ব্যতিরেক দৃষ্টং বাসুদেব সার্ব্ব-ভৌমাদৌ ব্যক্তমেতৎ। চতুর্থপাদঃ সপ্তস্বনুবর্ত্ত্যঃ। অষ্টকেষু এবমেব কবি-

যিনি, স্বরূপ দামোদর প্রভৃতি ভক্তগণকে বিশুদ্ধ স্বীয় ভজনপ্রণালী উপদেশ করিয়াছেন, সেই অপূর্ব্ব রূপসম্পন্ন

স্বরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্যাসঃ প্রেম্নো নিখিলপশুপালাম্বুজদৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ২ ॥

এষ চৈতন্যদেবো ন চতুর্থ যুগাবতারঃ কৃষ্ণস্বাংশঃ। কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তী রক্তশ্বেতা যুগে মতঃ। দ্বাপরে চ কলৌ চাপি শ্যামলাঙ্গঃ প্রকীর্ত্তিত ইতি। তস্য শ্যামবর্ণত্বস্মরণাৎ কিন্তু প্রেয়সীভাবকান্তিভ্যাং পিহিত স্বভাব কান্তিঃ স্বয়ং কৃষ্ণ এবাবিরভুৎ ইতি ভাবেনাহ স্বরেশানামিতি। দুর্গং নির্ভয় স্থানং গতিঃ পরতত্ত্ব সঞ্চারঃ। সর্ব্বস্বং তপো বিজ্ঞান লক্ষণমৈহিকং পারত্রিকং চ ধনং। প্রণতপটলীনাং দাসভক্ত বৃন্দানাং মধুরিমা দাস্যভক্তিমাধুর্য্যং। সংঘাতে প্রকরৌঘ বার নিকর ব্যূহাঃ সমূহশ্চ যঃ সন্দোহঃ সমুদায় রাশি বিসরব্রাতাঃ কলাপো-ব্রজঃ। কূটং মণ্ডল চক্রবাল পটলস্তোমাগণঃ পেটকং বৃন্দং চক্র কদম্বকং সমুদয়ঃ পুঞ্জোৎকরৌ সংহতিরিতি হৈমঃ। নিখিল পশুপালাম্বুজদৃশাং সমস্ত ব্রজবনিতানাং প্রেম্নঃ কৃষ্ণবিষয়কস্য বিনির্যাসঃ সারঃ স চৈতন্যঃ কিমিত্যাদি প্রাগ্বৎ। ইহ হেত্বলঙ্কারো দর্শিতঃ। দুর্গাদি হেতোরপি চৈতন্যস্য দুর্গাদি রূপত্বেনাভিধানাৎ। যদুক্তং কাব্যকৌস্তুভে। হেতোরেকাত্মনাখ্যানং হেতুরিত্যভিধীয়তে। ইতি। অদ্রীণাং বিক্রতিঃ সাক্ষাদাকৃষ্টির্ব্রজসুভ্রুবাং স্থৈর্য্যং স্রোতস্বতীনাঞ্চ জীয়াদ্বংশীধ্বনি র্বিভোরিতিবৎ। ইহাদ্রিবিদ্রবাদি হেতুভূতোপি বংশীনাদ স্তদ্রূপতয়া বর্ণিতঃ। অস্য সাক্ষাৎ কৃষ্ণত্বং ত্বগ্রেব্যক্তী ভবিষ্যতি ॥ ২ ॥

শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন ? ॥ ১ ॥

যিনি ইন্দ্রাদি দেবগণের অভয় দাতা ও নিখিল উপনিষদের লক্ষ্য স্থান, যিনি মুনিগণের ঐহিক পারত্রিকের সর্ব্বস্ব ও ভক্তবৃন্দের সাক্ষাৎ মাধুর্য্য স্বরূপ এবং ব্রজবনিতাদিগের

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈতদয়িতঃ
প্রপন্নশ্রীবাসোজনিত পরমানন্দগরিমা ।

অথ শ্লেষেণ সাক্ষাৎ কৃষ্ণত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি। স্বরূপমিতি। জগত্যতুলং নিরুপমং স্বরূপং তন্নামানং পার্ষদং বিভ্রাণোধারয়ন্ কৃপা সুধয়া পুষ্ণংশ্চ। অদ্বৈতস্য তদাখ্যস্যাচার্য্যস্য দয়িতঃ প্রিয়ঃ স দয়িতোযস্যেতি বা। প্রপন্নঃ শরণ মাগতঃ শ্রীবাসস্তন্নামা পণ্ডিতোঽয়ং যস্য স তথা। জনিতঃ পরমানন্দে স্বগুরু সতীর্থে পরিব্রাজি গরিমা গুরুভাবো যেন সঃ। জগদবিদ্যা হরণাদ্ধরিঃ। এতদেবাহ দীনেতি। দীনানাধ্যাত্মিকাদি তাপতস্তান্নুদ্ধর্ত্তুং শীলং যস্যেতি তথা। গজপতাবুৎকলাধীশে নৃপেন্দ্রে যঃ কৃপোৎসেকঃ কারুণ্য ধারয়াভিষেচনং তত্র তরলঃ সত্বরঃ। শ্লেষেণ হরিঃ সিংহোপি গজরাজে স কৃপয়তু ইতি বিরুদ্ধাভাসোলঙ্কারঃ। তেনাদ্ভুত সিংহত্বং ব্যজতে। কৃষ্ণপক্ষে জগত্যতুল স্বরূপং শ্রীবিগ্রহং

প্রেমসার, সেই শ্রীচৈতন্যদেবকে আবার কি আমি দেখিতে পাইব ? ॥ ২ ॥

যিনি জগতে স্বরূপ নামক প্রিয় পার্ষদকে কৃপামৃত বর্ষণে পুষ্ট করিয়াছেন, যিনি অদ্বৈতাচার্য্যের প্রিয়, যিনি পরমানন্দ নামক জনৈক সন্ন্যাসীর গৌরব বৃদ্ধি করিয়াছেন, ও যিনি জগতের মায়া হরণ ও দীনগণকে দুঃখ পঙ্ক হইতে উদ্ধার করিতেছেন এবং যিনি কলিঙ্গাধিপতি মহারাজ গজপতি প্রতাপরুদ্রের প্রতি করুণামৃত বর্ষণে ব্যগ্র হইয়াছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নগোচর হইবেন ? ॥

(এই শ্লোকের শ্রীকৃষ্ণপক্ষে আর একটী অর্থ আছে)

যিনি জগতে স্বরূপ অর্থাৎ অপূর্ব্ব শ্রীবিগ্রহ ধারণ করিয়া

হরির্দীনোদ্ধারী গজপতিকৃপোৎসেক তরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৩ ॥
রসোদ্দামা কামার্ব্বুদমধুরধামোজ্জ্বলতনু
র্যতীনামুত্তংসস্তরণিকরবিদ্যোতিবসনঃ।

বিভ্রাণো ধারয়ন্ প্রকটয়ন্নিতি যাবৎ। ন তস্য প্রতিশাস্তীতি শ্রুতেঃ। অদ্বৈতং নানা রূপত্বেপি ভেদাভাব স্তদ্দয়িতং প্রিয়ং যস্য সঃ। একোপি সন্ বহুধা যোবি-ভাত্যেকং সন্তং বহুধা দৃশ্যমানমিতি শ্রুতেঃ। একতামজহদেব নানা রূপ ইত্যর্থঃ। প্রপন্নায়াঃ পাদসেবিন্যাঃ শ্রিয়ো লক্ষ্ম্যা নিবাসঃ সমাশ্রয়ঃ। জনিতঃ স্বজন্মনা প্রাদুর্ভাবিতঃ পরমানন্দ গরিমা নিঃসীমাতিশয়ঃ সুখরাশি র্যেন সঃ। গজপতির্গ্রাহগ্রস্তো গজেন্দ্রঃ স্ফুটার্থ মন্যৎ। শব্দার্থশ্লেষয়োঃ সঙ্করোহয়ং ॥ ৩ ॥

রসৈর্ভক্তিসুখস্বাদৈ রুদ্দামাতিমত্তঃ। রসো গন্ধরসে স্বাদে ইতি বিশ্বঃ। কামার্ব্বুদস্যেব মধুরং স্বাদু যদ্ধাম মোহন প্রভাব স্তেনোজ্জ্বলা তনুর্যস্য সঃ। মধুরঃ সুরসে পুংসি মধুরস্তু বিষান্তরে। মধুরো রসবৎ স্বাদু প্রিয়েষু ত্রিষু বাচ্য-বদিতি বিশ্বলোচনকারঃ। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্ম প্রভাবয়োরিতি বিশ্বঃ। অতিমোহনমূর্ত্তিরিত্যর্থঃ। যতীনাং সন্ন্যাসিনামুত্তংসঃ শিরোভূষণঃ।

দ্বৈতভাবে অর্থাৎ যুগল ভাবে অবস্থান করিতে ভাল বাসেন, সর্ব্বদা চরণ সেবা করিব বলিয়া শ্রীলক্ষ্মী যাঁহার নিকট বিরাজ করিতেছেন, যিনি জন্ম হেতু জগতের অসীম আনন্দ বর্দ্ধন করিয়াছেন, এবং যিনি গ্রাহগ্রস্ত গজেন্দ্রের মোক্ষণে অতিশয় ব্যস্ত হইয়াছিলেন, সেই চৈতন্য রূপ হরি কি আমার লোচন পথের পথিক হইবেন? ॥ ৩ ॥

ভক্তিরসাস্বাদনে যিনি উন্মত্ত, অর্ব্বুদ সংখ্যক অনঙ্গের কান্তির ন্যায় যাঁহার শরীর কান্তি, যিনি সন্ন্যাসীগণের শিরো-ভূষণ, প্রভাত কালের সূর্য্যের কিরণের ন্যায় অরুণ বর্ণ যাঁহার

হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিকরুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৪ ॥
হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত রসনো নাম গণনা
কৃতগ্রন্থিশ্রেণী সুভগকটিসূত্রোজ্জ্বলকরঃ।
বিশালাক্ষো দীর্ঘার্গলযুগলখেলাঞ্চিতভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৫ ॥

তরণিকরাঃ প্রাভাতিক সূর্য্যকিরণা স্তদ্বদ্বিদ্যোতীনি দীপ্তিমন্তি বসনানি যস্য সঃ গৈরিকারক্ত বস্ত্র ইত্যর্থঃ। আঙ্গিকরুচা অবয়ব কান্ত্যা হিরণ্যানাং সুবর্ণানাং লক্ষ্মীভরং শোভাতিশয়ং অভিভবং স্তিরস্কুর্ব্বন্। স্যুঃ প্রভারুগ্রুচি স্তিড্ভা-ভাশ্ছবি দ্যুতি দীপ্তয় ইত্যমরঃ ॥ ৪ ॥

হরে কৃষ্ণেতি মন্ত্র প্রতীক গ্রহণং। ষোড়শ নামাত্মনা দ্বাত্রিংশ দক্ষরেণ মন্ত্রেণোচ্চৈরুচ্চারিতেন স্ফুরিতা কৃতনৃত্যা রসনা জিহ্বা যস্য সঃ। নাম্নামু-চ্চারিতানাং গণনায়ৈ কৃতা যা গ্রন্থিশ্রেণী তয়া সুভগং সুন্দরং কটিসূত্রং তেন তদঞ্চলেনোজ্জ্বলঃ করোবামহস্তো যস্য সঃ। বিশালাক্ষঃ কর্ণান্ত নেত্রঃ। দীর্ঘং যদর্গল যুগলং তস্য খেলয়া বিলাসেনাঞ্চিতৌ ভুজৌ যস্য স আজানুবাহু-রিত্যর্থঃ। অর্গলা পরিঘঃ স্মৃত ইতি হলায়ুধঃ। নিদর্শনালঙ্কারঃ ॥ ৫ ॥

বসন, এবং যিনি শরীর কান্তি দ্বারা সুবর্ণরাশির প্রচুর শোভা-কেও পরাভব করিতেছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন ? ॥ ৪ ॥

উচ্চৈঃস্বরে হরেকৃষ্ণ নাম উচ্চারণ করিতে যাঁহার জিহ্বা নৃত্য করিতে থাকে ও উচ্চারিত নামের গণনার নিমিত্ত গ্রন্থী-কৃত কটী সূত্রে যাঁহার সুন্দর বামহস্ত সুশোভিত, যিনি বিশাল নয়ন ও আজানুলম্বিত বাহু, সেই চৈতন্যদেব কি পুনর্ব্বার আমার নয়ন পথের পথিক হইবেন ? ॥ ৫ ॥

পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী কলনয়া
মুহুর্ব্বন্দারণ্য স্মরণ জনিত প্রেমবিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৬ ॥
রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচলপতে
রদভ্রপ্রেমোর্ম্মিস্ফুরিত নটনোল্লাসবিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত তনু র্বৈষ্ণবজনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং ॥ ৭ ॥

পয়োরাশেঃ সমুদ্রস্য তীরে তটে স্ফুরন্তীনামুপবনালীনামারাম পঙ্‌ক্তীনাং কলনয়া বীক্ষয়া যন্মুহু র্বৃন্দারণ্য স্মরণং তজ্জনিতেন প্রেম্না বিবশোঽধৈর্য্যং গতঃ। ক্বচিৎ স্থানে কৃষ্ণাবৃত্ত্যা কৃষ্ণেতি নাম্নোঽসকৃৎ কীর্ত্তনেন প্রচলা রসনা জিহ্বা যস্য সঃ যস্মাৎ ভক্তিরসিকঃ ॥ ৬ ॥

রথারূঢ়স্য নীলাচলপতেঃ শ্রীজগন্নাথস্য আরান্নিকটে। আরাদ্দূর সমীপয়োরিত্যমরঃ। অধিপদবি পথি বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। অদভ্রেণ মহতা প্রেমোর্ম্মিণা স্ফুরিতো যো নটনোল্লাসো নৃত্যাতিশয়স্তেন বিবশঃ। পুরুহং পুষ্কলং পুষ্টমদভ্রমভিধীয়ত ইতি হলায়ুধশ্চ। স্ফুটমন্যৎ ॥ ৭ ॥

সমুদ্রতটে উপবন সমূহ পুনঃ পুনঃ দর্শন করিয়া তখনি বৃন্দাবন স্মরণ হওয়ায় প্রেমভরে যিনি অধৈর্য্য হইতেন, এবং কোথাও বা অনবরত কৃষ্ণনাম কীর্ত্তন হেতু যাঁহার রসনা নিয়ত চঞ্চল হইতেছে, সেই ভক্তিরসাস্বাদনকারী শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নপথে আবির্ভূত হইবেন ? ॥ ৬ ॥

রথারূঢ় শ্রীজগন্নাথদেবের সম্মুখবর্ত্তী পথ মধ্যে বৈষ্ণব-

ভুবং সিঞ্চন্নশ্রুশ্রুতিভিরভিতঃ সান্দ্রপুলকৈঃ
পরীতাঙ্গো নীপস্তবক নবকিঞ্জল্কজয়িভিঃ।
ঘনস্বেদস্তোমস্তিমিততনুরুৎকীর্ত্তনসুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং॥ ৮॥
অধীতে গৌরাঙ্গস্মরণপদবীমঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ স্ফুরদমলধীরষ্টকমিদং।

অশ্রুশ্রুতিভি র্নয়নাম্বুধারাভির্ভুবং সিঞ্চন্। সান্দ্রপুলকৈ র্নিবিড় রোমাঞ্চৈরভিতঃ পরীতাঙ্গো ব্যাপ্তাবয়বঃ। পুলকান্ বিশিনষ্টি নীপেতি। কদম্বগুচ্ছ কেশর পরাভববিভিরিত্যর্থঃ। ভূলঞ্চ নীপ প্রিয়ক কদম্বাস্ত হরিপ্রিয়ে ইতি। স্যাদ্‌গুচ্ছকস্ত স্তবক ইতি। কিঞ্জল্কঃ কেশরোঽস্ত্রিয়ামিতি চামরঃ। ঘনেন নিবিড়েন স্বেদস্তোমেন স্তিমিতার্দ্রা তনুর্যস্য সঃ॥ ৮॥

অষ্টকপাঠফলমাহ। অধীত ইতি। যঃ কৃতী বিদ্বান্ জনশ্চৈতন্যদেব স্যেদমষ্টকমধীতে পঠতি তস্য তদমল পদাম্ভোজ যুগলে প্রেমলহরী পরিস্ফুরতু

গণ মহানন্দে নাম সঙ্কীর্ত্তন আরম্ভ করিলে যিনি তৎসঙ্গী হইয়া মহা প্রেম তরঙ্গে নাচিতে নাচিতে বিবশ হইতেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৭ ॥

যিনি সঙ্কীর্ত্তনানন্দে নিমগ্ন হইলে অবিরত তদীয় অশ্রু ধারায় ধরাতল অভিষিক্ত হইত এবং কদম্ব কুসুমের কেশরের ন্যায় যাঁহার সর্ব্বাঙ্গ পুলকে পরিব্যাপ্ত হইত ও নিবিড় ঘর্ম্ম জালে যাঁহার সর্ব্ব শরীর আর্দ্র হইত, সেই শ্রীচৈতন্য দেব পুনর্ব্বার কি আমার নয়ন পথে আরূঢ় হইবেন? ॥ ৮ ॥

পরানন্দে সদ্যস্তদমলপদাম্ভোজযুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য প্রথমাষ্টকং সমাপ্তং।

ভবতাদিদিতি তং প্রত্যাশীঃ প্রদানং। অষ্টকং বিশিনষ্টি। গৌরাঙ্গেতি। চৈতন্য ধ্যান সাচিব্য কৃদিত্যর্থঃ কৃতিনং বিশিনষ্টি। বিশ্রম্ভেতি বিশ্বাস ভ্রাজমান বিশুদ্ধ বুদ্ধিরিত্যর্থঃ। বিশ্রম্ভঃ কেলিকলহে বিশ্বাসে প্রণয়েপিচ ইতি মেদিনী। পরিস্ফারা বিস্তীর্ণা। অস্মিন্ পরস্মিংশ্চাষ্টকে শিখরিণীচ্ছন্দঃ। রসৈরুদ্রৈশ্ছিন্না যমনস ভলাগঃ শিখরিণীতি তল্লক্ষণং। ছন্দসি গণাশ্চ বোধ্যাঃ। ম্রর্ব্বগুরুর্ম্মঃ কথিতো ভজসা গুর্ব্বাদি মধ্যান্তাঃ। ছন্দসি নঃ সর্ব্বলঘু র্যরতালঘ্বাদি মধ্যান্তা ইতি বর্ণচ্ছন্দসি গণাঃ। জ্ঞেয়াঃ সর্ব্বাদি মধ্যান্ত গুরবোঽত্র চতুষ্কলাঃ। গণাশ্চতুর্লঘূপেতাঃ পঞ্চার্য্যাদিষু সংস্থিতা ইতি মাত্রা ছন্দসিচ তে বোধ্যাঃ ইতি ॥ ৯ ॥

ইতি প্রথমং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং।

যে বিদ্বান্ ব্যক্তি ভক্তি সহকারে বিশুদ্ধান্তঃকরণে চৈতন্য দেবের স্মরণ পদ্ধতি স্বরূপ এই অষ্টক পাঠ করিবেন, তাঁহার আনন্দময় সেই চৈতন্যদেবের পাদপদ্ম যুগলে প্রেম লহরী উচ্ছলিত হউক এই মাত্র প্রার্থনা করি ॥ ৯ ॥

ইতি প্রথম অষ্টক সমাপ্ত।

——০:*:০-

শ্রীবৃন্দাবনেশ্বর্য্যৈ নমঃ।

দিশি দিশি রচয়ন্তীং সঞ্চরন্নেত্রলক্ষ্মী
বিলসিত খুরলীভিঃ খঞ্জরীটস্য খেলাং।

অথাষ্টকেন শ্রীরাধাং স্তবীতি।

দিশি দিশি ইত্যাদিনা রাধিকামহমর্চ্চয়ামীত্যন্বয়ঃ। কীদৃশীমিত্যাহ সঞ্চরন্তী প্রসরন্তী যা নেত্রয়োর্লক্ষ্মী শোভা সম্পৎ তস্যাং বিলসিতায়াঃ খুরল্যো বিলোকন পটুতা লক্ষণা অভ্যাসাঃ তাভিঃ খঞ্জরীটস্য খঞ্জনস্য খেলাং দিশি দিশি রচয়ন্তীং। খঞ্জরীটস্তু খঞ্জন ইত্যমরঃ। যস্যাং দিশি নেত্রে নিক্ষিপতি সা দিক্ খঞ্জনমালয়েব নিচিতা ভবতীত্যর্থঃ হৃদয়েতি। মধুপস্য মল্লীমিব হরিহৃদয়স্যানন্দিনীমিত্যর্থঃ। অত্রান্যং প্রতিপরামর্ষঃ। নমু কৃষ্ণযুবত্যাঃ শ্রীরাধায়াঃ পূজা কথং পুংসা সংপাদ্যেতি চেৎ। স্ত্রীরূপেণেতি গৃহাণ। নমু পুংসঃ স্ত্রীরূপং কথমিতি চেদ্ভাবনয়েতি প্রতীহি। নহি বিরুদ্ধমিদং ভাবনং। অস্য চৈতন্যং খলু জীবাত্মনঃ স্বরূপং ন তস্য পুরুষাদ্যাকারকত্বং কিন্তু তদ্দেহস্যৈব প্রাকৃতস্য। নৈব স্ত্রী ন পুমানেষ নচৈবায়ং নপুংসকঃ। যদযচ্ছরীরমাদত্তে তেন তেন স যুজ্যতে ইতি শ্বেতাশ্বতরশ্রুতেঃ। দেহবিগমেতু ভাবনানুসারিণা হরিসঙ্কল্পেন বিজ্ঞানানন্দাত্মক স্ত্রীবিগ্রহলাভেন কিঞ্চিদনুপপন্নং। যথা ক্রতুরস্মিল্লোঁকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতীতি ছান্দোপবাক্যাৎ। যাদৃশী

যাঁহার কোন দিকে দৃষ্টিপাত হইলে বোধ হয় যেন সেই দিকে খঞ্জনমালা খেলা করিতেছে, অর্থাৎ খঞ্জনের ন্যায় যাঁহার নয়ন দ্বয়, যিনি শ্রীকৃষ্ণের চিত্তরূপ ভ্রমরের মল্লিকা

হৃদয়মধুপমল্লীং বল্লবাধীশসূনো
রখিলগুণগভীরাং রাধিকামর্চ্চয়ামি ॥ ১ ॥
পিতুরিহ বৃষভানোরন্ববায় প্রশস্তিং
জগতি কিল সমস্তে সুষ্ঠু বিস্তারয়ন্তীং।
ব্রজনৃপতিকুমারং খেলয়ন্তীং সখীভিঃ
সুরভিনি নিজকুণ্ডে রাধিকামর্চ্চয়ামি ॥ ২ ॥

ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশীতি স্মৃতেশ্চেতি। অতএব মুক্তং বৃহদ্বামনপুরাণে। স্ত্রিয়ো বা পুরুষো বাপি ভর্ত্তৃভাবেন কেশবং। হৃদি কৃত্বা গতিং যান্তি শ্রুতীনাং নাত্র সংশয় ইতি ॥ ১ ॥

পিতৃকুলোৎকীর্ত্তিকারিতাং বর্ণয়ন্ শ্রীরাধাং বিশিনষ্টি। পিতুরিতি। ইহ সমস্তে জগতি বৃষভানোঃ পিতুরন্বরায় প্রশস্তিং বংশশ্লাঘাং বিস্তারয়ন্তীং স্বজন্মনা প্রথ্যাপয়ন্তীমিত্যর্থঃ। বংশোন্ববায়ঃ সন্তান ইত্যমরঃ ব্রজনৃপতের্নন্দস্য কুমারং শ্রীকৃষ্ণং স্বকান্তং সখীভি র্ললিতাদিভিঃ সার্দ্ধং সুরভিণি কুসুম পরাগৈঃ সুগন্ধিতে নিজকুণ্ডে খেলয়ন্তীং জলৈরভিষিঞ্চন্তীমিত্যর্থঃ ॥ ২ ॥

পুষ্পম স্বরূপ এবং অশেষ গুণের আশ্রয় হেতু যিনি গভীর প্রকৃতি, সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ১ ॥

যিনি এই নিখিল জগতে স্বীয় পিতা বৃষভানুর বংশ শ্লাঘা বিস্তার করিতেছেন এবং যিনি নানাপ্রকার জলজপুষ্পে সুগন্ধিত নিজ বিলাসস্থান শ্রীরাধাকুণ্ডে সখীগণে মিলিত হইয়া শ্রীকৃষ্ণের সহিত জলক্রীড়া করিতেছেন, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ২ ॥

শরদুপচিতরাকা কৌমুদীনাথকীর্ত্তি
প্রকর দমন দীক্ষা দক্ষিণস্মেরবক্ত্রাং।
নটদঘভিদপাঙ্গোত্তুঙ্গিতা নঙ্গরঙ্গাং
কলিতরুচিতরঙ্গাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৩ ॥
বিবিধকুসুমবৃন্দোৎফুল্লধম্মিল্লধাটী
বিঘটিত মদঘূর্ণৎ কেকিপিঞ্ছপ্রশস্তিং।

অনুপম মুখমণ্ডলাতমতিমাধুর্য্যাধারতাং চ বর্ণয়ন্ বিশিনষ্টি শরদিতি। শরদ্যুপচিতো বৃদ্ধিমান্ যো রাকাকৌমুদীনাথস্য পূর্ণচন্দ্রস্য নিখিলতমো নির্ম্মলতা লক্ষণঃ কীর্ত্তিপ্রকরস্তস্য দমনদীক্ষায়াং দক্ষিণং নিপুণং স্মেরবক্ত্রং সস্মিতমুখং যস্যাস্তাং। দক্ষিণস্তু পরচ্ছন্দানুবর্ত্তিনি দক্ষেঽপসব্যে সবলে ইতি হৈমঃ। নটতোঽঘভিদোহরেরপাঙ্গেনোত্তুঙ্গিতোঽনঙ্গরঙ্গোযস্যাস্তাং। কলিতো রুচীনাং কান্তীনাং তরঙ্গো যয়া তাং ॥ ৩ ॥

অথ সম্ভোগান্তজাং শোভাং বর্ণয়ন্ বিশিনষ্টি বিবিধেতি। বিবিধৈঃ কুসুম বৃন্দৈরুৎফুল্লো যো ধম্মিল্লস্তেন যা ধাটী বলাদাক্রান্তি স্তয়া বিঘটিতা তুচ্ছীকৃতা মদেন ঘূর্ণতঃ কেকিনঃ পিঞ্ছপ্রশস্তির্যয়া তাং। কুসুমিতেন সম্ভোগ

যিনি মন্দ মন্দ হাস্য যুক্ত বদন মণ্ডল দ্বারা শরৎ কালীন সুবিমল চন্দ্রের শোভাও তিরস্কার করিয়াছেন, শ্রীকৃষ্ণের চঞ্চল অপাঙ্গ দ্বারা যাঁহার অনঙ্গ রঙ্গ পরিবর্দ্ধিত হয় এবং যিনি শ্রীঅঙ্গে লাবণ্যের তরঙ্গ ধারণ করিতেছেন সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৩ ॥

নানাবিধ পুষ্প শোভিত কেশপাশ দ্বারা যিনি শিখণ্ড গর্ব্বে গর্ব্বিত শিখণ্ডিগণের গর্ব্ব খর্ব্ব করিতেছেন, শ্রীকৃষ্ণ

মধুরিপু মুখবিম্বোদ্গীর্ণতাম্বুলরাগ
স্ফুরদমল কপোলাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৪ ॥
অমলিন ললিতান্তঃ স্নেহসিক্তান্তরঙ্গা
মখিলবিধবিশাখা সখ্যবিখ্যাতশীলাং।
স্ফুরদঘভিদনর্ঘ প্রেমমাণিক্যপেটীং
ধৃতমধুরবিনোদাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৫ ॥

শস্তেন কেশ পাশেন ময়ূরপিঞ্ছ ততিমপকর্ষন্তীমিত্যর্থঃ। বলাদাক্রমণং ধাটীত্যমরঃ। মধুরিপোর্মুখবিম্বাদুদ্গীর্ণো যস্তাম্বূলরাগ স্তেন স্ফুরন্নমলঃ কপোলো যস্যা স্তাং। তচ্চুম্বন লগ্ন তদ্রাগ বিদ্যোতমান গণ্ডামিত্যর্থ ॥ ৪ ॥

স্বসখী স্বনায়ক প্রেমৈক পাত্রতাং বর্ণয়ন্ বিশিনষ্টি। অমলিনেতি॥ অমলিন স্তদেক সৌখ্য পর্য্যবসানকত্বেনাত্যুজ্জ্বলো যো ললিতান্তঃ স্নেহ স্তেন সিক্তমন্তরঙ্গং চিত্তং যস্যাস্তাং। অখিল বিধেন বিশাখায়াঃ সখ্যেন বিখ্যাতং শীলং সদ্বৃত্তং যস্যা স্তাং। স্ফুরন্তি যাঅঘভিদঃ অনর্ঘ প্রেমমাণিক্যানি তেষাং পেটীং সম্পুটিকাং। সমুদ্গঃ সম্পুটঃ পেটীতি হৈমঃ ॥ ৫ ॥

কর্তৃক মুখচুম্বন হেতু যাঁহার সুন্দর গণ্ডদেশ তাম্বুলরাগে ঈষৎ রঞ্জিত, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৪ ॥

যাঁহার অন্তঃকরণ ললিতার সুনির্ম্মল আন্তরিক স্নেহে অভিষিক্ত, বিশাখার সহিত বহুবিধ সখ্যভাব থাকায় যাঁহার সুস্বভাব জগদ্বিখ্যাত, যিনি শ্রীকৃষ্ণের অমূল্য প্রেমরূপ মাণিক্যের পেটিকা (পেটরা), মাধুর্য্য বিনোদিনী সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৫ ॥

অতুলমহসি বৃন্দারণ্যরাজ্যেঽভিষিক্তাং
নিখিল সময় ভর্ত্তুঃ কার্ত্তিকস্যাধিদেবীং ।

অথ বৃন্দাবনাধিপাত্বং বর্ণয়ন্ শ্রীরাধাং বিশিনষ্টি অতুলেতি। আকাশ বাক্ প্রবৃত্তায়া মহাযোগেশ্বর্য্যাঃ পৌর্ণমাস্যা নিদেশাদাগতাভিরেকানংশা সংজ্ঞা ছায়া সৌরী গঙ্গাভিঃ পঞ্চভি র্দেবীভিব্র্ব্রহ্মাণীন্দ্রাণী প্রভৃতিভ্যঃ পদ্ম স্রক্ সুবর্ণ সিংহাসন রত্নালঙ্কারচ্ছত্র চামর দুকুলেষু গীর্দেব্যা সমানীতেষু নভসি দেবদুন্দুভিনাদতুম্বুরাদি গন্ধর্ব্ব গানোর্ব্বশ্যাপ্সরো নৃত্যেষুচ প্রবৃত্তেষু সৎসু শুভ মুহূর্ত্তে মহতি সমাজে সর্ব্বেশ্বরস্য কৃষ্ণস্য সাক্ষাদেব বৃন্দাবনরূপে রাজ্যেঽভিষিক্তাং। তাভিঃ পঞ্চভিঃ সুবর্ণপট্টমারোপ্য মণিকুম্ভ নিভৃতৈর্দিব্যৌষধিরসৈ রভিষিচ্য তদ্রাজ্যাধিকারায় দত্ততিলকাং গীর্দেবীনিবেদিত ব্রহ্মণ্যাদি প্রেষিতোপহারাং বৃন্দার্পিত রাজ্যভারাং মাধবমিত্রসহায়াং বৃন্দাবন-রাজ্যাধীশ্বরীমিত্যর্থঃ। আকাশবাগিয়ং বৈধসী কৃষ্ণহেতুকা বোধ্যা। অথ পঞ্চযোজন মাত্রেণ বৃন্দাবনরাজ্যেন ভগবৎপ্রেয়সীবর্গ বরিষ্ঠায়াঃ শ্রীরাধা-দেব্যাঃ কোয়মুৎকর্ষ ইতি শঙ্কামুৎসাদয়িতুং বৃন্দাবন রাজ্যং বিশিনষ্টি। অতুলেতি। কোণৈক দৃষ্ট ব্রহ্মাণ্ড কোটিকত্বাদ্বৈকুণ্ঠগরিষ্ঠ মাথুরোক্ত-মত্বাচ্চাতুলং নিরুপমং মহঃ প্রভাবঃ সর্ব্বদা বসন্ত সেবিতত্বাদানন্দময় সকান্ত সৈশ্বর্য্যাধিষ্ঠিতত্বাচ্চোৎসবশ্চ যস্য তস্মিন্। মহশ্চোৎসব তেজসো-রিতি নানার্থবর্গঃ। তথাচেদৃগ্রাজ্যাধিপত্যাৎ পরাকাষ্ঠাপর স্তদুৎকর্ষ ইতি ভাবঃ। কথাচেয়মার্ষী দানকেলিকৌমুদ্যাং নিবদ্ধা দ্রষ্টব্যা। অতো ভগবৎ পট্টমহিষীত্বং ব্যঞ্জয়ন্ বিশিনষ্টিনিখিলেতি। যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ। তস্যায়ং তাদৃশোমাসঃ স্বল্পমপ্যুপকারক ইতি পাদ্ম-বাক্যাৎ কার্ত্তিকস্য তাদৃশত্বং। তস্যাধিদেবীমূর্জ্জেশ্বরীমিত্যর্থঃ অতঃ কার্ত্তিকে

যিনি অতুল প্রভাব বৃন্দাবন রাজ্যের অধীশ্বরী নিখিল সময়ের অধিপতি কর্ত্তিক মাসের যিনি অধিষ্ঠাত্রী দেবী স্বরূপ, শ্রীকৃষ্ণের অসঙ্খ্য প্রেয়সীগণের মধ্যে যিনি শ্রেষ্ঠা,

অপরিমিত মুকুন্দপ্রেয়সীবৃন্দমুখ্যাং
জগদঘহরকীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৬ ॥
হরিপদ নখকোটী পৃষ্ঠপর্য্যন্তসীমা
তটমপি কলয়ন্তীং প্রাণকোটেরভীষ্টং।
প্রমুদিত মদিরাক্ষী বৃন্দবৈদগ্ধিদীক্ষা
গুরুমতি গুরুকীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৭ ॥

দামোদর পূজায়াং সৈবতৎ সহভাবেন পূজ্যাভিহিতা। অতোঽপরিমিতেতি। যথা রাধাপ্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা। সর্ব্ব গোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ইতি পাদ্মবাক্যাৎ। যস্যা অংশে লক্ষ্মী দুর্গাদিকা শক্তিরিতি মহালক্ষ্মীত্বব্যাহারিণী শ্রুতিস্তু তত্তৎ সর্ব্বাংশেষুদাহৃতি রবগন্তব্যা ॥ ৬ ॥

পাতিব্রত্যং দর্শয়ন্ বিশিনষ্টি হরীতি। হরিপদনখানাং যাঃ কোট্যো প্রাণি যানিচ তেষাং পৃষ্ঠানি তৎপর্য্যন্তায়াঃ সীমায়াস্তটমেকদেশমপি নখকোট্যন্তং নখ পৃষ্টান্তং বেত্যথঃ। প্রাণকোটেরপি সকাশাদভীষ্টং শ্রেষ্ঠং কলয়ন্তীং জানন্তীং প্রমুদিতানাং মদিরাক্ষীবৃন্দানাং গোপসুভ্রূনিকরাণাং বৈদগ্ধ্য দীক্ষা বাক্ কলাভ্যাসোপদেশে গুরুমাচার্য্যামিত্যর্থঃ ॥ ৭ ॥

এবং যাঁহার লীলা নিখিল পাপনাশিনী, সেই মাধুর্য্য বিনোদিনী শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৬ ॥

যিনি শ্রীকৃষ্ণের পাদপদ্মস্থ নখপ্রান্তকে প্রাণের অভীষ্ট বলিয়া জ্ঞান করেন অর্থাৎ কৃষ্ণগতপ্রাণ কৃষ্ণ বৈ আর কিছু যিনি জানেন না, যিনি নিখিল ব্রজরমণীগণের বাক্যচাতুর্য্য শিক্ষার গুরু, সেই বিপুল কীর্ত্তি শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৭ ॥

অমলকনক পট্টোদ্‌ঘৃষ্ট কাশ্মীরগৌরীং
মধুরিমলহরীভিঃ সংপরীতাং কিশোরীং।
হরিভুজপরিরব্ধাং লব্ধরোমাঞ্চপালিং
স্ফুরদরুণদুকূলাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৮ ॥
তদমল মধুরিম্নাং কামমাধাররূপং
পরিপঠতি বরিষ্ঠং সুষ্ঠু রাধাষ্টকং যঃ।

মাধুর্য্যং বর্ণয়ন্ বিশিনষ্টি অমলেতি। অমলে কনকপট্টে সৌবর্ণ পেষণ পাষাণে উদ্‌ঘৃষ্টং পিষ্টং যৎ কাশ্মীরং কুঙ্কুমং তদিব গৌরীং। পট্টঃ পেষণ-পাষাণে ইতি বিশ্বলোচনকারঃ। মধুরিমেতি। বিদ্যুন্মলামিবোচ্ছলিত রূপা মিত্যর্থঃ। কিশোরীং নিত্যকৈশোরাং। স্ফুটার্থমন্যৎ ॥ ৮ ॥

অষ্টক পাঠফলমাহ তদিতি। যোজনো রাধাষ্টকং নিত্যং পঠতি। সুষ্ঠু সৌস্বর্য্যেণ। তস্যাভীষ্টং বাঞ্ছিতং তস্যাঃ প্রেয়ান্ কৃষ্ণ স্তুষ্টঃ সন্ তনোতি প্রযচ্ছতী ত্যন্বয়ঃ। ' অষ্টকং বিশিনষ্টি। তস্যা রাধায়া যেঽমলা বিশুদ্ধা মধুরিমাণঃ স্বরূপগুণ বিভূতি গতা মনোজ্ঞতা তেষা মাধার রূপমাশ্রয়ং প্রকাশক মিত্যর্থঃ। উহ্যং কৃষ্ণং তদসাধারণেন বিশেষণেন প্রকাশয়ত্যহিমেতি। অহিম কিরণস্য

কনক কষপাষাণে [কষ্টিপাথর] ঘৃষ্ট কুঙ্কুমের ন্যায় যিনি গৌরাঙ্গী, যাঁহার শ্রীঅঙ্গ মাধুর্য্যতরঙ্গে পরিব্যাপ্ত, যিনি শ্রীকৃষ্ণের বাহুদ্বারা আলিঙ্গিত হইলে তৎমুহূর্ত্তেই পুলকিত-তনু হন, সুন্দর অরুণ বর্ণ যাঁহার বসন সেই কিশোরী শ্রীরাধিকাকে আমি পূজা করি ॥ ৮ ॥

শ্রীরাধিকার স্বরূপ গুণ বিভূতি পূর্ণ এই উৎকৃষ্ট অষ্টক

অহিমকিরণপুত্রীকূলকল্যাণচন্দ্রঃ
স্ফুটমখিলমভীষ্টং তস্য তুষ্টস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীরাধাষ্টকং।

শ্রীরাধিকায়ৈ নমঃ।

শুদ্ধগাঙ্গেয়গৌরাঙ্গীং কুরঙ্গীলঙ্গিমেক্ষণাং।
জিতকোটীন্দুবিম্বাস্যামম্বুদাম্বরসংবৃতাং ॥ ১ ॥

রবেঃ পুত্র্যাঃ শ্রীযমুনায়াঃ কূলে তত্তট বর্ত্তিনি বৃন্দাবনে কল্যাণচন্দ্রঃ সর্ব্বদা পূর্ণ বিধুরিত্যর্থঃ। অষ্টকস্য মালিনীচ্ছন্দঃ।

ইতি শ্রীরাধাষ্টকং ব্যাখ্যাতং।

অথ প্রার্থনয়া রাধাং প্রসাদয়তি শুদ্ধেত্যাদিকয়া। হে বৃন্দাবনেশ্বরি অসৌ জনস্ত্বাং যাচত ইতি পঞ্চম শ্লোকেনান্বয়ঃ। ত্বাং কীদৃশীমিত্যাহ। শুদ্ধানি যানি গাঙ্গেয়ানি স্বুবর্ণানি তেভ্যোপি গৌরাণ্যঙ্গানি যস্যাস্তামিত্যাধিক পদতা নিরস্তা। কুরঙ্গ্যা হরিণ্যা ইব লঙ্গিমে মনোজ্ঞে ঈক্ষণে নেত্রে যস্যা স্তাং। জিতাঃ কোটয়ঃ ইন্দুবিম্বা যেন তাদৃশমাস্যং বস্যাস্তাং। অম্বুদ তুল্যেনাম্বরেণ বাসসা সংবৃতাং ॥ ১ ॥

যিনি সর্ব্বদা পাঠ করেন, বৃন্দাবনচন্দ্র শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইয়া তাঁহার সর্ব্বাভীষ্ট পরিপূর্ণ করেন ॥ ৯ ॥

অথ প্রার্থনাপদ্ধতি।

হে বৃন্দাবনেশ্বরি! তুমি তপ্ত কাঞ্চনের ন্যায় গৌরাঙ্গী, কুরঙ্গীর ন্যায় মনোহর তোমার নয়ন, তোমার মুখমণ্ডল কোটি পরিমিত চন্দ্রকেও পরাজিত করিয়াছে, নবনীরদের ন্যায় নীলাম্বরে তুমি সুশোভিত ॥ ১ ॥

নবীনবল্লবীবৃন্দ ধম্মিল্লোৎফুল্লমল্লিকাং।
দিব্যরত্নাদ্যলঙ্কারসেব্যমানতনুশ্রিয়ং॥ ২॥
বিদগ্ধামণ্ডলগুরুং গুণগৌরবমণ্ডিতাং।
অতিপ্রেষ্ঠবয়স্যাভিরষ্টাভিরভিবেষ্টিতাং॥ ৩॥
চঞ্চলাপাঙ্গভঙ্গেন ব্যাকুলীকৃতকেশবাং।
গোষ্ঠেন্দ্রসুতজীবাতুরম্যবিম্বাধরামৃতাং॥ ৪॥
ত্বামসৌ যাচতে নত্বা বিলুঠন্ যমুনাতটে।

নবীনেতি স্ফুটার্থং॥ ২॥
বিদগ্ধেতি। গুণাঃ সৌহার্দ্দমার্দ্দবাদয়ঃ॥ ৩॥
চঞ্চলাপাঙ্গভঙ্গেন চপলকটাক্ষতরঙ্গেণ॥ ৪॥
ত্বামিতি। অসৌ মল্লক্ষণো জনস্ত্বাং কাকুভির্গদ্গদবাগ্‌ভির্যাচতে॥ ৫॥

তুমি যাবতীয় গোপিকাগণের শিরোভুষণ মল্লিকাকুসুম স্বরূপ, রমণীয় রত্নাদি অলঙ্কারে তোমার শ্রীঅঙ্গ সুশোভিত॥ ২॥

বিদগ্ধা অর্থাৎ যাবতীয় সুচতুরা গোপীগণের মধ্যে তুমি শ্রেষ্ঠা এবং অশেষ গুণগৌরবে সুশোভিতা, তুমি অতিপ্রিয়তম অষ্ট সখীতে পরিবেষ্টিত॥ ৩॥

তুমি অপাঙ্গ ভঙ্গী দ্বারা শ্রীকৃষ্ণকে ব্যাকুলিত কর, ত্বদীয় অতি মনোহর অধর বিম্বামৃত ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের জীবনৌষধি স্বরূপ॥ ৪॥

হে শ্রীমতি! আমি ব্যাকুলহৃদয়ে যমুনাতটে লুণ্ঠিত কলেবর হইয়া তোমাকে প্রণাম পূর্ব্বক কাকু বাক্যে এই প্রার্থনা করিতেছি যে, আমি অপরাধী, দুষ্টমতি ও অযোগ্য

কাকুভির্ব্যাকুলস্বান্তোজনোবৃন্দাবনেশ্বরি ॥ ৫ ॥
কৃতাগস্কেঽপ্যযোগ্যেপি জনেঽস্মিন্ কুমতাবপি।
দাস্যদানপ্রদানস্য লবমপ্যুপপাদয় ॥ ৬ ॥
যুক্তস্ত্বয়া জনো নৈব দুঃখিতোয়মুপেক্ষিতুং।
কৃপাদ্যোত দ্রবচ্চিত্ত নবনীতাসি যৎ সদা ॥ ৭ ॥
ইতি প্রার্থনাপদ্ধতিঃ।

কিং যাচতে তত্রাহ। কৃতাগস্কে সাপরাধেপি ময়ি অযোগ্যে নির্গুণেপি। কুমতৌ কুটিল বুদ্ধাবপি অস্মিন্ মল্লক্ষণে জনে। দাস্য লক্ষণস্য দানস্য দেয়স্য যৎ প্রদানং তস্য লবমপ্যুপপাদয়ার্পয়। বিশেষোক্তিরত্রালঙ্কারঃ। দানপাত্রস্বাভাবে সমগ্রেপি হেতৌ সতি তদপ্রার্থনস্য তৎকার্য্যস্যাভাবাৎ। যদুক্তং বিশেষোক্তিরখণ্ডেষু কারণেষু ফলাবচ ইতি ॥ ৬ ॥

নন্বযোগ্যে তদ্দানং কথং তত্রাহ। অয়ং দুঃখিতো জনস্ত্বয়োপেক্ষিতুং ন যুক্তঃ। যত্ত্বং কৃপাদ্যোতেত্যাদিলক্ষণাসি। পরদুঃখপ্রহরণেচ্ছাহি কৃপা। দুঃখিতশ্চাহং। ততস্ত্যক্তুং ন যুক্তঃ। পদগতকাব্যলিঙ্গং ॥ ৭ ॥

ইতি প্রার্থনা পদ্ধতি র্ব্যাখ্যাতা।

হইলেও আমাকে তোমার দাসত্ব যৎকিঞ্চিৎ দান করিয়া কৃতার্থ কর ॥ ৫ ॥ ৬ ॥

হে দয়াময়ি! এই দুঃখিত জনকে উপেক্ষা করা তোমার কখনই উচিত হয় না, যে হেতু কৃপার প্রভাবে তোমার নবনীত হৃদয় সর্ব্বদা দ্রবীভূত (এই শ্লোকে কাব্যলিঙ্গ অলঙ্কার সন্নিবেশিত হইয়াছে) ॥ ৭ ॥

ইতি প্রার্থনাপদ্ধতি।

চাটুপুষ্পাঞ্জলিঃ।

—◌:*:◌—

শ্রীরাধিকায়ৈ নমঃ।

নবগোরোচনাগৌরীং প্রবরেন্দীবরাম্বরাং।
মণিস্তবকবিদ্যোতিবেণীব্যালাঙ্গনাফণাং॥ ১
উপমানঘটামানপ্রহারিমুখমণ্ডলাং।

চাটুমাত্রেণ যা মঞ্জু স্বামিনী নিজ সম্মুখে। প্রসীদতি জনে স্তৌমি তামহং রাধিকাং পরাং। অথ শ্রীরূপঃ শ্রীরাধাং চাটু বচনৈঃ প্রসাদয়তি। নবেত্যাদিভিঃ। হে বৃন্দাবনেশ্বরি ত্বামহং বন্দে ইতি দ্বাদশ শ্লোকগতেনান্বয়ঃ। ত্বাং কথম্ভূতামিত্যপেক্ষ্যাহ। নবগোরোচনাতোপি গৌরীং পীতাঙ্গীং। প্রবরং সদ্যোবিকসিতত্বেনাতিরম্যং যদিন্দীধরং নীলাম্বুজং তদিরাম্বরং শাটী যস্যাস্তাং। মণিস্তবকেন বিদ্যোতি বেণী ব্যালাঙ্গনায়াঃ কবরী ভুজঙ্গ্যাঃ ফণোযস্যাং তাং। অত্র বেণী ভুজঙ্গীত্বেনোৎপ্রেক্ষ্যতে সীমন্তস্তৎ ফণত্বেন রত্ন স্তবক স্ত তৎফণমণিত্বেনেতি রূপকেণোৎপ্রেক্ষা ॥ ১ ॥

উপমানঘটায়াশ্চন্দ্রারবিন্দাদি সংহতে র্মানং গর্ব্বং প্রহরতি তাদৃশং মুখ

হে বৃন্দাবনেশ্বরি! আমি তোমাকে বন্দনা করি, তুমি অভিনব গোরোচনার ন্যায় গৌরাঙ্গী, সুন্দর নীলপদ্মের ন্যায় তোমার বস্ত্র, তোমার লম্বিত বেণীর উপরিস্থ মণিরত্ন খচিত কবরীবন্ধ যেন ফণাযুক্ত ভুজঙ্গিনী বলিয়া জ্ঞান হইতেছে ॥ ১ ॥

তোমার মুখ মণ্ডল চন্দ্র, পদ্ম প্রভৃতি যাবতীয় উপমান

মরেন্দুনিন্দিভালোদ্যৎকস্তূরীতিলকশ্রিয়ং ॥ ২ ॥
ভ্রূজিতানঙ্গকোদণ্ডাং লোলনীলালকাবলিং।
কজ্জলোজ্জ্বলতা রাজচ্চকোরীচারুলোচনাং ॥ ৩ ॥
তিলপুষ্পাভনাসাগ্রবিরাজদ্বরমৌক্তিকাং।
অধরোদ্ধূতবন্ধূকাং কুন্দালীবন্ধুরদ্বিজাং ॥ ৪ ॥

মণ্ডলং যস্যাস্তাং নিরুপমাস্যামিত্যর্থঃ। নবেন্দুনিন্দিনি ভালে উদ্যতা হরি-পাদাকৃতিনা কস্তূরীতিলকেন শ্রীর্যস্যাস্তাং ॥ ২ ॥

ভ্রূভ্যাং জিতমনঙ্গকোদণ্ডং স্বয়ধনু র্যয়া তাং। লোলা চপলা নীলা শ্যামা চালকাবলি র্যস্যা স্তাং। কজ্জলেনোজ্জ্বল তয়াচ রাজতী ভ্রাজমানে প্রিয় সতৃষ্ণ তয়া চকোরীভ্যোপি চারুরী লোচনে যস্যা স্তাং ॥ ৩ ॥

তিলপুষ্পাভায়া নাসায়া অগ্রে বিরাজতী বর্ত্তুলোজ্জ্বলতয়া বরে লঘুনাণিক্য মধ্যে মৌক্তিকে যস্যাস্তাং। স্থূলমৌক্তিকয়োস্তাদৃশয়ো রধস্তাল্লঘু মৌক্তিক যোগান্মৌক্তিকানি বিরাজন্তি যস্যাস্তামিত্যপরে। অধরেভ্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ৪ ॥

পদার্থের গর্ব্ব খর্ব্ব করে, তোমার নবোদিত চন্দ্রকলার ন্যায় ললাট কস্তূরী তিলকে সুশোভিত ॥ ২ ॥

তোমার ভ্রূযুগল দ্বারা মদনের শরাসন তিরস্কৃত হইয়াছে, তুমি চঞ্চল নীলবর্ণ কুটিল কুণ্ডলে সুশোভিত, কজ্জলে সুশোভিত ত্বদীয় নয়ন যুগল চকোরীমিথুন বলিয়া বোধ হইতেছে ॥ ৩ ॥

তিল পুষ্পের ন্যায় নাসাগ্রে উৎকৃষ্ট মুক্তা সুশোভিত, বন্ধূক কুসুমের ন্যায় তোমার অধর ও কুন্দাবলীর ন্যায় দন্তরাজী সুশোভিত ॥ ৪ ॥

সরত্ন স্বর্ণরাজীব কর্ণিকাকৃতকর্ণিকাং।
কস্তূরীবিন্দুচিবুকাং রত্নগ্রৈবেয়কোজ্জ্বলাং ॥ ৫ ॥
দিব্যাঙ্গদপরিষ্বঙ্গ লসদ্ভুজমৃণালিকাং
বলারিরত্নবলয়কলালম্বিকলাবিকাং ॥ ৬ ॥
রত্নাঙ্গুরীয়কোল্লাসি বরাঙ্গুলিকরাম্বুজাং।

সরত্নস্বর্ণাত্মকে যে রাজীবকর্ণিকে তাভ্যাং কৃতে কর্ণিকে কর্ণভূষণে যয়া তাং। কর্ণিকা বীজকোষঃ স্যাদিতি হলায়ুধঃ। কস্তূরীতি স্ফুটার্থং। ওষ্ঠস্যাধঃ চিবুকমিতি হলায়ুধঃ। গ্রৈবেয়কং কণ্ঠভূষণং। গ্রৈবেয়কং কণ্ঠ-ভূষেত্যমরঃ ॥ ৫ ॥

দিব্যয়োরঙ্গদয়োঃ পরিষঙ্গেন লসন্তৌ ভুজমৃণাল্যৌ যস্যা স্তাং। বলারি রত্নানীন্দ্রনীলমণয় স্তন্নির্ম্মিতানাং বলয়ানাং কলং ঝণৎকারলক্ষণং মধুরধ্বনি মালম্বেতে তথাভূতে কলাবিকে যস্যাস্তাং। অধস্তস্যা মণিবন্ধাৎ প্রকোষ্ঠঃ স্যাৎ কলাবিকেতি হৈমঃ। তস্যেতি কফোণেঃ মণিবন্ধঃ পাণিমূলমিতি হলা-য়ুধঃ ॥ ৬ ॥

রত্নখচিতৈ রঙ্গুরীয়কৈ রঙ্গুল্যাভরণৈরুল্লাসিন্যোবরাঙ্গুলয়ো বয়োস্তথা ভূতে করাম্বুজে যস্যা স্তাং। অঙ্গুল্যাভরণং প্রোক্তমঙ্গুলীয়কমুর্ম্মিকেতি

রত্নজড়িত স্বর্ণপদ্মের কর্ণিকার ন্যায় তোমার কর্ণ ভূষণ, তোমার চিবুকে অর্থাৎ অধরের নিম্ন স্থান কস্তূরীবিন্দুতে সুশোভিত এবং তুমি রত্নময় কণ্ঠহারে অলঙ্কৃত ॥ ৫ ॥

তোমার মৃণাল স্বরূপ বাহুদ্বয় সুন্দর অঙ্গদ ভূষণে ভূষিত, এবং ত্বদীয় মণিবন্ধ সুমধুর ধ্বনি বিশিষ্ট ইন্দ্রনীলমণিময় বলয় দ্বারা অলঙ্কৃত ॥ ৬ ॥

তোমার কর পদ্মস্থ অঙ্গুলি সকল রত্নময় অঙ্গুরীয় দ্বারা

মনোহর মহাহার বিহারিকুচকুট্মলাং ॥ ৭ ॥
রোমালিভুজগীমূর্দ্ধ রত্নাভতরলাঙ্কিতাং।
বলিত্রয়ীলতাবদ্ধক্ষীণভঙ্গুরমধ্যমাং ॥ ৮ ॥
মণিসারসনাধার বিস্ফারশ্রোণিরোধসং।

হলায়ুধঃ। পরিণামোত্রালঙ্কারঃ। পরিণামঃ ক্রিয়ার্থশ্চেদারোপ্যো বিষয়াত্মনেতি তল্লক্ষণাৎ। অত্রারোপ্যোহম্বুজে বিষয়াত্মনাকররূপেণ পরিণতেসতি তদঙ্গুলীনামঙ্গুরীয়কৈ রুল্লাস ক্রিয়া নির্বৃত্তিরিতি লক্ষণ সঙ্গতিঃ। মনোহরাণাং মহাহারাণাং যোবিহার স্তদ্বন্তৌ কুচকুট্মলৌ যস্যা স্তাং ॥ ৭ ॥

নাভেরূর্দ্ধগতায়া রোমালী সৈব ভুজগী তস্যামূর্দ্ধরত্নাভো যস্তরলঃ শুমস্তকঃ তেনাঙ্কিতাং শোভিতাং। তরলো হারমধ্যগ ইত্যমরঃ। বলীত্রয়ী ত্রিবলিঃ সৈব লতা তয়া বদ্ধং ক্ষীণং ভঙ্গুরঞ্চ মধ্যমং যস্যাস্তাং। কৃশত্বাৎ কুচভারেণ ভজ্যমানত্বাচ্চলতয়া নিবদ্ধমিত্যুৎপ্রেক্ষ্যতে ॥ ৮ ॥

মণিনির্ম্মিতং যৎ সারসনং কিঙ্কিণী তস্যাধারভূতং বিস্ফারং বিস্তীর্ণং শ্রোণিরোধঃ কটিতটং যস্যা স্তাং। কটিসূত্রং সারসনং কিঙ্কিণী ক্ষুদ্রঘণ্টি কেতি হলায়ুধঃ। হেমরম্ভা স্বর্ণকদলী তস্যা যো মদারম্ভোবর্ত্তুলত্ব ক্রমস্থবিবক্রসীম কৃতস্তং

সুশোভিত, তোমার স্তনদ্বয় মনোহর মহাহারে বিভূষিত ॥ ৭ ॥

তোমার হৃদয় মধ্যে বিরাজিত হার মধ্যস্থিত মণিকে রোমাবলীরূপ সর্পিনীর মস্তক স্থিত রত্ন বলিয়া জ্ঞান হইতেছে, তোমার অতিশয় ক্ষীণ ও কুচভরে ভঙ্গুর মধ্য স্থান ত্রিবলিরূপ লতা দ্বারা যেন বেষ্টিত হইয়াছে ॥ ৮ ॥

তোমার বিশাল কটিতটে মণিময় কিঙ্কিণী সুশোভিত,

হেমরম্ভামদারম্ভস্তম্ভনোরুযুগাকৃতিং ॥ ৯ ॥
জানুদ্যুতিজিতক্ষুল্লপীতরত্ন সমুদ্গকাং।
শরন্নীরজ নীরাজ্য মঞ্জীরবিরণৎপদাং ॥ ১০ ॥
রাকেন্দুকোটি সৌন্দর্য্য জৈত্রপাদনখদ্যুতিং।
অষ্টাভিঃ সাত্ত্বিকৈর্ভাবৈরাকুলীকৃতবিগ্রহাং ॥ ১১

স্তম্ভয়তি তথাভূতা উরুযুগাকৃতিঃ সক্থিযুগ্ম শোভা যস্যা স্তাং। আকৃতিঃ কথিতা রূপে সামান্যবপুষোরপীতি বিশ্বঃ ॥ ৯ ॥

জানুনোর্দ্যুত্যা জিতঃ ক্ষুল্লোঽল্পকঃ পীতরত্ন নির্ম্মিতঃ সমুদ্গকঃ সম্পূটো যয়া তাং স্তোকং ক্ষুল্লং তুচ্ছমল্পমিতি হৈমঃ। শরৎকাল ভবাভ্যাং নীরজাভ্যাং নীরাজ্যে নির্মঞ্ছনীয়ে মঞ্জীরাভ্যাং বিরণতী শব্দায়মানেচ পদে চরণৌ যস্যা স্তাং ॥ ১০ ॥

রাকেন্দুকোটীনাং যানি সৌন্দর্য্যাণি তেষাং জৈত্রী পদনখদ্যুতি র্যস্যা স্তাং। অষ্টাভিরিতি স্পষ্টার্থং ॥ ১১ ॥

তোমার উরুদ্বয় স্বর্ণ কদলীর মদগর্ব্ব খর্ব্ব করিতেছে ॥ ৯ ॥

তোমার সুন্দর জানুযুগলের শোভায় পীতবর্ণ রত্নময় সমুদ্গকের (কৌটা) শোভা খর্ব্ব করিতেছে, সুন্দর শব্দায়-মান নূপুর যুক্ত ত্বদীয় পদযুগল শরৎকালীন প্রফুল্ল পদ্ম দ্বারা শোভিত ॥ ১০ ॥

তোমার পাদপদ্মস্থ নখদ্যুতি দ্বারা কোটি২ পূর্ণ চন্দ্রের সৌন্দর্য্য অপহৃত হইয়াছে, স্তম্ভ স্বেদাদি অষ্ট সাত্ত্বিক ভাবে তোমার দেহ আকুলীকৃত হইয়াছে ॥ ১১ ॥

মুকুন্দাঙ্গ কৃতাপাঙ্গামনঙ্গোর্ম্মিতরঙ্গিতাং।
ত্বামারব্ধপ্রিয়ানন্দাং বন্দে বৃন্দাবনেশ্বরি ॥ ১২ ॥
অয়ি প্রোদ্যন্ মহাভাবমাধুরীবিহ্বলান্তরে।
অশেষনায়িকাবস্থা প্রাকট্যাদ্ভুতচেষ্টিতে ॥ ১৩ ॥
সর্ব্বমাধুর্য্যবিঞ্ছোলীনির্ম্মঞ্ছিতপদাম্বুজে।

মুকুন্দাঙ্গেষু কৃতোঽর্পিতোঽপাঙ্গো নেত্রান্তো যয়া তাং। মুকুন্দাঙ্গ বীক্ষণা দেবানঙ্গোর্ম্মি তরঙ্গিতাঃ জাতো যস্তাস্তাং। ত্বামহং বন্দে হে বৃন্দাবনেশ্বরি রাধিকে ॥ ১২ ॥

অয়ীতি সবিনয় প্রশ্নে। অয়ি প্রশ্নে সানুনয়ে ইতি হলায়ুধঃ। প্রোদ্যন্তী যা মহাভাবস্য মাধুরী তয়া বিহ্বলং বিবশমন্তরং চিত্তমধ্যং যস্যা হে তথাভূতে। অশেষানাং মুগ্ধাদীনাং নায়িকানাং যা অবস্থা দশাস্তাসাং প্রাকট্যেনাদ্ভুতানি। চেষ্টিতানি যস্যা হে তথাভূতে। স্বয়ং ভগবতি কৃষ্ণে যথা সর্ব্বনায়ক গুণা যথাবসরমুদয়ন্তে তথা স্বয়ং লক্ষ্যাং রাধায়াং সর্ব্ব নায়িকাগুণা ভবন্তীতি ভাবঃ ॥ ১৩ ॥

সর্ব্বাসাং নায়িকানাং যা মাধুর্য্যবিঞ্ছোলী তত্তদবস্থাগত চারুতা শ্রেণী তয়া

কৃষ্ণাঙ্গে অপাঙ্গ সঞ্চালন করিয়া তোমার মদন-তরঙ্গ উচ্ছলিত হয় এবং তদনন্তর শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইয়া অসীম আনন্দ উপভোগ কর, অতএব হে বৃন্দাবনেশ্বরি! এবম্বিধ গুণশালিনী তোমাকে আমি বন্দনা করি ॥ ১২ ॥

অয়ি শ্রীমতি! সমুদিত মহাভাব মাধুরী দ্বারা তোমার অন্তঃকরণ বিবশ হইয়াছে তোমাতে নানাপ্রকার নায়িকার লক্ষণ থাকায় ত্বদীয় ভাব ভঙ্গী সকলের আশ্চর্য্য কারিণী ॥ ১৩ ॥

ইন্দিরামৃগ্যসৌন্দর্য্যস্ফুরদঙ্ঘ্রিনখাঞ্চলে ॥ ১৪ ॥
গোকুলেন্দুমুখীবৃন্দসীমন্তোত্তংসমঞ্জরি।
ললিতাদি সখীযূথজীবাতুস্মিতকোরকে ॥ ১৫ ॥
চটুলাপাঙ্গ মাধুর্য্যবিন্দূন্মাদিতমাধবে।

নির্ম্মঞ্ছিতে পাদাম্বুজে যস্যাঃ। হে তথাভূতে। ইন্দিরাভির্মৃগ্যাণি সৌন্দর্য্যাণি তেষাং তথাভূতাঃ স্ফুরন্তো দীব্যমানাঃ অঙ্ঘ্রিনখাঞ্চলা যস্যাঃ হে তথাভূতে। রাধা খলু মহালক্ষ্মীঃ পূর্ব্বোক্তশ্রুত্যাদিভ্যঃ। ততস্তদ্বিলাসাংশকলাভি র্লক্ষ্মীভি স্তদঙ্ঘ্রিনখাঞ্চল সৌন্দর্য্যাণি মৃগ্যাণ্যেব সঙ্কর্ষণেনেব বাসুদেবস্য সৌন্দর্য্যং। বদরীপতিভ্যামিব শ্বেতদ্বীপপতেঃ। বলপ্রদ্যুম্নাদিভিরিব কৃষ্ণস্যেতি নকাচিদনুপপত্তিঃ। অন্যেত্বাহুঃ। বৈকুণ্ঠাধিপয়া রাধাসৌন্দর্য্যং লব্ধুং মৃগ্যতে। যতঃ কৃষ্ণেন স্বাঙ্গীকারঃ। নতু লভ্যতে। অতস্তদেকরসিকেন তেন তদস্বীকারঃ। যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপো বিহায় কামান্ সুচিরং ধৃতব্রতেতি স্মৃতেঃ ॥ ১৪ ॥

গোকুলেত্যর্দ্ধকং স্ফুটার্থং। ললিতাদেঃ সখীমুখ্যস্য জীবাতুঃ স্মিত কোরকো মন্দহাস কলিকা যস্যাঃ হে তথাভূতে ॥ ১৫ ॥

চটুলস্য চঞ্চলস্যাপাঙ্গস্য নেত্রান্তস্য মাধুর্য্যবিন্দুনোন্মাদিতো মাধবো যয়া হে তথাভূতে তাতপাদস্য বৃষভানো র্যোযশঃ স্তোমঃ কীর্ত্তির্ব্যূহস্তান্যেব কৈর-

সমস্ত নায়িকাগত মাধুর্য্যাদিগুণ তোমার পাদপদ্মের নির্মঞ্ছন করিতেছে, লক্ষ্মীর প্রার্থনীয় সৌন্দর্য্য তোমার পাদপদ্মের নখপ্রান্তে বিরাজিত ॥ ১৪ ॥

তুমি গোকুলবাসিনী সমস্ত ব্রজরমণীর শিরোভূষণ কুসুমমঞ্জরী স্বরূপ, তোমার মন্দ মন্দ হাস্য কলিকা ললিতাদি সখী বৃন্দের জীবনৌষধ স্বরূপ ॥ ১৫ ॥

তুমি চঞ্চল অপাঙ্গরূপ মাধুর্য্য বিন্দুদ্বারা শ্রীকৃষ্ণকে

তাতপাদযশঃ স্তোম কৈরবানন্দচন্দ্রিকে ॥ ১৬ ॥
অপার করুণাপূর পুরিতান্তর্মনোহ্রদে।
প্রসীদাস্মিন্ জনে দেবি নিজদাস্যস্পৃহা জুষি ॥ ১৭ ॥
কচ্চিৎ ত্বং চাটুপটুনা তেন গোষ্ঠেন্দ্রসূনুনা।

বাণি কুমুদানি তেষামানন্দো যতস্তথা ভূতা চন্দ্রিকা কৌমুদী ত্বমসীতি হে তথা ভূতে। চন্দ্রিকা যথা কৈরবাণি প্রকাশয়তি তথা ত্বং পিতৃযশাং-সীত্যর্থঃ ॥ ১৬ ॥

অপারেণ করুণাপূরেণ পূরিতোঽন্তর্মনোহ্রদোযস্যা হে মহাদয়াবতি। অস্মিন্ জনে ময়ি প্রসীদ প্রসাদং কুরু। প্রসাদং ব্যঞ্জয়ন্ বিশিনষ্টি নিজেতি। দাস্যদান প্রসাদং বিধেহীত্যর্থঃ ॥ ১৭ ॥

তদ্দান প্রসাদে বিশেষমর্থয়তি কচ্চিদিতি প্রশ্নে। কচ্চিৎ স্যাৎ প্রশ্নকাম্য-য়োরিতি হলায়ুধঃ। ত্বাং পৃচ্ছামীত্যর্থঃ। পৃচ্ছেতি চেত্তত্রাহ। চাটুপটুনা প্রিয়-বচন রচন নিপুণেন তেন গোষ্ঠেন্দ্রসূনুনা প্রার্থ্যমানেত্যাদি লক্ষণা ত্বং ময়া কদা দ্রক্ষ্যসে। মানান্তে মদেক সেবিকা ত্বং রহস্তিষ্ঠেস্তদা সখীভিঃ প্রবেশিতেন

উন্মাদিত কর, তুমি নিজ পিতা বৃষভানুর কীর্ত্তিকলাপ রূপ কুমুদের আনন্দদায়িনী কৌমুদী স্বরূপ ॥ ১৬ ॥

তোমার অন্তঃকরণ রূপ মহাহ্রদ, অসীম করুণা প্রবাহে পরিপুর্ণ, হে দেবি! তোমার দাসত্ব অভিলাষী এই জনের প্রতি প্রসন্না হও ॥ ১৭ ॥

হে দেবি! ত্বদীয় মানান্তে চাটুবচন পটু ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ তোমার সহিত মিলন প্রার্থনা করিলে তুমি চঞ্চল অপাঙ্গ তাঁহার দ্বারা দৃষ্টিপাত করিয়া প্রসন্না হইতেছ, এই

প্রার্থ্যমানচলাপাঙ্গ প্রসাদাৎ দ্রক্ষ্যসে ময়া ॥ ১৮ ॥
ত্বাং সাধু মাধবী পুষ্পৈর্মাধবেন কলাবিদা।
প্রসাধ্যমানাং স্বিদ্যন্তীং বীজয়িষ্যাম্যহং কদা ॥ ১৯ ॥
কেলিবিস্রংসিনোবক্রকেশবৃন্দস্য সুন্দরি।
সংস্কারায় কদা দেবি জনমেতং নিদেক্ষ্যসি ॥ ২০ ॥

চাটুপটুনা কৃষ্ণেন তমৃজু পশ্যন্ত্যা যস্যাশ্চলাপাঙ্গপ্রসাদঃ প্রার্থ্যঃ স্যাৎ সা ত্বং ময়া দৃষ্টা ভাবিনীত্যর্থঃ ॥ ১৮ ॥

ত্বামিতি। কলাবিদা মণ্ডনকলা পণ্ডিতেন মাধবেন কর্ত্রা মাধবীপুষ্পৈঃ প্রসাধ্যমাণাং বিভূষ্যমাণাং তদা স্বিদ্যন্তীং তৎ করস্পর্শাদুৎপদ্যমানস্বেদাং ত্বামহং কদা বীজয়িষ্যামি ॥ ১৯ ॥

ততঃ কৃত ত্বৎপ্রসাধনেন মাধবেন সহ জাতয়া কেল্যা বিস্রংসিনো বিমুক্তস্য বক্রকেশবৃন্দস্য সংস্কারায় বেণীজূট ভারায় তত্র সন্নিহিতমেতং মল্লক্ষণং জনং কদা নিদেক্ষ্যস্যাজ্ঞাপয়িষ্যসি ॥ ২০ ॥

প্রকার তোমার ভাব আমি কবে দেখিতে পাইব ? ॥ ১৮ ॥

শিল্পকার্য্যে নিপুণ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক সুন্দর মাধবী কুসুম দ্বারা তুমি সুশোভিতা হইতেছ এবং তৎকরস্পর্শে সাত্ত্বিক ভাবের উদয় হেতু ত্বদীয় কলেবর ঘর্ম্মাক্ত হইলে আমি তালবৃন্ত দ্বারা তোমার সেই শ্রীঅঙ্গ কবে ব্যজন করিব ॥ ১৯ ॥

হে দেবি! হে সুন্দরি! কৃষ্ণ সহ বিহারান্তে তোমার কুটিল কেশপাশ আলুলায়িত হইলে তাহা পুনর্ব্বার সংস্কার করিবার জন্য এই জনকে কবে আজ্ঞা করিবে ? ॥ ২০ ॥

কদা বিম্বোষ্ঠি তাম্বূলং ময়াতব মুখাম্বুজে।
অর্প্যমাণং ব্রজাধীশসূনুরাচ্ছিদ্য ভোক্ষ্যতে ॥ ২১ ॥
ব্রজরাজকুমারবল্লভাকুলসীমন্তমণি প্রসীদ মে।
পরিবারগণস্য তে যথা পদবী মে ন দবীয়সী ভবেৎ ॥২২

হে বিম্বোষ্ঠি তব মুখাম্বুজে ময়ার্প্যমাণং তাম্বূলং ব্রজাধীশসূনুর্মাধবঃ। আচ্ছিদ্য বলাদ্গৃহীত্বা ভোক্ষ্যতে। এতদ্বিনোদবীক্ষণরূপং সৌভাগ্যং মে কদা দাস্যসি ॥ ২১ ॥

এতদপি ভাগ্যং মে কুতঃ স্যাৎ। এতাবত্তু সম্পাদয়েত্যাহ। ব্রজেতি ব্রজরাজ কুমারস্য যাবন্তি বল্লভাকুলানি প্রেয়সীবৃন্দানি তেষাং সীমন্তমণী ত্বমসি। তৎ সম্বোধনে তথা। মণিঃ স্ত্রী পুংসয়োরশ্ম জাতৌ মুক্তাদিকে পিচেতি মেদিনী। ত্বং মে প্রসীদ এতাবন্তং প্রসাদং কুরু। তে তব পরিবারগণস্য পদবী পন্থা মে মম দবীয়সী দূরতরা ন ভবেৎ। কিন্তু সন্নিহিতাস্তা দিতি ॥ ২২ ॥

হে বিম্বোষ্ঠি! আমি ত্বদীয় মুখাম্বুজে তাম্বূল অর্পণ করিব, শ্রীকৃষ্ণ তোমার মুখ হইতে কাড়িয়া লইয়া উহা ভক্ষণ করিবেন, তোমাদিগের উভয়ের এই প্রকার ভাব আমি কবে দর্শন করিব ॥ ২১ ॥

হে শ্রীমতি! ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের যাবতীয় প্রেয়সী গণের তুমি শিরোভূষণ অর্থাৎ তাহার মধ্যে তুমিই শ্রেষ্ঠা অতএব আমার প্রতি প্রসন্না হও এবং যাহাতে অচিরাৎ তোমার পরিবার গণের মধ্যে গণিত হইতে পারি সেইরূপ কৃপা কর ॥ ২২ ॥

করুণাং মুহুরর্থয়ে পরং তব বৃন্দাবনচক্রবর্ত্তিনি।
অপি কেশিরিপোর্যয়া ভবেৎ স চাটুপ্রার্থনভাজনং জনঃ ॥২৩
ইমং বৃন্দাবনেশ্বর্য্যা জনো যঃ পঠতি স্তবং।
চাটুপুষ্পাঞ্জলিং নাম স স্যাদস্যাঃ কৃপাস্পদং ॥ ২৪ ॥
ইতি চাটুপুষ্পাঞ্জলিঃ।

হে বৃন্দাবনচক্রবর্ত্তিনি নিখিল বৃন্দারণ্য রাজ্যাভিষিক্তে রাধে তব করুণাং মুহুরহমর্থয়ে পরং কেবলং যয়া তব করুণয়া মানান্নিরাকৃতস্য কেশিরিপোরপি সচাটুপ্রার্থনভাজনং প্রিয়বচনসহিতস্যাভ্যর্থনস্য পাত্রময়ং জনো ভবেৎ। সখীষু কিঙ্করীষু চালব্ধ প্রবেশঃ। কেশিরিপু র্হে দয়াবতি সুন্দরি মদ্বেদনাং ত্বং বার্ষভানব্যাং প্রাপয়েতি মাং যাচতেত্যর্থঃ ॥ ২৩ ॥

পদ্যদ্বয়েত্র সুন্দরী নামকমর্দ্ধসমং ছন্দঃ। অযুজোর্যদি সৌ জগৌ যুজোঃ সভরাল্লৌ যদি সুন্দরীমতেতি তল্লক্ষণং। ইমমিতি স্ফুটার্থং। অস্যা বৃন্দাবনেশ্বর্য্যাঃ কৃপাস্পদং দয়াপাত্রম্ ॥ ২৪ ॥

ইতি চাটুপুষ্পাঞ্জলির্ব্যাখ্যাতঃ।

হে বৃন্দাবনচক্রবর্ত্তিনি! আমি পুনঃ পুনঃ তোমার কৃপা প্রার্থনা করিতেছি, আমার প্রতি এইরূপ কর যে আমি তোমার সখী হইব, তুমি মানিনী হইলে, তোমার সখী বলিয়া শ্রীকৃষ্ণ আমার নিকট আসিয়া তোমার সহিত মিলনের জন্য কত চাটুবাক্য বলিবেন তৎপরে আমি তাঁহার হস্ত ধারণ করিয়া তোমার নিকট লইয়া যাইব ॥ ২৩ ॥

বৃন্দাবনেশ্বরী শ্রীরাধিকার চাটুপুষ্পাঞ্জলি নামক এই স্তব যিনি শ্রদ্ধার সহিত পাঠ করেন, তিনি অচিরকাল মধ্যে সেই শ্রীরাধিকার কৃপাপাত্র হয়েন।

ইতি চাটুপুষ্পাঞ্জলি সমাপ্ত।

শ্রীগান্ধর্ব্বিকায়ৈ নমঃ।

বৃন্দাবনে বিহরতোরিহ কেলিকুঞ্জে
মত্তদ্বিপপ্রবর কৌতুক বিভ্রমেণ।
সন্দর্শয়স্ব যুবয়োর্ব্বদনারবিন্দ
দ্বন্দ্বং বিধেহি ময়ি দেবি কৃপাং প্রসীদ ॥ ১ ॥
হা দেবি কাকুভর গদ্গদয়াদ্য বাচা
যাচে নিপত্য ভুবি দণ্ডবদুদ্ভটার্ত্তিঃ।

অথাষ্টকেন গান্ধর্ব্বাং প্রার্থয়তি বৃন্দাবনইত্যাদিনা। হে দেবি রাধে ময়ি প্রসীদ কৃপাং বিধেহি। তামাহ। যুবয়োর্বদনারবিন্দদ্বন্দ্বং সন্দর্শয়স্বেতি। ত্বন্মুখদর্শনমপি ত্বদর্শনমিতি ভাবঃ। যুবযোঃ কথম্ভূতয়োরিত্যাহ। কেলিকুঞ্জে বৃন্দাবনে মত্তদ্বিপ প্রবরয়োর্যঃ কৌতুকবিভ্রমো বিনোদবিলাস স্তেন বিহরতোঃ ক্রীড়তোঃ ॥ ১ ॥

হেতি বিষাদে হা শুগ্ দুঃখ বিষাদেষ্বিতি হৈমঃ। হে দেবি ভুবি দণ্ডবন্নিপত্য কাকুভর গদ্গদয়া বাচা ত্বাং যাচে। কীদৃশোহমিত্যাহ উদ্ভটার্ত্তিরিতি কিং

হে দেবি। শ্রীবৃন্দাবনে কেলিকুঞ্জে মদমত্ত মাতঙ্গের ন্যায় কৌতুকী হইয়া তোমারা দুই জনে নিত্য বিহার করিতেছ, অতএব দয়া করিয়া আমার প্রতি প্রসন্না হও এবং তোমাদিগের উভয়ের বদনারবিন্দ যুগল একবার দর্শন করাও ॥ ১ ॥

হা দেবি! হা গান্ধর্ব্বিকে! আমি অত্যন্ত মূঢ়, এক্ষণে ভূমিতে দণ্ডের ন্যায় নিপতিত হইয়া অতিশয় কাকু ও গদ্গদ বাক্যে তোমার নিকট এই প্রার্থনা করিতেছি যে,

অস্য প্রসাদমবুধস্য জনস্য কৃত্বা
গান্ধর্ব্বিকে নিজগণে গণনাং বিধেহি ॥ ২ ॥
শ্যামে রমারমণ সুন্দরতাবরিষ্ঠ
সৌন্দর্য্য মোহিত সমস্ত জগজ্জনস্য।
শ্যামস্য বামভুজবদ্ধতনুং কদাহং
ত্বামিন্দিরাবিরলরূপভরাং ভজামি ॥ ৩ ॥

যাচসে তত্রাহাস্যেতি। হে গান্ধর্ব্বিকেঽস্যা বুধস্যাজ্ঞস্য জনস্য মম নিজগণে গণনাং বিধেহি কুর্ব্বিতি ॥ ২ ॥

হে শ্যামে শ্রীরাধে শ্যামস্য নন্দসূনোর্বামভুজ বদ্ধতনুং ত্বামহং কদা ভজামি সেবিষ্যে। অত্র কদা যোগেন ভবিষ্যত্যর্থে লট্। বিভাষা কদা কর্হ্যোরিতি সূত্রাৎ। শ্যামস্য কথম্ভুতস্যেত্যাহ। রমারমণস্য চতুর্ভুজস্য দেবাকারস্য নরায়ণস্য যা সুন্দরতা ততোপি বরিষ্ঠং নরাকার পরব্রহ্ম নিষ্ঠং যৎ সৌন্দর্য্যং তেন মোহিতা সমস্ত জগজ্জনা যেন তস্য এবমুক্তং শ্রীদশমে। গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্যরূপং লাবণ্য সারমসমোর্দ্ধমনন্যসিদ্ধং। দৃগ্‌ভিঃ পিবন্ত্যনু সবাভিনবং দুরাপমেকান্ত ধাম যশসঃ শ্রিয় ঐশ্বরস্যেতি। অনন্য সিদ্ধং তন্মাত্র-বর্ত্তি দুরাপং তদ্বিলাস স্বাংশ কলাভিঃ ত্বাং কথম্ভূতামিত্যাহ। ইন্দিরয়া শ্রী দেব্যা বিরলো দুর্লভো রূপভরো যস্যা স্তামিতি বিশেষস্ত ইন্দিরামৃগ্য সৌন্দর্য্যেত্যত্র দ্রষ্টব্যঃ ॥ ৩ ॥

তুমি প্রসন্না হইয়া তোমার নিজ পরিকর মধ্যে আমাকে গণনা কর ॥ ২ ॥

হে শ্রীমতি রাধিকে! যিনি লক্ষ্মীনারায়ণ মূর্ত্তির সৌন্দর্য্য অপেক্ষাও সমধিক সৌন্দর্য্য দ্বারা ত্রিভুবন মুগ্ধ করেন সেই শ্যামসুন্দর শ্রীকৃষ্ণের বামভাগে তোমার বামহস্তাশ্লিষ্ট

ত্বাং প্রচ্ছদেন মুদিরচ্ছবিনা পিধায়
মঞ্জীরমুক্তচরণাঞ্চ বিধায় দেবি।
কুঞ্জে ব্রজেন্দ্রতনয়েন বিরাজমানে
নক্তং কদা প্রমুদিতামভিসারয়িষ্যে ॥ ৪ ॥
কুঞ্জে প্রসূনকুলকল্পিত কেলিতল্পে
সংবিষ্টয়োর্মধুরনর্ম্মবিলাসভাজোঃ।

ত্বামিতি। হে দেবি ব্রজেন্দ্রতনয়েন বিরাজমানে কুঞ্জে ত্বাং কদা নক্তং নিশ্যভিসারয়িষ্যে নেষ্যামি। কিং কৃত্বেত্যাহ। মুদিরচ্ছবিনা প্রচ্ছদেন বিধায় মঞ্জীর মুক্তচরণাঞ্চ বিধায়েতি যথা ত্বামন্যঃ কোপি নজানীয়াদিতি ভাবঃ ॥ ৪ ॥

কুঞ্জ ইতি। অয়ং জনস্তত্র কুঞ্জে সংবিষ্টয়োর্যুবয়োশ্চরণাম্বুজানি সম্বাহ-

---

হইয়া লক্ষ্মী অপেক্ষাও সমধিক রূপবতী তুমি বিরাজ করিতেছ, ঐরূপ যুগল মূর্ত্তি, আমি কবে ভজনা করিব ॥ ৩ ॥

হে দেবি! আমি ত্বদীয় সখী হইয়া নূতন মেঘের ন্যায় নীলাম্বরে শ্রীঅঙ্গ আচ্ছাদন ও চরণ যুগল নূপুর শূন্য এইরূপ অভিসারিকার যথোচিত বেশভূষা করাইয়া অতিশয় হৃষ্টচিত্তা তোমাকে রাত্রিযোগে নিকুঞ্জে বিরাজিত শ্রীকৃষ্ণ সমীপে কবে অভিসার করাইব ॥ ৪ ॥

হে দেবি! ত্রিভুবনের ভূষণ স্বরূপ তোমরা নিকুঞ্জে নানাবিধ পুষ্প রচিত শয্যায় শয়ান হইয়া মধুর নর্ম্ম বিলাস করিবে, আমি তোমাদের উভয়ের চরণ সেবা করিব, এমন

লোকত্রয়াভরণয়োশ্চরণাম্বুজানি
সম্বাহয়িষ্যতি কদা যুবয়োর্জনোয়ং ॥ ৫
ত্বৎ কুণ্ডরোধসি বিলাসপরিশ্রমেণ
স্বেদাম্বু চুম্বিবদনাম্বুরুহশ্রিয়ৌ বাং।
বৃন্দাবনেশ্বরি কদা তরুমূলভাজৌ
সম্বীজয়ামি চমরীচয় চামরেণ ॥ ৬ ॥
লীনাং নিকুঞ্জকুহরে ভবতীং মুকুন্দে
চিত্রৈব সূচিতবতী রুচিরাক্ষিণাহং।

য়িষ্যতি মর্দ্দয়িষ্যতি। স্ফুটার্থমিতরং ॥ ৫ ॥

ত্বদিতি। হে বৃন্দাবনেশ্বরি তৎকুণ্ডরোধসি ত্বৎ সরস্তটে তরুমূল ভাজৌ কল্পবৃক্ষতল মণিকুট্টিমস্থিতৌ বাং যুবামহং চমরীচয় চামরেণ বল্লরীবৃন্দ রচিতেন ব্যজনেন কদা সংবীজয়ামি। চমরং চামরে স্ত্রীতু মঞ্জরীমৃগভেদয়ো রিতি মেদিনী রত্নদণ্ডশোভিতেন বালব্যজনেনেত্যন্যে। বাং কথম্ভূতা বিত্যাহ। বিলাস পরিশ্রমেণ সেদাম্বু চুম্বিবদনাম্বুরুহশ্রিয়ৌ ॥ ৬ ॥

লীনামিতি। কৌতুকান্নিকুঞ্জে লীনা ত্বং চিত্রয়া সখ্যা কৃষ্ণং প্রতি সূচিতা

সময় আমার কবে হইবে ? ॥ ৫ ॥

হে বৃন্দাবনেশ্বরি ! স্মরবিলাস পরিশ্রম হেতু তোমাদিগের বদনাম্বুজ ঘর্ম্মজলে সিক্ত হইলে শ্রান্তিদূর করিবার নিমিত্ত তোমার কুণ্ডের তটবর্ত্তী তরুমূলে উপবেশন করিবে, আমি ঐ অবস্থায় তোমাদিগকে কবে চামর দ্বারা ব্যজন করিব ? ॥ ৬ ॥

হে রুচিরাক্ষি ! তুমি নিকুঞ্জের কোন এক অলক্ষিত স্থানে লুকায়িত হইলে শ্রীকৃষ্ণ তাহা কোন প্রকারে জানিতে

ভুগ্নাং ভ্রুবং নরচয়েতি মৃষা রুষাং ত্বা
মগ্রে ব্রজেন্দ্রতনয়স্য কদানু নেষ্যে ॥ ৭ ॥
বাগ্‌যুদ্ধ কেলিকুতূকে ব্রজরাজসূনুং
জিত্বোন্মদামধিকদর্প বিকাসিজল্পাং।
ফুল্লাভিরালিভিরনল্পমুদীর্য্যমাণ

সতী প্রমুদিতচিত্তাপি মৎসূচনসম্ভাবনয়া ময়ি কৃতানৃতকোপা কদা কৃষ্ণাগ্রেঽনু-নেতব্যেতি বাক্যার্থঃ ॥ ৭ ॥

বাগিতি। ভবতীং কদাহমবলোকয়িষ্যে দ্রক্ষ্যামি। কথম্ভূতমিত্যাহ। বাগ্‌যুদ্ধ কেলিকুতুকে বাক্যোদ্বাক্য ক্রীড়াবিনোদেঽ প্রাপ্তোত্তরং ব্রজরাজসূনুং শ্রেষ্ঠং জিত্বা উন্মদামতিহৃষ্টাং অধিকদর্প বিকাসী জল্পো যস্যা স্তাং। তদাফুল্লাভিঃ সেশ্বরী বিজয়াং প্রসন্নবদনাভিরালীভিরুদীর্য্যমাণং ক্রিয়মাণং স্তোত্রং স্তুতি

পারিয়া তোমার নিকট গমন করিলে তখন সন্দিহান হইয়া আমাকে এই বলিয়া অনুযোগ করিবে যে, আমি এ স্থানে আছি তুমি কৃষ্ণকে বলিয়া দিয়াছ, তখন আমি বলিব, আমি বলিয়া দেই নাই, চিত্রা সখী বলিয়া দিয়াছে, অতএব আমার উপর ভ্রূকুটী ও বৃথা কোপ করিও না, এবম্বিধ বাক্যে শ্রীকৃষ্ণ নিকটে তোমাকে কবে অনুনয় বিনয় করিব এমন দিন আমার কবে হইবে? ॥ ৭ ॥

তুমি যখন বাগ্‌যুদ্ধে শ্রীকৃষ্ণকে পরাভব করিয়া পুলকিতচিত্তে দর্প বশতঃ সমধিক বাগ্‌জাল বিস্তার করিতেছ, তখন তোমার সখীগণ আনন্দিত হইয়া রাধার জয়, রাধার জয়, এই প্রকার

স্তোত্রাং কদানু ভবতীমবলোকয়িষ্যে ॥ ৮ ॥
যঃ কোপি সুষ্ঠু বৃষভানুকুমারিকায়াঃ
সংপ্রার্থনাষ্টকমিদং পঠতি প্রপন্নঃ।
সা প্রেয়সা সহ সমেত্য ধৃতপ্রমোদা
তত্র প্রসাদ লহরী মুররীকরোতি ॥ ৯ ॥

ইতি শ্রীগান্ধর্ব্বাসংপ্রার্থনাষ্টকং।

র্থস্থাস্তাং ॥ ৮ ॥

অষ্টকাধ্যয়নফলমাহ য ইতি। যোজনঃ প্রপন্নঃ শরণাগতঃ সন্ বৃষভানু কুমারিকায়া ইদং সংপ্রার্থনাষ্টকং সুষ্ঠু পঠতি তস্য সম্বন্ধিনীং প্রসাদলহরীং সা তৎ কুমারিকা উররী করোতি স্বীকরোতি তত্র প্রসাদং তনোতীত্যর্থঃ প্রেয়সা কৃষ্ণেন সহ সমেত্য তদন্তিকমাসাদ্যেতি মহান্ প্রসাদোস্য ফলং বসন্ত তিলকমত্রচ্ছন্দঃ। গেয়ং বসন্ততিলকং তভজাজ গৌগ ইতি তল্লক্ষণাৎ॥ ৯ ॥

ইতি শ্রীগন্ধর্ব্বাপ্রার্থনাষ্টকং ব্যাখ্যাতং।

বাক্যে তোমার স্তুতি করিতেছে, এই প্রকার অবস্থাপন্ন তোমাকে আমি কবে অবলোকন করিব ॥ ৮ ॥

যে কোন ব্যক্তি বৃষভানুনন্দিনী শ্রীরাধিকার এই সম্প্রার্থনাষ্টক ভক্তি সহকারে পাঠ করেন সেই শ্রীরাধিকা,শ্রীকৃষ্ণের সহিত তাঁহার নিকট আগমন করিয়া অচিরাৎ তাঁহার প্রতি প্রসন্না হন।

ইতি গান্ধর্ব্বা সম্প্রার্থনাষ্টক সমাপ্ত।

শ্রীরাধাকৃষ্ণৌ জয়তঃ।

অভুর্বিধ বিদগ্ধতাস্পদ বিমুগ্ধবেশশ্রিয়ো
রমন্দশিখিকন্ধরা কনকনিন্দি বাসস্ত্বিষোঃ।
স্ফুরৎপুরটকেতকীকুসুমবিভ্রমাভ্রপ্রভা
নিভাঙ্গ মহসোর্ভজে ব্রজনবীনযূনোর্যুগং॥ ১॥

অথাষ্টকেন তয়োর্যুগলং স্তৌতি। অভুর্বিধেত্যাদিনা। ব্রজনবীন যুনোর্যুগং দ্বন্দ্বমহং ভজে সেবে। যুবতিশ্চ যুবাচ তৌ যুবানৌ। পূর্ব্ববদেক শেষঃ। নবীনৌচ তৌ যুবানৌ চেতি কর্ম্মধারয়ঃ। তয়োঃ কথম্ভূতয়ো রিত্যাহ। অভুর্বিধা সংপূর্ণা যা বিদগ্ধতা তস্যা আস্পদঞ্চ বিমুগ্ধা রম্যাচ বেশশ্রীর্যয়ো স্তথা ভূতয়োঃ। নিঃস্বস্তু দুর্বিধোদীনো দরিদ্রো দুর্গতোপি স ইত্যমরঃ। অমন্দ শিখিকন্ধরা চামন্দ কনকঞ্চ তয়ো র্নিন্দিনীবাসসোস্ত্বিট্ বয়ো স্তথা ভূতয়োরিতি ক্রমান্নীলপীত বাসসোরভিধানং। স্ফুরতঃ পুরটকে-তকী কুসুমস্য যোবিভ্রমঃ কান্তির্যাচাভ্রপ্রভা তন্নিভে ক্রমাদঙ্গ মহসী যয়ো স্তথা ভূতয়োঃ লক্ষ্মী শ্রীকান্তি বিভ্রমা ইতি হলায়ুধঃ। মহশ্চোৎসব তেজসো রিত্যমরঃ॥ ১॥

যাঁহারা নৃত্যগীতাদি সমগ্র কলার আশ্রয় ও সুন্দর বেশ ভুষায় সুশোভিত, সুন্দর ময়ূরকণ্ঠের ন্যায় ও উৎকৃষ্ট সুবর্ণের ন্যায় যাঁহাদিগের অম্বর, প্রফুল্ল সুবর্ণ কেতকী কুসুম ও নবীন মেঘের ন্যায় যাঁহাদিগের অঙ্গশোভা, এইরূপ ব্রজের নবীন কিশোরী ও নবীন কিশোর শ্রীরাধিকা ও শ্রীকৃষ্ণ এই যুগল মূর্ত্তি, আমি ভজনা করি॥ ১॥

সমৃদ্ধবিধু মাধুরী বিধুরতাবিধানোদ্ধুরৈ
র্নবাম্বুরুহরম্যতা মদবিড়ম্বনারম্ভিভিঃ।
বিলিম্পাদিব বর্ণকাবলিসহোদরৈর্দিক্তটী
মুখদ্যুতিভরৈর্ভজে ব্রজনবীনযূনোর্যুগং ॥ ২ ॥
বিলাসকলহোদ্ধতিস্খলদমন্দসিন্দূরভা
অথর্ব্বমদনাঙ্কুশ প্রকরবিভ্রমৈরঙ্কিতং।

তদযুগং পুনর্বিশিনষ্টি। মুখদ্যুতিভরৈঃ প্রশস্যমৈর্দিক্তটী বিলিম্প দিব বিলিপ্তাং কুর্ব্বদিব। তদ্ভরৈঃ কথম্ভূতৈরিত্যাহ বর্ণকেতি। বর্ণকাবলিঃ কুঙ্কুম-কস্তূর্য্যাদ্যনুলেপন শ্রেণী তৎ সহোদরৈস্তত্তুল্যৈরিত্যর্থঃ। সমৃদ্ধায়া বিধুমাধুরী তস্যা বিধুরতা বিধানে কষ্টকরণে উদ্ধুরৈ গর্ব্বিতৈঃ। নবানা মম্বুরুহাণাং যোরম্যতা মদস্তস্য বিড়ম্বনামবজ্ঞামারম্ভন্তে তচ্ছীলৈঃ। বিশেষণাভ্যামত্র্যুজ্জ্বলতানি প্রফুল্লতেতি ক্রমাদ্বর্ণিতং ॥ ২ ॥

পুনস্তয়ো র্যুগং বিশিনষ্টি বিলাসেতি। মদেনোদ্ধুরং গর্ব্বিতং ইভয়ো ইস্তিনো র্মিথুনমিবোল্লসং। ইভমিথুন সাদৃশ্যং সম্পাদয়তি। বিলাস কলহেষু যা উদ্ধতি স্তয়াস্খলন্তি যান্যমন্দানি সিন্দূরাণি তানি ভজতীতি তথা। অথর্ব্বাণাং মহতাং মদনাঙ্কুশ প্রকরাণাং নখরূপাণাং বিভ্রমৈ র্বিলাসৈ রঙ্কিতং চিহ্নিতং।

পূর্ণচন্দ্রের ও প্রফুল্ল কমলের সৌন্দর্য্য গর্ব্ব খর্ব্ব কারিণী শ্রীমুখকান্তি দ্বারা কুঙ্কুমাদি অনুলেপনের ন্যায় যাঁহারা দশ দিক্ অনুলিপ্ত করিতেছেন সেই ব্রজনবীন কিশোরী ও ব্রজনবীন কিশোরকে আমি ভজনা করি ॥ ২ ॥

ঔদ্ধত্য হেতু রতিকলহে স্খলিত সিন্দূর বিন্দু দ্বারা যাঁহাদের শ্রীঅঙ্গ বিভূষিত, কন্দর্পের অঙ্কুশপাতের ন্যায় যাঁহাদের

মদোদ্ধুরমিবেভয়ো র্মিথুনমুল্লসদ্বল্লরী
গৃহোৎসবরতং ভজে ব্রজনবীনযূনোর্যুগং ॥ ৩ ॥
ঘনপ্রণয় নির্ঝর প্রসরলব্ধ পূর্ত্তের্মনো
হ্রদস্য পরিবাহিতামনুসরদ্ভিরস্রৈঃ প্লুতং।
স্ফুরত্তনুরুহাঙ্কুরৈর্নবকদম্ব জৃম্ভশ্রিয়ং
ব্রজত্তদনিশং ভজে ব্রজনবীনযূনোর্যুগং ॥ ৪ ॥

বল্লরীগৃহোৎসবে রতমাসক্তং। ইভয়োরপি যুধ্যমানযোঃ সিন্দুরভাক্তাঙ্কুশ-চিহ্নয়োঃ সম্ভবাত্তৎ সাদৃশ্যং ॥ ৩ ॥

গান শ্রবণ করিয়া শ্রবণেন্দ্রিয়ের দুষ্কৃত রাশি অপনীত হইবে ॥ ২৯ ॥

হে নাগরাজ ! শ্রীকৃষ্ণ ! অয়ি নাগরী শ্রেষ্ঠে ! শ্রীরাধিকে ! যাহা নিজমহিমাদ্বারা সমুদয় গন্ধদ্রব্য পরাজয় করিয়াছে এই প্রকার মৃগমদ ও কুঙ্কুম সুবাসিত ভবদীয় শ্রীঅঙ্গের গন্ধ আঘ্রাণ করিয়া আমার ঘ্রাণেন্দ্রিয় রূপ ভ্রমর কবে আনন্দিত হইবে ? ॥ ৩০ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে বৃন্দাবনেশ্বরি ! শ্রীরাধিকে ! আমি

প্রসীদতং ক্ষণমধিপৌ প্রসীদতং
দৃশোঃ পুরঃ স্ফুরতু তড়িদ্ঘনচ্ছবিঃ ॥ ৩১
ব্রজমধুরজনব্রজাবতংসৌ
কিমপি যুবামভিযাচতেঽজনোঽয়ং।
মম নয়নচমৎকৃতিং করোতু
ক্ষণমপি পাদনখেন্দুকৌমুদী বাং ॥ ৩২ ॥

তর্জ্জনী স্যাৎ প্রদেশিনীত্যমরঃ। তাং মুখমধ্যে বিনিক্ষিপন্নর্পয়ন্নয়ং জনঃ ফুৎকরোতি। স্ফুটার্থমন্যৎ। তড়িদ্ঘনয়োরিব যুবয়োশ্ছবিঃ কান্তিঃ ॥ ৩১ ॥

পাদনখরান্ দিদৃক্ষুঃ প্রার্থয়তে। ব্রজেতি পদ্যং স্ফুটার্থং ॥ ৩২ ॥

এই বৃন্দাবনে মুখে অঙ্গুলি নিক্ষিপ্ত করিয়া বার বার ফুৎকার করত রোদন করিতেছি, অতএব ক্ষণকালের জন্য আমার প্রতি প্রসন্ন হও, বিদুল্লতা ও নবনীরদের ন্যায় তোমাদের উভয়ের রূপ আমার নয়নের অগ্রে বিরাজিত হউক ॥ ৩১ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! শ্রীরাধিকে! তোমরা ব্রজ মণ্ডলস্থ মধুরমূর্ত্তি যাবতীয় নরনারীর শিরোভূষণ, অতএব আমি তোমাদের নিকট কিছু প্রার্থনা করিতেছি, তোমরা একবার আমার সম্মুখে যুগল ভাবে অবস্থিতি কর, তোমাদের পাদপদ্মস্থ নখচন্দ্রকৌমুদী আমার নয়নদ্বয়ের চমৎকারকারিণী হউক ॥ ৩২ ॥

অতর্কিত সমীক্ষণোল্লসিতয়া মুদাশ্লিষ্যতো
র্নিকুঞ্জভবনাঙ্গনে স্ফুরিত গৌরনীলাঙ্গয়োঃ।
রুচঃ প্রচুরয়ন্তু বাং পুরটযূথিকামঞ্জরী
বিরাজদলিরম্যয়োর্মম চমৎকৃতিং চক্ষুযোঃ। ৩৩॥
সাক্ষাৎ কৃতিং বত যয়োর্ন মহত্তমোপি
কর্ত্তুং মনস্যপি মনাক্ প্রভুতামুপৈতি।

অকস্মান্মিলিতৌ তৌ স্বামিনৌ দিদৃক্ষুঃ প্রার্থয়তে অতর্কিতেতি। বাং যুবয়োরুচঃ প্রভাঃ। মম চক্ষুষোশ্চমৎকৃতিং প্রচুরয়ন্তু প্রচুরাং কুর্ব্বন্তু। কেত্যাহ নিকুঞ্জভবনাঙ্গনে। কুঞ্জমন্দির চত্বরে ইত্যর্থঃ। বাং কীদৃশয়োঃ। অতর্কিতমাকস্মিকং যন্মিথঃ সমীক্ষণং তস্মাৎ সমুল্লসিতয়া প্রবৃদ্ধয়া মুদা প্রীত্যা শ্লিষ্যতোরালিঙ্গতোঃ। পুনঃ কীদৃশয়োঃ স্ফুরিতগৌরনীলাঙ্গয়োঃ। তাবুপমিস্বন্ বিশিনষ্টি। পুরটযূথিকা মঞ্জরী চ তস্যাং বিরাজন্নলিশ্চ তয়োরিব রম্যয়োঃ॥ ৩৩॥
স্বাযোগ্যতা মনুভবন্নুত্তপতি সাক্ষাদিতি। বতেতি বিস্ময়ে। মহত্তমঃ সর্ব্বসাধন সম্পন্নোপি সাধুবর্য্যঃ। মনস্যপি যয়োর্হ্লাদিনী বিজ্ঞানঘনয়োঃ

নিকুঞ্জ ভবনমধ্যে তোমাদের পরস্পরের অকস্মাৎ দর্শন জনিত প্রচুর আনন্দ হেতু তোমরা পরস্পর আলিঙ্গন করিতেছ, ঐ সময়ে নীলাঙ্গ ও গৌরাঙ্গ উভয় মিলিত হইয়া স্বর্ণ যূথিকা কুসুম মঞ্জরীস্থিত ভ্রমরের ন্যায় তোমাদের শ্রীঅঙ্গের লাবণ্য আমার নয়ন যুগলের সমধিক চমৎকারকারিণী হউক॥ ৩৩॥

যোগী তপস্বী প্রভৃতি মহাত্মারা তোমাদের সহিত সাক্ষাৎ করিতে সমর্থ হন না, সে স্থলে ক্ষুদ্রপ্রাণী আমি তাদৃশ

ইচ্ছন্নয়ং নয়নয়োঃ পথি তৌ ভবন্তৌ
জন্তু র্বিজিত্য নিজগার ভিয়ং হ্রিয়ঞ্চ ॥ ৩৪ ॥
অথবা মম কিংনু দূষণং যত বৃন্দাবনচক্রবর্ত্তিনৌ।
যুবয়োর্গুণমাধুরী ন বা জনমুন্মাদয়তীহ কং ন বা ॥৩৫॥

সর্ব্বেশ্বরয়োর্মনাগল্লাং সাক্ষাৎকৃতিং কর্ত্তুং প্রভুতাং নৌপৈতি সমর্থোন ভবতি। তৌ ভবন্তৌ নয়নয়োঃ পথি ইচ্ছন্ নেত্রগোচরৌ চিকীর্ষন্নয়ং প্রাকৃত করণ কলেবরোঽহতি দুর্বাসনো মন্দধী র্মল্লগণো জন্তু র্ভিয়ং হ্রিয়ঞ্চ বিজিত্য নিজগার গিলিতবান্। নির্ভয়ো নির্লজ্জশ্চাহমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

ঈদৃক্ প্রার্থনে স্বস্যাতি মূর্খতা মুখাপ্যাথ তত্র তন্মাধুর্য্যাঃ কারণতামাহ অথ বেতি। গুণমাধুরী। দীনোদ্ধারকতা পতিতপাবনতাদীনাং গুণানাং রুচিরতা নবা নিত্যনূতনা। কম্বা জনং নোন্মাদয়তি। রম্যে বস্তুনি রক্তস্ত লোভোবস্তু রম্যত্ব হেতুক ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

তোমাদিগকে নয়ন পথের পথিক করিব বলিয়া ইচ্ছা করিতেছি, সুতরাং আমি লজ্জা ভয় জয় করিয়া উহা উদগীর্ণ করিয়াছি অর্থাৎ অসম্ভব বিষয় প্রার্থনা হেতু আমি লজ্জা-ভয় শূন্য হইয়াছি ॥ ৩৪ ॥

অথবা এ বিষয়ে আমার দোষই বা কি? হে বৃন্দাবন রাজ! শ্রীকৃষ্ণ! হে বৃন্দাবন পট্টমহিষি! শ্রীরাধিকে! তোমাদের গুণ মাধুরী ব্যক্তি মাত্রকেই উন্মাদিত করে, সুতরাং তোমাদের লীলাগুণ মধুমত্ত হইয়া এই প্রার্থনা করিতেছি ॥ ৩৫ ॥

অহহ সময়ঃ সোঽপি ক্ষেমোঘটেত নরস্য কিং
ব্রজনটবরো যত্রোদ্দীপ্তা কৃপাসুধয়োজ্জ্বলা।
কৃত পরিজনশ্রেণি চেতশ্চকোর চমৎকৃতি
ব্র্জতি যুবয়োঃ সা বক্তে্ন্দুদ্বয়ী নয়নাধ্বনি॥ ৩৬।
প্রিয়জনকৃতপার্ষ্ণিগ্রাহচর্য্যোন্নতাভিঃ
সুগহন ঘটনাভির্বক্রিমাড়ম্বরেণ।
প্রণয়কলহকেলিক্ষ্বেলিভির্বামধীশৌ
কি মহ রচয়িতব্যঃ কর্ণয়ো র্বিস্ময়োমে॥ ৩৭॥

হে অধীশৌ বাং যুবয়োঃ প্রণয় কলহকেলি ক্ষ্বেলিভিমে কর্ণয়ো বিস্ময়ঃ কিং রচয়িতব্যঃ। কিমিতি প্রশ্নে। প্রেম কলহরূপায়াঃ কেলিষু ক্ষ্বেলয়ঃ কৌতুকানি তাভিরিত্যর্থঃ। কীদৃশীভিঃ। পরিজনৈঃ কৃতা যা পার্ষ্ণি গ্রাহচর্য্যা সাহায্যক্রিয়া তয়োন্নতাভিঃ প্রবৃদ্ধাভিঃ। পুনঃ কীদৃশীভিঃ। বক্রিমাড়ম্বরেণ সুগহন ঘটনাভির্নানাভঙ্গী নীতাভিরিত্যর্থঃ সৈন্য পৃষ্ঠে পুমান্ পার্ষ্ণিঃ পশ্চাৎ পাদ জিগীষতোরিতি বহুকোষঃ॥ ৩৬॥ ৩৭॥

হে ব্রজনটবর! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! রাধিকে! অতি-মনোহর, কৃপাপীযূষ পরিপূর্ণ ও ভক্তজন চিত্ত-চকোরের আনন্দপ্রদ তোমাদের উভয়ের বদনেন্দু যে দিনে আমার নয়ন পথের পথিক হইতে পারে, এমন শুভ দিন কি আমার হইবে? ॥ ৩৬॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! শ্রীরাধিকে! তোমাদের পরস্পরের পক্ষগণ যাহা লইয়া তুমুল করিতেছে এবং পরস্পরের বক্রোক্তি হেতু যাহার মর্ম্ম অতি দুজ্ঞেয় হইয়াছে এইপ্রকার তোমাদের পরস্পরের প্রণয় কলহ রূপ কেলিকৌতুক

নিভৃতমপহৃতায়াং মে তয়া বংশিকায়াং
দিশি দিশি দৃশমুৎকাং প্রের্য্য সংপৃচ্ছমানঃ।
স্মিত শবল মুখীভি র্বিপ্রলব্ধঃ সখীভি
স্ত্বমঘহর কদা মে তুষ্টিমক্ষ্ণোর্বিধৎসে॥ ৩৮॥

হে অঘহর ত্বং মেঽক্ষ্ণো স্তুষ্টিং কদা বিধৎসে করিষ্যসি। কীদৃশঃ সন্নিত্য পেক্ষ্যাহ নিভৃতং যথাস্যত্তথা এতয়া শ্রীরাধয়া বংশিকায়ামপহৃতায়াং সত্যাং দিশি দিশি প্রতিদিশমুৎকাং দৃশং প্রের্য্য কয়া মে বংশী হৃতেতি সংপৃচ্ছমানঃ পরিপৃচ্ছন্। তত্র যয়া বংশী ন হৃতা তাং সূচয়ন্তীভিঃ সখীভির্বিপ্রলব্ধো বঞ্চিতঃ; কীদৃশীভিঃ স্মিতেন শবলানি চিত্রাণি মুখানি যাসাং তাভিঃ। ধূর্ত্তরাজোঽয়মাভিঃ সম্যক্ বঞ্চিত ইতি। ত্বদ্দর্শনান্মদক্ষ্ণোঃ পরিতোষঃ॥ ৩৮॥

শ্রবণ করাইয়া আমার শ্রবণেন্দ্রিয়কে কবে চমৎকৃত করিবে?॥ ৩৭॥

হে অঘহর! শ্রীকৃষ্ণ! শ্রীরাধিকা তোমার বংশী চুরী করিলে, (আমার বংশী কে লইল, আমার বংশী কে হরণ করিল এই রূপ) জিজ্ঞাসা করিতে করিতে ইতস্ততঃ বংশী অন্বেষণ করিবে, ঐ সময়ে শ্রীরাধিকার পক্ষ সখীরা (তোমার বংশী এই লইয়াছে বলিয়া) কোন অপর ব্যক্তিকে দেখাইয়া দিবে, সেই সময়ে তুমি তাহার সহিত কলহ করিবে, উক্ত সখীরা ধূর্ত্তকে ঠকাইয়াছি বলিয়া হাস্য করিতে থাকিবে, ঐ সময়ে তোমার তাদৃশ ভাব দর্শন করিয়া আমার নয়ন যুগল কবে পরিতৃপ্ত হইবে?॥ ৩৮॥

ক্ষতমধরদলস্য স্বস্য কৃত্বা ত্বদালী
কৃতমিতি ললিতায়াং দেবি কৃষ্ণে ব্রুবাণে।
স্মিত শবলদৃগন্তাকিঞ্চিদুত্তম্ভিতভ্রূ
র্মমমুদ মুপধাস্যত্যাস্য লক্ষ্মীঃ কদা তে ॥ ৩৯ ॥
কথমিদমপি বাঞ্ছিতুং নিকৃষ্টঃ
স্ফুটময়মর্হতি জন্তুরুত্তমার্হং।

হে দেবি শ্রীরাধে স্বস্যাধরদলস্য স্বদশনাভ্যাং ক্ষতং কৃত্বা ললিতায়াং ত্বদাল্যা রাধয়ৈতৎ ক্ষতং কৃতমিতি কৃষ্ণে ব্রুবাণে কথয়তি সতি। তে তবাস্য লক্ষ্মী মুখশোভা মম মুদং কদোপসমীপে আধাস্যতি ময়ি তাং মর্পয়িষ্যতী-ত্যর্থঃ। কীদৃশী সা। স্মিতেন শবলশ্চিত্রো দৃগন্তো যস্যাঃ সেতি কৃষ্ণে মহাবিদূষকত্বং। কিঞ্চিদুত্তম্ভিতভ্রূরিতি মৃষা ভামিনি তস্মিন্ কোপশ্চ ব্যজ্যতে ॥ ৩৯ ॥

দৈন্যমালম্ব্য পুনরাহ কথমিতি হে আর্ত্তনাথৌ। অয়ং নিকৃষ্টো জন্তুরিদ

হে দেবি শ্রীরাধিকে! শ্রীকৃষ্ণ স্বয়ং অর্থাৎ আপনা আপনি নিজ অধরবিম্ব দন্তদ্বারা ক্ষত করিয়া যখন ললিতার নিকট বলিবেন যে, হে ললিতে! দেখ. তোমার সখী শ্রীরাধিকা আমার অধর ক্ষত করিয়া দিয়াছেন, ঐ কথা শ্রবণ করিবামাত্র তুমি ঈষৎ হাস্যমুখী হইয়া ভ্রূকুটী যুক্ত কটাক্ষ দ্বারা শ্রীকৃষ্ণকে দর্শন করিবে, তৎকালোচিত তাদৃশ মুখ শোভা দর্শন করা-ইয়া আমাকে কবে পরিতৃপ্ত করিবে? ॥ ৩৯ ॥

হে, কাতরজনপালক শ্রীকৃষ্ণ! হে কাতরজনপালিকে! শ্রীরাধিকে! উত্তম ভক্তগণের প্রাপ্তির যোগ্য তোমাদের

গুরু লঘুগণনোজ্ঝিতার্ত্তনাথৌ
জয়তি তরামথবা কৃপাদ্যুতির্বাং ॥ ৪০ ॥
বৃত্তে দৈবাদ্ব্রজপতিসুহৃন্নন্দিনী বিপ্রলম্ভে
সংরম্ভেণোল্লসিত ললিতা শঙ্কয়োদ্ভ্রান্তনেত্রঃ।

মীদৃশং সেবাসৌভাগ্যমপি কথং বাঞ্ছিতুমর্হতি। কীদৃশমিদং। উত্তমার্হং পরম ভাগবতানাং বাঞ্ছনীয়ং। অথবা বাং যুবয়োঃ কৃপাদ্যুতি র্জয়তি তরাং নিখিলোৎকৃষ্টা বিরাজতে। কীদৃশী সেত্যাহ গুর্ব্বিতি। উৎকৃষ্টাপকৃষ্ট গণনা রহিতেত্যর্থঃ। যদ্যপ্যয়মধম স্তথাপি তব কৃপয়ৈবৈবং প্রবর্ত্ত্যত ইত্যর্থঃ ॥ ৪০ ॥

তৎকৃপাফলং প্রার্থয়তি বৃত্তে ইতি হে দামোদর ত্বং কদা মমাক্ষ্ণোর্মোদং বিধাতা বিধান কর্ত্তা। কামং যথেচ্ছং। কীদৃশঃ সন্। ব্রজপতি সুহৃন্নন্দিন্যাঃ শ্রীরাধিকায়াঃ বিপ্রলম্ভে দৈবাদ্বৃত্তে সতি শ্রীরাধায়াং বিপ্রলব্ধায়াং সত্যা-মিত্যর্থঃ। উজ্জ্বলাখ্যঃ শ্রীকৃষ্ণাখ্য স্বাদোপভোগ্যেদং কর্ম্ম দৈবং তস্মাত্তদি-চ্ছাত ইত্যর্থঃ। লীলা বিস্তারার্থা খলু তদিচ্ছৈবং প্রবর্ত্ততে। সংরম্ভেণ ক্রোধে-নোল্লসিতা জাজ্বল্যমানা যা ললিতা তস্যাঃ শঙ্কয়া ভীত্যা উদ্ভ্রান্তে ত্রস্তে নেত্রে যস্য সঃ। সময়পটুভিরসজ্জাভিঃ সারীভি র্গৌরাটাভির্দ্রাক্ শীঘ্রমুপলভ্যমানঃ পরম সুন্দররূপস্ত তে রাজপুত্রস্যাপি ধীসৌন্দর্য্যং নাস্তি। যদেতামনুপরমরূপ গুণাং ত্বদেকতানাং রাজপুত্রীং বঞ্চয়সীতি নির্ভৎস্যমানঃ সন্নিত্যর্থঃ। মোদ-

প্রেমসেবা বাঞ্ছা করিতে যদিও এই নিকৃষ্ট ব্যক্তি অযোগ্য হয় তথাপি তোমাদের সর্ব্বোৎকৃষ্ট কৃপা লঘু গুরু গণনা করে না বলিয়া উহা প্রার্থনা করিতে প্রবৃত্ত হইতেছে ॥ ৪০ ॥

হে দামোদর! দৈবায়ত্ত শ্রীরাধিকার সহিত তোমার বিচ্ছেদ হইলে তুমি ললিতার ভয়ে উদ্ভ্রান্ত নয়ন অর্থাৎ পাছে ললিতা আমায় ভর্ৎসনা করেন সেই ভয়ে ব্যস্ত হইলে

ত্বং শারীভিঃ সময় পটুভি র্দ্রাগুপালভ্যমানঃ
কামং দামোদর মম কদা মোদমক্ষ্ণো র্বিধাতা ॥ ৪১ ॥
রাসারম্ভে বিলসতি পরিত্যজ্য গোষ্ঠাম্বুজাক্ষী
বৃন্দং বৃন্দাবনভুবি রহঃ কেশবেনোপনীয়।
ত্বাং স্বাধীন প্রিয়তমপদপ্রাপণেনার্চ্চিতাঙ্গীং
দূরে দৃষ্ট্বা হৃদি কিমচিরাদর্পয়িষ্যামি দর্পং ॥ ৪২ ॥

বিনানাভ্যর্থনৈবং ব্যজ্যতে কৃষ্ণাস্তাঃ সর্ব্বাঃ কেনচিচ্চাতুর্য্যেণ ত্বয্যনুকূলা বিধায় মোদিষ্যে যদি মামঙ্গীকরোষীতি ॥ ৪১ ॥

হে শ্রীরাধে বৃন্দাবন ভুবি ত্বাং দূরাদ্দৃষ্ট্বাঽচিরাৎ শীঘ্রং হৃদি কিং দর্পমর্পয়িষ্যামি। ত্বাং কীদৃশীং বিলসতি শ্রীরাসারম্ভে গোষ্ঠাম্বুজাক্ষীবৃন্দং পরিত্যজ্য সর্ব্বাঃ কান্তা বিহায় রহোনির্জনমুপনীয় কেশবেন কর্ত্রাঽর্চ্চিতাঙ্গীং কৃতসমরাঙ্গ কুসুমবেশাং। কেশবেন কীদৃশেনেত্যাহ স্বেতি। স্বাধীনস্য স্ব প্রিয়তমস্য যৎ পদং কুসুমালঙ্কার নির্ম্মাণাদিরূপোব্যবসায় স্তৎ প্রাপ্নোতীতি তেন ত্বদাজ্ঞানুবর্ত্তিনেত্যর্থঃ ॥ ৪২ ॥

নিকুঞ্জস্থ সারিকাগণ সময় পাইয়া ত্বদধীনা রাজনন্দিনী শ্রীরাধিকাকে তুমি বিনাকারণে বঞ্চনা করিয়াছ বলিয়া কত তিরস্কার করিবে, অতএব তৎকালোচিত তোমার তাদৃশ ভাব দর্শন করিয়া আমার নয়ন দ্বয় কবে আনন্দিত করিবে? ॥ ৪১ ॥

হে শ্রীমতি! শ্রীরাধিকে! শ্রীবৃন্দাবনে রাসক্রীড়া আরম্ভ হইলে শ্রীকৃষ্ণ অন্যান্য ব্রজরমণী পরিত্যাগ করিয়া তোমাকে নির্জ্জনে লইয়া গমন করিবেন, অনন্তর শ্রীকৃষ্ণ তোমার অধীন হইয়া নানাপ্রকার কুসুম দ্বারা তোমার বেশ ভূষা করিয়া দিতে-

রম্যা শোণদ্যুতিভিরলকৈর্যাবকেনোর্জ্জদেব্যাঃ
সদ্যস্তন্দ্রী মুকুলদলসক্লান্তনেত্রা ব্রজেশ।
প্রাতশ্চন্দ্রাবলি পরিজনৈঃ সাচিদৃষ্টা বিবর্ণৈ
রাস্য শ্রীস্তে প্রণয়তি কদা সম্মদং মে মুদঞ্চ ॥ ৪৩ ॥

হে ব্রজেশ তে তবাস্যশ্রীর্মুখশোভা কদা মে সম্মদমতিদর্পং মুদং হর্ষঞ্চ প্রণয়তি করিষ্যতি। দর্পোমদোবলেপেচ ইতি হলায়ুধঃ। কীদৃশী সা উর্জ্জদেব্যাঃ শ্রীরাধায়া যাবকেন পাদালক্তকেন প্রসাদন প্রণতি লগ্নেন শোণদ্যুতিভিরলকৈ রম্যা। পুনঃ কীদৃশী। সদ্যস্তৎক্ষণং সদ্যঃ সপদি তৎক্ষণে ইত্যমরঃ। তন্দ্রা কিঞ্চিন্নিদ্রয়া মুকুলন্তী মুকুলায়মানে অলসে ক্লান্তেচ নেত্রে যস্যাং সা। পুনঃ কীদৃশী। বিবর্ণৈশ্চন্দ্রাবলিপরিজনৈঃ প্রাতঃ সাচি বক্রং দৃষ্টা ॥ ৪৩ ॥

ছেন, ঐ ঘটনা দূর হইতে দর্শন করিয়া আমি নিজ হৃদয়ে কবে অসীম আনন্দ স্থাপন করিব ? ॥ ৪২ ॥

হে ব্রজরাজ তুমি চন্দ্রাবলীর কুঞ্জ হইতে প্রাতঃকালে শ্রীরাধিকার কুঞ্জে আগমন করিয়া মানিনী শ্রীরাধিকার মান ভঞ্জনের নিমিত্ত তোমার অলক্তাঙ্কিত চরণে মস্তক অবনতি হেতু তোমার অলকাবলি লোহিত বর্ণ হইয়াছে, এবং রাত্রি জাগরণ হেতু তোমার নয়ন যুগল নিদ্রাবেশে মুকুলিত ও আলস্য পূর্ণ হইয়া ক্লান্ত হইতেছে, অন্যদিকে চন্দ্রাবলীর সখীগণ বিবর্ণা হইয়া বক্র দৃষ্টিতে তোমার ভাব দর্শন করিতেছে, অতএব তোমার তৎকালোচিত তাদৃশী মুখ শোভা কবে আমার হৃদয়ে গর্ব্ব ও আনন্দ বিস্তার করিবে ? ॥ ৪৩ ॥

ব্যাত্যুক্ষী রভসোৎসবেহধরসুধা পানগ্রহে প্রস্তুতে
জিত্বা পাতু মথোৎসুকেন হরিণা কণ্ঠে ধৃতায়াঃ পুরঃ ।

হে দেবি ব্যাত্যুক্ষী রভসোৎসবে তব তদ্বক্ত্রং কদাহং প্রেক্ষিষ্যে । যন্ত্রাদিনা মিথোহন্যোন্যেকো ব্যাত্যুক্ষী । কর্ম্মব্যতিহারেণচ স্ত্রিয়ামিতি সূত্রাৎ পদ সিদ্ধিঃ । তস্যাং যো রভসো বেগস্তদ্যুক্তে উৎসবে ইত্যর্থঃ তস্মিন্ কীদৃশে । অধরসুধা-পানমেব গ্রহঃ পণো যস্মিং স্তাদৃশে । তব কীদৃশ্যাঃ । তদুৎসবে জিত্বা বিজয়-মানায় পুরঃ সখীনামগ্রে ত্বদধর সুধাং পাতুমুৎসুকেন হরিণা কণ্ঠে ধৃতায়াঃ গৃহীতায়াঃ । তদ্বক্ত্রং কীদৃশং ঈষদক্ষঃ শোণিমা যস্মিন্ তৎ মীলিতে মুদ্রিতে অক্ষিণী যত্র তৎ । অনৃজু কুটিলে ভ্রূবল্লো যত্র তৎ । হেলয়ানাদরেণোন্নতং । অত্র কিলকিঞ্চিত কুট্টমিত বিব্বোকাস্ত্রয়ো ভাবা বর্ণিতাঃ । এষাং লক্ষণানি যথা । গর্ব্বস্মিতাভিলাষাদেভী কোপাদেশ্চ মিশ্রণং । প্রমোদাৎ প্রেয়সঃ

হে দেবি ! শ্রীরাধিকে ! অধর সুধাপান পণ রাখিয়া তোমাদের জল ক্রীড়া আরম্ভ হইলে ঐ ক্রীড়ায় জয় লাভ করিয়া শ্রীকৃষ্ণ আনন্দ মনে অধর সুধাপানের নিমিত্ত তোমার কণ্ঠদেশ গ্রহণ করিবেন, তখন বাহ্য কোপ প্রকাশ হেতু আরক্ত নয়ন ও কুটিল ভ্রূলতার উৎক্ষেপ হেতু এবং অনাদর হেতু উন্নত, হাস্য ও রোদন মিশ্রিত তোমার মুখ পদ্ম আমি কবে দর্শন করিব । (এই শ্লোকে কিলকিঞ্চিত, কুট্টমিত, বিব্বোক, এই তিনটী ভাব বর্ণিত হইয়াছে । নায়ক নায়ি-কার সঙ্গকালে অতিশয় আনন্দ হেতু নায়িকার গর্ব্ব, হাস্য ও অভিলাষাদি যদি ভয় কোপ প্রভৃতি দ্বারা বিমিশ্রিত হয় তাহা হইলে ঐ ভাবকে কিলকিঞ্চিত বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন

ঈষৎ শোণিমমীলিতাক্ষমনৃজু ভ্রূবল্লি হেলোন্নতং
প্রেক্ষিষ্যে তব সস্মিতং স রুদিতং তদ্দেবি বক্তৃং কদা ॥৪৪॥
আলীভিঃ সমমভ্যুপেত্য শনকৈর্গান্ধর্ব্বিকায়াং মুদা
গোষ্ঠাধীশ কুমার হন্ত কুসুমশ্রেণীং হরন্ত্যাং তব।
প্রেক্ষিষ্যে পুরতঃ প্রবিশ্য সহসা গূঢ়স্মিতাস্যং বলা
দাচ্ছিন্দানমিহোত্তরীয়মুরসস্ত্বাং ভানুমত্যাঃ কদা ॥ ৪৫ ॥

সঙ্গং কথ্যতে কিলকিঞ্চিতং। দয়িতে কুচসংস্পর্শ মুখচুম্বাদি কুর্ব্বতি। হৃদ্যানন্দোবহিঃ ক্রোধঃ স্মৃতং কুট্টমিতং বুধৈঃ। বিব্বোকঃ কথ্যতে গর্ব্বাদিষ্টে বস্তুন্যনাদর ইতি। এতানি লক্ষ্যেষু যোজ্যানি ॥ ৪৪ ॥

হে গোষ্ঠাধীশকুমার। আলীভির্ললিতাদিভিঃ সমং গান্ধর্ব্বিকায়াং শনকৈ স্তব পুষ্প বাটীমুপেত্য কুসুম শ্রেণীং হরন্ত্যাং সত্যাং সহসা পুরতঃ প্রবিশ্য ভানুমত্যা গান্ধর্ব্বিকা সহচর্য্যা উরস উত্তরীয়ং বলাদাচ্ছিন্দানং ত্বামহং কদা প্রেক্ষিষ্যে। অতর্কিতেতু সহসেত্যমরঃ। ত্বাং কীদৃশং গূঢ় স্মিতাস্যং ॥ ৪৫ ॥

করেন। স্তনস্পর্শ ও মুখ চুম্বনাদি করিলে যদি নায়িকার বাহিরে কোপ প্রকাশ ও অন্তরে আনন্দ হয়, তাহা হইলে ঐ ভাবকে কুট্টমিত বলিয়া পণ্ডিতেরা বর্ণন করেন। গর্ব্ব হেতু ইষ্ট বস্তুতে অনাদর প্রকাশের নাম বিব্বোক) ॥ ৪৪ ॥

হে ব্রজেন্দ্র নন্দন! ললিতাদি সখীগণে পরিবেষ্টিত হইয়া শ্রীরাধিকা তোমার পুষ্প বাটিকায় প্রবেশ করিয়া অলক্ষ্যভাবে আনন্দে পুষ্প চয়ন করিতেছেন, ঐ সময়ে তুমি হঠাৎ ঐ স্থানে প্রবেশ করিয়া শ্রীরাধিকার সহচরী ভানুমতীর

উদঞ্চতি মধুৎসবে সহচরীকুলেনাকুলে
কদা ত্বমবলোক্যসে ব্রজপুরন্দরস্যাত্মজ।
স্মিতোজ্জ্বল মদীশ্বরী চলদৃগঞ্চল প্রেরণা
ন্নিলীনগুণমঞ্জরীবদনমত্র চুম্বন্ময়া॥ ৪৬॥
কলিন্দতনয়াতটীবনবিহারতঃ শ্রান্তয়োঃ
স্ফুরন্মধুরমাধবীসদনসীম্নি বিশ্রাম্যতোঃ।

হে ব্রজপুরন্দরস্যাত্মজ। সহচরীকুলেন সখীবৃন্দেনাকুলে ব্যাপ্তে মধুৎ-সবে বসন্ত মহসি উদঞ্চতি সতি ত্বং ময়া কদাবলোক্যসেঽবলোকিতো ভবিষ্যসি। কীদৃশস্ত্বং স্মিতোজ্জ্বলেন মদীশ্বর্য্যাঃ শ্রীরাধায়াশ্চলদৃগঞ্চলেন প্রেরণাৎ প্রবর্ত্তনাদ্ধেতোঃ। নিলীনায়াঃ ক্বচিন্নিলীয় স্থিতায়া গুণমঞ্জর্য্যাস্তদাখ্যায়াঃ সখ্যা বদনং চুম্বন্॥ ৪৬॥

এবং বিনোদ দর্শনং সংপ্রার্থ্য পুনঃ সেবাং প্রার্থয়তি কলিন্দেতি। হে অধীশৌ। অনেন মল্লক্ষণেন জনেন স্বকচবৃন্দমাত্মকেশজূটমুন্মুচ্য যুবয়োঃ

বক্ষঃস্থল হইতে উত্তরীয় বসন বল পূর্ব্বক গ্রহণ করিয়া এবং ঐ সময়ে বাহিরে কোপ প্রকাশ ও অন্তরে হাস্য যুক্ত তোমার মুখপদ্ম আমি কবে দর্শন করিব?॥ ৪৫॥

হে ব্রজেন্দ্রনন্দন! সখীগণে বেষ্টিত হইয়া তোমাদের বসন্তোৎসব আরম্ভ হইলে হাস্যমুখী শ্রীরাধিকার চপল কটাক্ষ প্রেরণে অর্থাৎ তাঁহার ইঙ্গিত হেতু নিভৃত স্থানে অবস্থিত গুণ মঞ্জরী নামিকা কোন সখীর বদন চুম্বন করিতেছ, এই প্রকার তোমাকে আমি কবে দর্শন করিব॥ ৪৬॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! শ্রীরাধিকে! তোমরা

বিমুচ্য রচয়িষ্যতে স্বকচবৃন্দমত্রামুনা
জনেন যুবয়োঃ কদা পদসরোজসম্মার্জ্জনং ॥ ৪৭ ॥
পরিমিলদুপবর্হং পল্লবশ্রেণিভির্বাং
মদন সমরচর্য্যাভারপর্য্যাপ্তমত্র।
মৃদুভিরমলপুষ্পৈঃ কল্পয়িষ্যামি তল্পং
ভ্রমরযুজি নিকুঞ্জে হা কদা কুঞ্জরাজৌ ॥ ৪৮ ॥

পদসরোজ সংমার্জ্জনং পাদেভ্যো রজসামপনয়নং কদা করিষ্যত ইত্যন্বয়ঃ। যুবয়োঃ কথম্ভূতয়োরিত্যপেক্ষায়াং কলিন্দেত্যাদিকং বিশদার্থং ॥ ৪৬ ॥

হে কুঞ্জরাজৌ অত্র নিকুঞ্জে মৃদুভিঃ কোমলৈ রমলপুষ্পৈর্বাং যবয়োস্তল্পং শয্যাং কদাহং রচয়িষ্যামি। নিকুঞ্জে কীদৃশি। ভ্রমরাণাং যুক্ যোগৌ যত্র এতাদৃশি। তল্পং কীদৃশং। পল্লবশ্রেণীভিঃ পরিমিলদুপবর্হং। উপবর্হং উপধানং পুনঃ কীদৃশং। মদন সমরচর্য্যায়া ভারে পর্য্যাপ্তং তদ্ভার সহন ক্ষমমিত্যর্থঃ ॥ ৪৮ ॥

কালিন্দীতটবর্ত্তি বনবিহারে পরিশ্রান্ত হইয়া মাধবীলতামূলে বিশ্রাম করিতেছে, ঐ সময়ে নিজ কেশপাশ মুক্ত করিয়া উহা দ্বারা তোমাদের পাদপদ্মরজের মার্জ্জনা আমি কবে করিব ? ॥ ৪৭ ॥

ভ্রমর শোভিত নিকুঞ্জবন মধ্যে নবপল্লব দ্বারা উপধান (বালিষ) ও সুকোমল পুষ্প আস্তরণ করিয়া মদন যুদ্ধের ভার সহন ক্ষম তোমাদের পুষ্পশয্যা আমি কবে প্রস্তুত করিয়া দিব ॥ ৪৮ ॥

অলিদ্যুতিভিরাহৃতৈর্মিহিরনন্দিনীনির্ঝরাৎ
পুরঃ পুরট ঝর্ঝরীপরিভৃতৈঃ পয়োভির্ময়া।
নিজপ্রণয়িভির্জনৈঃ সহ বিধাস্যতে বাং কদা
বিলাস শয়নস্থয়োরিহ পদাম্বুজক্ষালনং॥ ৪৯॥
লীলাতল্পে কলিতবপুষোর্ব্যাবহাসীমনল্পাং
স্মিত্বা স্মিত্বা জয়কলনয়া কুর্ব্বতোঃ কৌতুকায়।

নিজপ্রণয়িভির্জনৈঃ সহ ময়া বাং যুবয়োঃ পদাম্বুজক্ষালনং পয়োভির্জলৈঃ কদা বিধাস্যতে করিষ্যতে। মুখাম্বুজক্ষালনস্যাপ্যুপলক্ষণমিদং। বাং কীদৃশয়োরিত্যাহ বিলাসেতি। পয়োভিঃ কীদৃশৈঃ অলিদ্যুতিভিঃ শ্যামকান্তিভিঃ। কালিন্দী কালসলিলা ইতি স্মরণাৎ। মিহিরনন্দিনীনির্ঝরাৎ কালিন্দীপ্রবাহাদাহৃতৈরানীতৈঃ। পুরট ঝর্ঝরীষু স্বর্ণভৃঙ্গারকেষু পরিভৃতৈঃ॥ ৪৯॥

হে অধীশৌ কৃতদ্যূতকলহয়ো র্বাং যুবয়োঃ সন্ধ্যারম্ভে মিলনোপক্রমে জাতে মধ্যে কুঞ্জমহং পদাম্ভোজসংবাহনানি কিং কল্পয়িষ্যামি। কুঞ্জস্য মধ্যে মধ্যে কুঞ্জমিত্যব্যয়ীভাবঃ। পারে মধ্যে ষষ্ঠ্যাবেতি সূত্রাৎ। যুবয়োঃ কীদৃশয়োঃ।

হে নিকুঞ্জরাজ! শ্রীকৃষ্ণ! হে নিকুঞ্জপট্টমহিষি! শ্রীরাধিকে! বিলাস শয্যাস্থ তোমাদের পাদপ্রক্ষালন ও মুখ প্রক্ষালনের জন্য সখীগণে পরিবেষ্টিত হইয়া ভ্রমর মালার ন্যায় কৃষ্ণবর্ণ কালিন্দীনদীর জল স্বর্ণভৃঙ্গারে পূর্ণ করিয়া আমি কবে তোমাদের নিকট আনয়ন করিব?॥ ৪৯॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! সন্ধ্যার সময়ে নিকুঞ্জ মধ্যে বিলাস শয্যায় আরোহণ করিয়া তোমা-

মধ্যে কুঞ্জং কিমিহ যুবয়োঃ কল্পয়িষ্যাম্যধীশৌ
সন্ধ্যারম্ভে লঘু লঘু পদাম্ভোজসম্বাহনানি ॥ ৫০ ॥
প্রমদ মদনযুদ্ধারম্ভসম্ভাবুকাভ্যাং
প্রমুদিত হৃদয়াভ্যাং হন্ত বৃন্দাবনেশৌ।
কিমহমিহ যুবাভ্যাং পানলীলোন্মুখাভ্যাং
চষকমুপহরিষ্যে সাধু মাধ্বীকপূর্ণং ॥ ৫১ ॥
কদাহং সেবিষ্যে ব্রততিচমরীচামর মরু
দ্বিনোদেন ক্রীড়াকুসুমশয়নে ন্যস্তবপুষৌ।

জয়কলনয়া বিজয়েচ্ছয়াহনল্পাং ব্যবহাসীঃ মিথঃ পরিহাসং কুর্ব্বতোঃ ব্যাত্যুক্ষীবৎ পদসিদ্ধিঃ স্ফুটমন্যৎ ॥ ৫০ ॥

হে বৃন্দাবনেশৌ পানলীলোন্মুখাভ্যাং যুবাভ্যামহং সাধু মাধ্বীকপূর্ণং চষকমুপহরিষ্যে দাস্যামি। চষকোঽস্ত্রী পানপাত্রমিত্যমরঃ। প্রকৃষ্টো মদো যত্র তস্য মদনযুদ্ধস্যারম্ভে সংভাবুকাভ্যামতিকুশলাভ্যাং ॥ ৫১ ॥

হে ব্রজনবযুবানৌ ব্রততি চমরীচামরমরুদ্বিনোদেন যুবামহং কদা সেবিষ্যে।

দের দ্যূতক্রীড়া আরম্ভ হইলে পরস্পর জয়াকাঙ্ক্ষী হইয়া হাস্য পরিহাস কৌতুক করিবে, আমি ঐ সময়ে তোমাদের মৃদু মৃদু পাদ সম্বাহন করিব, এমন দিন কি আমার হইবে? ॥ ৫০ ॥

হে বৃন্দাবনেশ্বর! হে বৃন্দাবনেশ্বরি! এই নিকুঞ্জ বন মধ্যে তোমরা স্মরবিলাস পটু ও পরস্পর হৃষ্টচিত্ত হইয়া মধু পানের নিমিত্ত ইচ্ছুক হইলে ঐ সময়ে মধুপূর্ণ পান পাত্র তোমাদের নিকট উপহার দিয়া আমি কবে চরিতার্থ হইব? ॥ ৫১ ॥

দরোন্মীলন্নেত্রৌ শ্রমজলকণক্লিদ্যদলকৌ
ব্রুবানাবন্যোন্যং ব্রজনবযুবানাবিহযুবাং ॥ ৫২ ॥
চ্যুতশিখরশিখণ্ডাং কিঞ্চিদুৎস্রংসমানাং
বিলুঠদমলপুষ্পশ্রেণিমুন্মুচ্য চূড়াং।
দনুজদমনদেব্যাঃ শিক্ষয়া তে কদাহং
কমল কলিত কোটিং কল্পয়িষ্যামি বেণীং ॥ ৫৩ ॥

ব্রততীনাং লতানাং যাশ্চমর্য্যো মঞ্জর্য্যস্তাভি নির্ম্মিতস্য চামরস্য ব্যজনস্য যোমরুৎ পবন স্তস্যবিনোদেন চালনেনেত্যর্থঃ স্ফুটমন্যৎ ॥ ৫২ ॥

হে দনুজদমনদেব্যাঃ শ্রীরাধায়াঃ শিক্ষয়োপদেশেন তে তব চূড়া মুন্মুচ্য বেণীং কল্পয়িষ্যামি রচয়িষ্যামি। চূড়াং কীদৃশীং চ্যুতঃ শিখবাদগ্রাৎ শিখণ্ড-শ্চন্দ্রকো যস্যাস্তাং। কিঞ্চিদল্পং বিস্রংসমানাং শ্লথবন্ধাং। অতএব বিলুঠন্ত্যাধঃ পতন্তী অমলপুষ্পশ্রেণি র্যস্যাস্তাং। বেণীং কাদৃশীং কমলেন পদ্মেন কলিতা যুক্তা কোটি রগ্রং যস্যাস্তাং। স্যাৎ কোটিরস্ত্রী চাগ্রেপি সংখ্যাভেদ প্রকর্ষয়োরিতি বিশ্বঃ ॥ ৫৩ ॥

হে ব্রজনবযুবরাজ! শ্রীকৃষ্ণ! হে ব্রজনবযুবতীশ্রেষ্ঠে! শ্রীরাধিকে! বিলাস কুসুমশয্যায় শয়ান হইয়া তোমাদের নয়ন দ্বয় ঈষৎ উন্মীলিত ও ঘর্ম্মজল কণায় অলকাবলী আর্দ্র হইবে এবং পরস্পর পরস্পরের শ্রান্তি সূচক আলাপে রত হইবে, ঐ সময়ে লতা মঞ্জরীরূপ চামর দ্বারা আমি কবে তোমাদিগকে ব্যজন করিব ॥ ৫২ ॥

হে দনুজদমন! শ্রীকৃষ্ণ! শ্রীরাধিকার উপদেশে তোমার চূড়াবন্ধ আলুলায়িত করিয়া তাহা হইতে ময়ূরপুচ্ছ ও

কমলমুখি বিলাসৈরংসয়োঃ শ্রংসিতানাং
তুলিত শিখিকলাপং কুন্তলানাং কলাপং।
তব কবরতয়াবির্ভাব্য মোদাৎ কদাহং
বিকচ বিচকিলানাং মালয়ালঙ্করিষ্যে ॥ ৫৪ ॥
মিথঃ স্পর্দ্ধাবন্ধে বলতি বল ত্যক্ষকলহে
ব্রজেশ ত্বাং জিত্বা ব্রজযুবতিধম্মিল্লমণিনা।

হে কমলমুখি শ্রীরাধিকে কদা তব কুন্তলানাং কলাপং বৃন্দং কবরতয়া বির্ভাব্য তস্য বন্ধবিশেষং নির্ম্মায়েত্যর্থঃ। বিকচবিচকিলানাং বিকসিত মল্লীনাং মালয়াহমলঙ্করিষ্যে। তদ্বন্ধবিশেষাঃ স্যুর্বেণী ধম্মিল্ল কুন্তলকবর্য্য ইতি মল্লিকাং বিচকিলমিতি চ হলায়ুধঃ। কুন্তলানাং কীদৃশানাং বিলাসৈর্হেতুভি রংসয়োঃ স্কন্ধয়োঃ স্রংসিতানাং স্খলিতানাং। তেষাং কলাপং কীদৃশং তুলিতাঃ স্বসাদৃশ্যং নীতাঃ শিখিকলাপাঃ কেকিপুচ্ছা যেন তং ॥ ৫৪ ॥

হে ব্রজেশ ব্রজযুবতি ধম্মিল্ল মণিনাঽস্মৎস্বামিন্যা শ্রীরাধয়াঽক্ষকলহে ত্বাং জিত্বা দৃগন্তেন ক্ষিপ্তাঃ প্রেরিতা বয়ং ইহাক্ষকলহে পণং তব কুরঙ্গং হরিণং

পুষ্প সকল অপসারিত করিয়া চূড়ার পরিবর্ত্তে অগ্রভাগে কমল কুসুম শোভিত বেণীবন্ধন কবে আমি রচণা করিয়া দিব ॥ ৫৩ ॥

হে কমলমুখি ! শ্রীরাধিকে ! স্মরবিলাসে শিখিকলাপ তুল্য তোমার কেশকলাপ আলুলায়িত হইয়া স্কন্ধাবলম্বী হইলে পুনর্ব্বার কবরী বন্ধন করিয়া ঐ কবরী বিকসিত মল্লিকামালায় কবে আমি সুশোভিত করিব ॥ ৫৪ ॥

হে ব্রজযুবরাজ ! তোমাদের পরস্পরের কুরঙ্গ পণ রাখিয়া দ্যূত ক্রীড়া আরম্ভ হইলে ঐ ক্রীড়ায় ব্রজরমণীর শিরোমণি

দৃগন্তেন ক্ষিপ্তা পণমিহ কুরঙ্গং তব কদা
গ্রহীষ্যামোবদ্ধা কলয়তি বয়ং ত্বৎপ্রিয়গণে ॥ ৫৫ ॥
কিং ভবিষ্যতি শুভঃ স বাসরো
যত্র দেবি নয়নাঞ্চলেন মাং।
গর্ব্বিতং বিহসিতুং নিযোক্ষ্যসে
দ্যূতসংসদি বিজিত্য মাধবং ॥ ৫৬ ॥

বদ্ধা কদা গ্রহীষ্যাম ত্বং প্রিয়গণে মধুমঙ্গলাদিকে কলয়িত পশ্যতি। সতি অক্ষকলহে কীদৃশে মিথঃ স্পর্দ্ধয়ের্ষয়াবদ্ধে। বলবতি প্রবলে বলতি বর্দ্ধমানে ॥ ৫৫ ॥

হে দেবি শ্রীরাধিকে স্বামিনি স শুভোবাসরো দিবসঃ কিং মে ভবিষ্যতি। যত্র বাসরে দ্যূতসংসদি ভুজবলেন গর্ব্বিতং মাধবং বিজিত্য তং বিহসিতুং ত্বং মাং নিযোক্ষ্যসে প্রবর্ত্তয়িষ্যসি। ক গতোঽধুনা ভবতো গর্ব্বঃ। দ্যূতং খলু ধীবলেন সাধ্যং নতু বাহুবলেন। যেনাসুরান্নিহত্য ভবান্ গর্ব্বিতোঽস্তীতি ভবন্তমহং পরিহসিষ্যামীতি ॥ ৫৬ ॥

শ্রীরাধিকা তোমাকে পরাজিত করিয়া (শ্রীকৃষ্ণের কুরঙ্গ লইয়া আইস এই অভিপ্রায়ে) ইঙ্গিত করিলে আমরা তোমার প্রিয়সখা মধুমঙ্গলাদির সমক্ষ হইতে কুরঙ্গ বাঁধিয়া লইয়া কবে মদীশ্বরী শ্রীরাধিকার নিকট উপস্থিত করিব ॥ ৫৫ ॥

হে দেবি ! শ্রীরাধিকে ! আমার কি সেই শুভদিন হইবে? যে দিন তুমি দ্যূতক্রীড়ায় শ্রীকৃষ্ণকে পরাজয় করিয়া দ্যূতক্রীড়ানভিজ্ঞ মাত্র ভুজবল গর্ব্বিত ইত্যাদি পরিহাস বাক্যে

কিং জনস্য ভবিতাঽস্য তদ্দিনং
যত্র নাথ মুহুরেনমাদৃতঃ।
ত্বং ব্রজেশ্বরবয়স্যনন্দিনী
মানভঙ্গবিধিমর্থয়িষ্যসে ॥ ৫৭ ।
ত্বদাদেশং সারী কথিতমহমাকর্ণ্যমুদিতো
বসামি ত্বৎ কুণ্ডোপরি সখি বিলম্বস্তব কথং

হে নাথ স্বামিন্ অস্য জনস্য তদ্দিনং কিং ভবিতা ভাবি। যত্র দিনে ত্বমাদৃতঃ কৃতমৎ সংকারঃ সন্ ব্রজেশ্বরঃ বয়স্যস্য বৃষভানো র্নন্দিন্যাঃ শ্রীরাধায়া মানিন্যা মানভঙ্গবিধিমেনং মল্লক্ষণং জনমর্থয়িষ্যসে। হে সুন্দরি সৌহার্দ্দাদি গুণবতি মদেকহিতে শ্রীরাধা প্রতিক্ষণাঙ্গসেবয়া ত্বয্যনুরক্তা ত্বদ্বাচ মঙ্গীকুর্য্যা-দেবেতি তদ্বিধিং ভিক্ষিষ্যসে ইত্যর্থঃ ॥ ৫৭ ॥

হে দামোদর ইত্যেবংবিধং মম সন্দেশ কুসুমং শ্রীদাম্নঃ স্বসরি ভগিন্যাং শ্রীরাধায়াং হর প্রাপয় ইতি বচসা ত্বমমুং মল্লক্ষণং জনং কদা নোৎস্যসি।

শ্রীকৃষ্ণকে অপ্রস্তুত করিবার নিমিত্ত আমাকে ইঙ্গিত করিবে আমি তাদৃশ আজ্ঞাপালন করিয়া তোমার সন্তোষ বিধান করিব ? ॥ ৫৬ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! আমার কি সেই দিন হইবে ? যে দিন নিজ সখী বলিয়া সমাদর পূর্ব্বক বৃষভানুনন্দিনীর মান-ভঙ্গ করিতে আমাকে আজ্ঞা করিবে ? ॥ ৫৭ ॥

হে দামোদর ! সারিকা কথিত তোমার আদেশ শ্রবণ করিয়া আমি পুলকিত মনে শ্যামকুণ্ডের তীরে উপবেশন করিব, ঐ সময়ে শ্রীরাধিকার আগমনে বিলম্ব দেখিয়া তুমি আমাকে

ইতীদং শ্রীদামস্বসরি মম সন্দেশকুসুমং
হরেতি ত্বং দামোদর জনমমুং নোৎস্যসি কদা ॥ ৫৮ ॥
শঠোয়ং নাবেক্ষ্যঃ পুনরিহ ময়া মানধনয়া
বিশন্তং স্ত্রীবেশং সুবলসুহৃদং বারয় গিরা।

প্রাপয়িষ্যসি। কিং বিধং তদিতি চেত্তত্রাহ ত্বদিত্যর্দ্ধকং বিশদার্থং ॥ ৫৮ ॥

হে শ্রীরাধিকে স্বামিনি তে সাকূতং সাভিপ্রায়ং বচনমবধার্য্য নিশ্চিত্যো ছুরিতবী বিবৃতমতিরহং ছলাটোপৈবঞ্চনাড়ম্বরৈঃ গোপপ্রবরং গোপাল চূড়ামণিং কৃষ্ণং কিমবরোৎস্যামি। কিং তদ্বচনং তদাহ শঠোয়মিতি। চাটুবচনৈ বহিবস্তুরঞ্জয়ন্নপ্যন্তঃরপ্রিয়তরকারিত্বাৎ কৃষ্ণঃ শঠঃ। ততোহয়ং মানধনয়া ময়া নাবেক্ষ্যঃ। মদীয়ায়ৈ স্ত্রীবেশং সন্তং মন্মন্দিরে বিশন্তং সুবল-সুহৃদং তং ছলগিরা ত্বং বারয় নিষেধ। সুবলোহি স্ত্রীবেশেনাস্মদ্‌গুরূন্ প্রতা রণেং তত্র ইয়ং বিদ্যা তেনাপি লব্ধা। ততোকৃষ্ণ বচসা নিরস্যমানঃ সশাঠ্যং বিহাস্যতীতি তদা কৃতং দৈত্যবিমোহনায় ভবতঃ স্ত্রীবেশঃ পুরাভূন্নচাত্র কশ্চিৎ

দূতী করিয়া কবে শ্রীরাধার নিকট প্রেরণ করিবে? অর্থাৎ সখি! তোমার আগমনে এত বিলম্ব হইতেছে কেন? ইত্যাদি তোমার বাক্য কুসুম লইয়া শ্রীরাধিকার নিকট কবে উপস্থিত হইব? ॥ ৫৮ ॥

হে শ্রীরাধিকে! তুমি মানিনী হইলে (সেই চতুরতম শ্রীকৃষ্ণের মুখ আর আমি দেখিব না, সুবলপ্রিয় শ্রীকৃষ্ণ স্ত্রী-বেশ ধারণ করিয়া আমার কুঞ্জে আসিতেছে অতএব উহাকে নিষেধ কর,) ইত্যাদি তোমার অভিপ্রেত বাক্য নিশ্চয় করিয়া ইঙ্গিতজ্ঞা আমি সেই গোপরাজ শ্রীকৃষ্ণকে রূঢ় বাক্য

ইদন্তে সাকূতং বচনমবধার্য্যোচ্ছলিতধী
শ্ছলাটোপৈ র্গোপপ্রবরমবরোৎস্যামি কিমহং ॥ ৫৯ ॥
অঘহর বলীবর্দ্দঃ প্রেয়ান্নব স্তব যোব্রজে
বৃষভবপুষা দৈত্যেনাসৌ বলাদভিযুজ্যতে।
ইতি কিল মৃষা গীর্ভিশ্চন্দ্রাবলীনিলয়স্থিতং
বনভুবি কদা নেষ্যামি ত্বাং মুকুন্দ মদীশ্বরীং ॥ ৬০ ॥

দৈত্যোঽস্তীতি কিঞ্চ প্রস্থবয়ন্ত্যা ভবস্তমাকারয়তীতি। মৎস্বামিনীমভিতঃ স্থিতাভি রতিচতুরাভিঃ প্রতিবেশিনীভিঃ স্ত্রীবেশোপি ভবান্ পরিচীয়েত। তস্মাদাত্যত্র প্রবেশাবসরঃ স্বশাঠ্যং ধ্যায়ন্ স্ববেশ্মৈব স্বামী প্রতিযাহিতি ছলাটোপাঃ ॥ ৫৯ ॥

হে মুকুন্দ চন্দ্রাবলীনিলয়স্থিতং ত্বামহমিতি মৃষা গীর্ভির্বনভুবি স্থিতাং মদীশ্বরীং কদা নেষ্যামি কা স্তা মৃষাগির স্তত্রাহ। হে অঘহর তব প্রেয়ান্ যো নবো বলীবর্দ্দো বৃষভঃ অসৌ বৃষভবপুষা দৈত্যেন বলাদভিযুজ্যতে প্রহীয়তে ইত্যেবং বিধাঃ। তথাচানৃতোক্তিবৈমুখ্যত্যাগপ্যহমনৃতবাক্যেনাপি ত্বাং সুখয়ামি মাং চেৎ স্বীকরোষীতি ॥ ৬০ ॥

দ্বারা কবে নিষেধ করিব? অর্থাৎ তুমি শ্রীরাধার কুঞ্জে আসিও না, এ স্থানে আসিলে তোমার ভাল হইবে না, ইত্যাদি কঠোর বাক্যে শ্রীকৃষ্ণকে কবে নিষেধ করিব? ॥ ৫৯ ॥

হে অঘহর! হে মুকুন্দ! শ্রীবৃন্দাবনে বৃষভাকার কোন দৈত্য আসিয়া তোমার প্রিয়তম সেই নবীন বৃষটীর উপর বড়ই উৎপাত করিতেছে অতএব তুমি শীঘ্র আসিয়া

নিগিরতি জগদুচ্চৈঃ সূচিভেদ্যে তমিস্রে
ভ্রমররুচিনিচোলেনাঙ্গমাবৃত্য দীপ্তং।
পরিহৃত মণিকাঞ্চী নূপুরায়াঃ কদাহং
তব নবমভিসারং কারয়িষ্যামি দেবি॥ ৬১॥
আস্যে দেব্যাঃ কথমপি মুদা ন্যস্তমাস্যাত্ত্বয়েশ
ক্ষিপ্তং পর্ণে প্রণয়জনিতাদ্দেবি বাম্যাত্ত্বয়াগ্রে।

হে দেবি সূচিভেদ্যেঽতি নিবিড়ে তমিস্রেঽন্ধকারে উচ্চৈ র্জগন্নিগিরতি সতি ভ্রমররুচিনা নিচোলেন প্রচ্ছদেন দীপ্তং বিদ্যুৎপ্রভং তবাঙ্গমাবৃত্য নব মভিসারং কদাহং কারয়িষ্যামি। নিচোলঃ প্রচ্ছদপট ইত্যমরঃ।. স্তব-কিন্তুতায়াঃ সিঞ্জিতভয়াৎ পরিহৃতানি ত্যক্তানি মণিকাঞ্চী নূপুরাণি যয়া তস্যাঃ॥ ৬১॥

হে নাথৌ তত্তাম্বূলীয়ং চর্ব্বিতং কদায়ং জনোঽয়মতি আস্বাদয়িষ্যতি।

উহা নিবারণ কর এই প্রকার মিথ্যাবাক্য দ্বারা চন্দ্রাবলীর নিকুঞ্জ হইতে আনয়ন করিয়া মদীশ্বরী শ্রীরাধিকার নিকট কবে তোমাকে উপনীত করিব? ॥ ৬০॥

হে দেবি! শ্রীরাধিকে! অতি গাঢ় অন্ধকারে পৃথিবী আচ্ছন্ন হইলে তোমার মণিময় কাঞ্চী নূপুরাদি মুখর অলঙ্কার অপসারিত করিয়া ভ্রমর কান্তির ন্যায় কৃষ্ণবর্ণ বস্ত্রে তোমার অঙ্গ আবরণ করিয়া আমি তোমাকে নবাভিসার কবে করাইব? ॥ ৬১॥

হে শ্রীকৃষ্ণ! তোমার চর্ব্বিত তাম্বূল নিজ মুখ হইতে শ্রীরাধিকার মুখে অর্পণ করিবে, হে দেবি! শ্রীরাধিকে!

আকূতজ্ঞস্তদতি নিভৃতং চর্ব্বিতং খর্ব্বিতাঙ্গ
স্তাম্বূলীয়ং রসয়তি জনঃ ফুল্লরোমা কদায়ং ॥ ৬২ ॥
পরস্পরমপশ্যতোঃ প্রণয়মানিনোর্বাং কদা
ধ্রুতোৎকলিকয়োরপি স্বমভিরক্ষতোবাগ্রহং।

নিভৃতং গুপ্তং যথাস্যাত্তথা কিম্ভূতোজনঃ খর্ব্বিতাঙ্গঃ হ্রস্বীকৃতাবয়বঃ। আকূতজ্ঞঃ উভয় প্রসাদরূপমেতন্মৎ কৃপাপাত্রীয়ং ভুঙ্‌ক্তামিতি হৃদ্ভাবজ্ঞ ইত্যর্থঃ ফুল্লরোমা মহাপ্রসাদমাস্বাদ্য সরোমাঞ্চঃ। কীদৃশী তাম্বূলীয়ং চর্ব্বিতমিত্যপেক্ষায়ামাহ। হে ঈশ ব্রজনাথ আস্তান্নিজমুখাৎ দেব্যাঃ শ্রীরাধায়া আস্যে মুখে ত্বয়া মুদা প্রীত্যা কদা কথমপ্যত্যাগ্রহেণ ন্যস্তমর্পিতং। হে দেবি শ্রীরাধে ত্বয়াতু নাহং ত্বদুচ্ছিষ্টমদ্মীতি প্রণয়জনিতাদ্বাম্যাদেতোরাস্যাৎ স্বমুখাৎ পর্ণে ক্ষিপ্তমিতি ॥ ৬২ ॥

হে স্বামিনৌ বাং যুবয়োর্দ্বয়োঃ কদাহং স্মিতমুদঞ্চয়ে জনয়িষ্যামি। দ্বয়োঃ

তুমি প্রণয়কোপ বশতঃ (তোমার উচ্ছিষ্ট খাইব না বলিয়া উহা পত্র মধ্যে নিক্ষেপ করিবে, ঐ সময়ে তোমার অভিপ্রায় বুঝিয়া কুঞ্চিত দেহে তোমাদের উভয়ের প্রসাদী সেই চর্ব্বিত তাম্বূল ভক্ষণ করিয়া কবে আমি রোমাঞ্চিত কলেবর হইব ? ॥ ৬২ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! তোমরা অকারণ পরস্পর মান করিয়া পরস্পর দর্শন জন্য উৎকণ্ঠিত হইলেও নিজ নিজ গৌরব রক্ষা হেতু বিশেষ আগ্রহ না থাকায় পরস্পর দেখা দেখি হইতেছে না, ঐ সময়ে (শ্রীকৃষ্ণ ! বারম্বার আমার প্রতি কটাক্ষ করিতেছ কেন ?

দ্বয়োঃ স্মিতমুদঞ্চয়ে নুদসি কিং মুকুন্দামুনা
দৃগন্তনটনেনমামুপরমেত্যলীকোক্তিভিঃ ॥ ৬৩ ॥
কদাপ্যবসরঃ স মে কিমু ভবিষ্যতি স্বামিনৌ
জনোয়মনুরাগতঃ পৃথুনি যত্র কুঞ্জোদরে।

কীদৃশয়োঃ প্রণয়মানিনো নির্হেতুকমানবতোঃ। অতো ধৃতোৎ কলিকয়ো দর্শনায় সোৎকণ্ঠয়োরপি পরস্পরমপশ্যতোঃ। যতঃ স্বং স্বকীয় মাগ্রহং নক্ষতোঃ পালয়তোঃ ননু কেনোপায়েন নৌ স্মিতমুদঞ্চয়িষ্যসীতি চেত্তত্রাহ। হে মুকুন্দ অমুনা দৃগন্ত নটনেন কিং মাং নুদসি প্রেরয়সি। মানিনীয়ং তব প্রার্থনাং ন স্বীকরোতীতি তস্মাত্ত্বং বিরমেত্যলীকোক্তিভি র্মৃষা বাগ্‌ভিঃ। অয়ম্ভাবঃ। নুদসি কিমিত্যাদি বাচমাচয্যাদৌ বিমানোহরিরিতি স্বামিন্যাঃ স্মিতোদয়ঃ। মদগ্রিকে স্বসখীপ্রেষণাদ্রাধাদৌ বিমানেতি স্বামিনশ্চ স ইতি ॥ ৬৩ ॥

হে স্বামিনৌ সোঽবসরঃ প্রস্তাবঃ কিং মে কদাপি ভবিষ্যতি। ভবেদবসরঃ পুংসি সতঃ প্রস্তাব বর্ষয়োরিতি বিশ্বলোচনকারঃ। ক্ষণ ইতি বা। অবসরো-বৎসরে ক্ষণে ইতি হৈমঃ। যত্রাবসরে পৃথুনি মহতি কুঞ্জোদরে অয়ং জনো বিবিধ বর্ণৈ র্গন্ধ দ্রবৈঃ করণৈস্ত্বয়া সহ তবালিকে প্রকটপত্রবল্লীশ্রিয় মনুরাগতঃ করিষ্যতি। ত্বয়া সহ তবেতি দ্বৌ প্রত্যুক্তং ত্বয়া স্বামিন্যা সহ স্বামিন স্তবালিকে

ক্ষান্ত হও, শ্রীরাধিকা তোমার কথায় কর্ণপাত করিবেন না ইত্যাদি) মিথ্যা বাক্য দ্বারা তোমাদিগকে আমি কবে হাস্য যুক্ত করিব ? ॥ ৬৩ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! আমার কি সেই শুভক্ষণ হইবে ? যে সময়ে নিকুঞ্জ মধ্যে নানাবর্ণ

ত্বয়া সহ ভবালিকে বিবিধবর্ণ গন্ধদ্রবৈ
শ্চিরং বিরচয়িষ্যতি প্রকটপত্রবল্লীশ্রিয়ং ॥ ৬৪ ॥
ইদং সেবাভাগ্যং ভবতি সুলভং যেন যুবয়ো
শ্ছটাপ্যস্য প্রেম্নঃ স্ফুরতি নহি স্বপ্তাবপি মম।
পদার্থেঽস্মিন্ যুষ্মৎ ব্রজমনুনিবাসেন জনিত
স্তথাপ্যাশাবন্ধঃ পরিবৃঢ়বরৌ মাং দ্রঢ়য়তি ॥ ৬৫ ॥

ত্বয়া স্বামিনা সহ স্বামিন্যাস্তবালিকে ইত্যর্থঃ বিবিধবর্ণৈঃ পীত নীল রক্ত শ্বেতৈঃ গন্ধদ্রবৈশ্চতুঃ সমকর্দ্দমৈরিত্যর্থঃ ॥ ৬৪ ॥

যদ্যপ্যস্মিন্ সেবাভ্যর্থনে নাহং যোগ্য স্তথাপি ব্রজনিবাসলাভাং প্রত্যাশা মে ভবতীতি নিবেদয়তীদমিতি। হে পরিবৃঢ়বরৌ প্রভুশ্রেষ্ঠৌ। আর্য্যঃ পরিবৃঢ়ঃ স্বামী প্রভুর্নেতাচ নায়ক ইতি হলায়ুধঃ। যুবয়োরিদং সেবা ভাগ্যং যেন সুলভং ভবতি অস্য প্রেম্নশ্ছটাপি স্বপ্তৌ স্বপ্নেপি মম নস্ফুরত্যুদ-য়তি। তর্হি নিরাশো ভবেতি চেত্তত্রাহ। যদ্যপ্যেবং তথাপি যুষ্মদ্ব্রজ মনু নিবাসেন হেতুনা স্মিন্ সেবাভাগ্যে পদার্থে বস্তুনি জনিত আশাবন্ধোমাং দ্রঢ়য়তি ॥ ৬৫ ॥

গন্ধদ্রব্য দ্বারা তোমাদের ললাটদেশে পত্রাবলীরচনা করিয়া পরম শোভা সম্পাদন করিব ? ॥ ৬৪ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! তোমাদের এই সেবাভাগ্য যাহাদ্বারা লাভ হয় সে প্রকার প্রেম সম্পত্তি আমার হৃদয়ে নাই, বলিব কি উহা আমি কখন স্বপ্নেও দেখি নাই, তথাপি তোমাদের নিত্যলীলা স্থান এই শ্রীবৃন্দাবনে বাস হেতু বলবতী আশা আমাকে নিরুৎসাহ করিতে সক্ষম হইতেছে না ॥ ৬৫ ॥

প্রপদ্য ভবদীয়তাং কলিত নির্ম্মলপ্রেমভি
র্মহদ্ভিরপি কাম্যতে কিমপি যত্র তার্ণং জনুঃ।
কৃতাত্র কুজনৈরপি ব্রজবনে স্থিতি র্মে যয়া
কৃপাং কৃপণগামিনীং সদসি নৌমি তামেব বাং ॥ ৬৬ ॥
মাধব্যা মধুরাঙ্গ কাননপদপ্রাপ্তাধিরাজ্যশ্রিয়া
বৃন্দারণ্যবিকাসিসৌরভততে তাপিঞ্ছকল্পদ্রুমঃ।

মম ব্রজনিবাসোপি যুষ্মৎ কৃপৈক সাধ্য ইতি ময়ানুমিতং। ততঃ সেবা-ভাগ্যমপি তৎ সাধ্যং ভাবীতি ব্যঞ্জয়ন্নাহ প্রপদ্যেতি। ভবদীয়তাং যুষ্মৎ সেবকতাং প্রপদ্য প্রাপ্য কলিত নির্ম্মল প্রেমভির্জাত ভাবৈ র্মহদ্ভিরুদ্ধবাদিভিরপি তার্ণং তৃণসম্বন্ধি কিমপি জনুর্জন্ম কাম্যতে বাঞ্ছ্যতে। আসামহো চরণরেণুজুষা মহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনামিত্যাদি তদ্বাক্যাৎ। তত্র ব্রজবনে কুজনৈ নিন্দ্যজন্মনোপি মে স্থিতি র্যয়া কৃতা। তাং বাং যুবয়োঃ কৃপামহং সদসি নৌমি। জনুর্জনন জন্মানি জনিরুৎপত্তিরুদ্ভব ইত্যমরঃ। কীদৃশীং কৃপণগামিনীং দীনবিষয়াং ॥ ৬৬ ॥

অথ ভক্তিপ্রভাববোধলব্ধেন বিশ্রম্ভেণ বলমাসাদ্যাহ। মাধব্যেতি যাভ্যাং হে মাধব্যা মধুরাঙ্গ। আপাদ শিখমাশ্লিষ্যন্ত্যা মাধব্যা লতয়া মধুরাণি রুচি-

---

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! তোমা-দের দাস্যভাব প্রাপ্ত হইয়া পরম প্রেমিক উদ্ধব প্রভৃতি মহাত্মাগণ যে স্থানে তৃণ গুল্মাদি জন্ম লইতে বাঞ্ছা করেন সেই শ্রীবৃন্দাবনে আমি নিকৃষ্ট জন্মা হইলেও যাহার প্রভাবে অবস্থিতি করিতেছি, সেই দীনগামিনী তোমাদের কৃপাকে আমি প্রণাম করি ॥ ৬৬ ॥

হে তমালবৃক্ষ! তুমি বৃন্দাবনের কল্পদ্রুম, এই বন

নোত্তাপং জগদেব যস্য ভজতে কীর্ত্তিচ্ছটাচ্ছায়য়া
চিত্রা তস্য তবাঙ্ঘ্রি সন্নিধিজুষাং কিম্বা ফলাপ্তির্নৃণাং ॥৬৭॥
ত্বল্লীলামধুকুল্যয়োল্লসিতয়া কৃষ্ণাম্বুদস্যামৃতৈঃ
শ্রীবৃন্দাবনকল্পবল্লিপরিতঃ সৌরভ্য বিস্ফারয়া।

রাণ্যঙ্গানি স্কন্ধ শাখাদীনি যস্য হেত্যদৃশেত্যর্থঃ। মাধব্যা কীদৃশ্যেত্যাহ। কাননপদে বনরাজধান্যাং প্রাপ্তাধিরাজ্য শ্রীরধিকসম্পৎ যয়া তয়েত্যর্থঃ। বৃন্দারণ্যে বিকাসিনী প্রস্মত্বরী সৌরভততি র্যস্য হে তাদৃশ। হে তাপিঞ্ছকল্পদ্রুম তমালসুরতরো যস্য কীর্ত্তিচ্ছটাচ্ছায়য়া জগদ্বিশ্বমপি নোত্তাপং ভজতে তস্য তবাঙ্ঘ্রি সন্নিধিজুষা নৃণাং ফলাপ্তিঃ কিং চিত্রা নচিত্রেত্যর্থঃ। অপ্রস্তুত প্রশংসাত্রালঙ্কারঃ। অপ্রস্তুত প্রশংসা হি যা সৈব প্রস্তুতা শ্রয়া। কার্য্যে নিমিত্তে সামান্যে বিশেষে প্রস্তুতে সতি। তদন্যস্য বচস্তুল্যে তুল্যস্যেতিচ পঞ্চধেতি তল্লক্ষণাৎ। ইহ তুল্যে প্রস্তুতে তুল্যস্যোক্তিঃ শ্লেষচ্ছায়য়া বোধ্যা মাধব্যাদি পদানাং দ্ব্যর্থকত্বাৎ শ্লেষচ্ছায়া॥ ৬৭॥

হে শ্রীবৃন্দারনকল্পবল্লি ত্বল্লীলা মধু কুল্যয়া কর্ত্র্যা সমস্তমেব ব্রহ্মাণ্ডং

রাজ্যের রাজলক্ষী মাধবী তোমার আপাদ শিখর বেষ্টন করায় অঙ্গ প্রত্যঙ্গ অতি রমণীয় হইয়াছে এবং তোমাদের সৌরভে শ্রীবৃন্দাবনের চারি দিকে সঞ্চারিত হইতেছে, তোমার কীর্ত্তিরূপ ছায়া আশ্রয় করিলে জগতে ব্যক্তি মাত্রেরই আর কোন সন্তাপ থাকে না, অতএব তোমার পাদ মূল আশ্রয় করিলে জীবের কি ফল লাভ হয় তাহা বলিতে পারি না। (এই শ্লোকে অপ্রস্তুত প্রশংসা নামক অলঙ্কার সন্নিবেশিত হইয়াছে)॥ ৬৭॥

হে বৃন্দাবনকল্পবল্লি! শ্রীকৃষ্ণমেঘের অমৃত বর্ষণে পরিবর্দ্ধিত

মাধুর্য্যেণ সমস্তমেব পৃথুনা ব্রহ্মাণ্ডমাপ্যায়িতং
নাশ্চর্য্যং ভুবি লব্ধপাদরজসাং পর্ব্বোন্নতির্বীরুধাং ॥৬৮॥
পশুপালবরেণ্যনন্দনৌ বয়মেতং মুহুরর্থয়ে যুবাং
ভবতু প্রণয়োভবে ভবে ভবতোরেব পদাম্বুজেষু মে ॥৬৯॥

পৃথুনা মাধুর্য্যেণাপ্যায়িতং তর্পিতমতোলব্ধপাদরজসাং বীরুধাং লতানাং পর্ব্বোন্নতি র্ভবেদিতি নাশ্চর্য্যং। লব্ধেতি ত্বৎ পাদমূলাশ্রিতামিত্যর্থঃ। পর্ব্বণো গ্রন্থে কৃৎসবস্থ চোন্নতি র্মহত্ত্বং। তৎ কুল্যয়া কীদৃশ্যা। কৃষ্ণাম্বুদস্থ শ্যামাভ্রস্তামৃতৈ রম্বুভি রুল্লসিতয়োচ্ছলিতয়া পক্ষে হরিবলাহকস্তামৃতৈ লীলা সুধাভিঃ। অত্রাপি সৈবালঙ্কৃতিঃ। অন্যেত্বাহুঃ। রূপকাঙ্গিকা প্রথমাতিশয়োক্তিঃ। পূর্ব্বত্র শ্লেষাঙ্গিকা সাতুত্তরত্রেতি। তদিদং বিচার্য্যং ॥ ৬৮ ॥

পূর্ব্বমর্থিতং সেবাভাগ্যং মেতিদুর্লভমেব কিন্তু যত্র ক্বাপি জাতস্থ ভবৎ পদাব্জ ভক্তিরস্তু ইতি প্রার্থয়তে। পশ্বিতি। পশুপালানাং বরেণ্যৌ তেষাং রাজানৌ শ্রীমদ্বৃষভানুনন্দৌ। তয়ো র্নন্দিনীচ নন্দনশ্চ তৌ। তৎ সম্বোধনে তথা। ভবে ভবে জন্মনি জন্মনি। শ্লিষ্টং স্পষ্টং ॥ ৬৯ ॥

ও অতি সুগন্ধি তোমার লীলারূপ মধুকুল্যার (ক্ষুদ্র কৃত্রিম নদীর নাম কুল্যা, মধুময়ী কৃত্রিম নদীর নাম মধুকুল্যা) অতিশয় মাধুর্য্যে ব্রহ্মাণ্ডের সমস্তই আপ্যায়িত হইয়াছে, সে স্থলে তোমার পাদরেণুসেবি লতাগণের যে বিশেষ উন্নতি হইবে তাহা আশ্চর্য্যের বিষয় কি ? ॥ ৬৮ ॥

হে ব্রজরাজনন্দন ! হে বৃষভানু নন্দিনি ! আমি তোমাদের নিকট বার বার এই বর প্রার্থনা করিতেছি যে,. তোমা-

উদ্গীর্ণাভূদুৎকলিকাবল্লরিরগ্রে
বৃন্দাটব্যাং নিত্যবিলাসব্রতয়োর্বাং।
বাঙ্মাত্রেণ ব্যাহরতোপ্যুল্ললমেতা
মাকর্ণ্যেশৌ কামিতসিদ্ধিং কুরুতং মে॥ ৭০॥
চন্দ্রাশ্বভুবনে শাকে পৌষে গোকুলবাসিনা।

স্তোত্রপাঠাৎ বাঞ্ছিতলাভং যাচতে। উদিতি। হে ঈশৌ। বাং যুবয়োরগ্রে উৎকলিকা বল্লরি রুৎকণ্ঠা লতা। উদ্গীর্ণা ভূদুদিতা জাতা। ব্রততি র্বল্লবী-লতেতি ধনঞ্জয়ঃ। এতাং বাঙ্মাত্রেণ কিং পুনর্মনসাপি ব্যাহরতঃ পঠতো মে কামিত সিদ্ধিং যুবাং কুরুতং। কিং কৃত্বেত্যাহ। আকর্ণ্যেতি। তাং শ্রুত্বে-ত্যর্থঃ। বাং কীদৃশয়োরিত্যাহ বৃন্দাটব্যামিত্যাদি॥ ৭০॥

স্তোত্রস্য জন্মকালং জন্মস্থানং চাহ চন্দ্রেতি। অঙ্কানাং বামগত্যা স্থাপ-নাদেক সপ্তত্যুত্তর চতুর্দশ শতী গণিতে শালিবাহনস্য॥ ১৪৭১॥ শাকেঽস্য স্তোত্রস্য নিষ্পত্তিঃ। ষড়শীত্যুত্তর ষোড়শ শতী গণিতে তস্য ১৬৮৬ শাকেতু

দের পাদপদ্ম যুগলে জন্ম জন্ম যেন আমার প্রীতি থাকে॥ ৬৯॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! এই শ্রীবৃন্দাবনে নিত্য বিলাস পরায়ণ তোমাদের অগ্রে এই উৎ-কালিকাবল্লরি অর্থাৎ উৎকণ্ঠারূপা লতা জন্মিয়াছে,' তোমা-দের নিকট কেবল বাক্যদ্বারা ইহা কীর্ত্তন করিতেছি, অতএব কৃপা পূর্ব্বক ইহা শ্রবণান্তে আমার প্রার্থনা সিদ্ধি করুন॥ ৭০॥

১৪৭১ একসপ্তত্যধিক চতুর্দ্দশ শত শকাব্দে পৌষ মাসে

ইয়মুৎ কলিকাপূর্ব্বা বল্লরী নির্ম্মিতা ময়া ॥ ৭১ ॥

ইত্যুৎকলিকাবল্লরী সমাপ্তা ॥ ১৪৭১ ॥ *

টীকায়া নিষ্পত্তিঃ। শালিবাহনস্থ সম্বৎসর গণনেনবিক্রমাদিত্যস্থাপি তদ্বোধ্যং। বিক্রমাদিত্যরাজস্থ পঞ্চবিংশোত্তরং শতং। পাতয়িত্বা ভবেচ্ছাকঃ সনৃপঃ শালি-বাহন ইতি বচনাৎ ॥ ৭১ ॥

ইয়মুৎকলিকাবল্লরি রুদগ্রভাবা বিমৃষ্টকাব্যকলা। বিদ্যাভূষণ বিবৃতা শশ্বদ্ভাবকবিভূতয়ে ভূয়াৎ।

ইত্যুৎ কলিকাবল্লরী ব্যাখ্যাতা।

শ্রীবৃন্দাবনে অবস্থিতি করিয়া আমি এই উৎকলিকাবল্লরী রচনা করিলাম ॥ ৭১ ॥

ইতি উৎকলিকাবল্লরী সমাপ্তা।

স্রস্তং স্রস্তমুদঞ্চয়ত্যধিশিরঃ শ্যামং নিচোলাঞ্চলং
হস্তেন শ্লথদুর্ব্বলেন লুলিতাকল্পাং বহন্তী তনুং।
মুক্তার্দ্ধামবরুধ্য বেণিমলসস্পন্দে ক্ষিপন্তী দৃশৌ
কুঞ্জাৎ পশ্য গৃহং প্রবিশ্য নিভৃতং শেতে সখী রাধিকা ॥১॥

প্রিয়য়োর্বিভাতে কুঞ্জাদ্বেশ্মন্যাগমনং কাচিদ্বেশ্মস্থা কাঞ্চিদাহ দ্বাভ্যাং। তত্র প্রিয়ায়া স্তদাহ স্রস্তমিতি। শ্রীরাধিকা মম সখী কুঞ্জাদ্গৃহং প্রবিশ্য নিভৃতং যথা স্যাত্তথা শেতে ত্বং পশ্য। কীদৃশী সতীত্যাহ। স্রস্তং স্রস্তং পুনঃ পুনঃ স্খলিতং শ্যামং নিচোলাঞ্চলং শ্লথ দুর্ব্বলেন হস্তেনাধি শিরঃ শিরসি উদঞ্চয়ন্তী লুলিতাকল্পাং বিগলিত বেশাং তনুং বহন্তী। মুক্তার্দ্ধামর্দ্ধমুক্তাং বেণীং কবরীং হস্তেনাবরুধ্যালসস্পন্দে দৃশাবিতস্ততঃ ক্ষিপন্তী ॥ ১ ॥

শ্রীকৃষ্ণ ও শ্রীরাধিকা প্রাতঃকালে নিকুঞ্জ হইতে আগমন করিয়া নিজ নিজ মন্দিরে প্রবেশ করিতেছেন দেখিয়া কোন সখী কোন সখীকে সম্বোধন পূর্ব্বক তাঁহাদের তৎকালোচিত বেশভূষা ও অবস্থা বর্ণন করিতেছেন। হে সখি! ঐ দেখ আমাদের সখী শ্রীরাধিকা নিকুঞ্জ হইতে নিজ মন্দিরে প্রবেশ করিয়া নির্জ্জন স্থানে শয়ন করিতেছেন, ইঁহার নীলবর্ণ উত্তরীয় বসন মস্তক হইতে বার বার স্খলিত হইলে উহা শিথিল হস্ত দ্বারা পুনরায় মস্তকে তুলিতেছেন, স্মর বিলাস হেতু ইঁহার শরীরের বেশভূষা সকল ছিন্ন ভিন্ন হইয়াছে, অর্দ্ধ মুক্ত বেণী দুর্ব্বল হস্তদ্বারা বন্ধন করিতে করিতে আলস্য পূর্ণ নয়নদ্বয়ে চারিদিকে দৃষ্টি নিক্ষেপ করিতেছেন ॥ ১ ॥

ম্লানামুৎক্ষিপ্যমালাং ত্রুটিতমণিসরঃ কজ্জলং বিভ্রদোষ্ঠে
সংকীর্ণাঙ্গোনখাঙ্কৈর্দিশি দিশি বিকিরন্ ঘূর্ণিতে নেত্রপদ্মে।
পশ্য ম্লানাঙ্গযষ্টিঃ স্ফুটমপরিচিতো গোপগোষ্ঠীভিরগ্রে

অথ প্রিয়স্য চ তদাহ ম্লানামিতি। গোষ্ঠেন্দ্রসূনুঃ কৃষ্ণঃ কুঞ্জাদ্গোষ্ঠং ব্রজং প্রবিশতি। অগ্রে জনোত্থানাৎ পূর্ব্বং। হে সখি ত্বং পশ্য। কদেত্যপেক্ষায়া মাহ। রজনৌ রাত্র্যাং ধ্বংসমবসানমাসাদয়ন্ত্যাং গচ্ছন্ত্যাং সত্যাং। কিং কৃত্বা। কান্তাকুচবিমর্দ্দান্‌ম্লানাং মালাং বৈজয়ন্তীং উৎক্ষিপ্য উর্দ্ধে প্রদেশে নিধায়। কীদৃশঃ ত্রুটিতশ্ছিন্নো মণিসরো রত্নহারো যস্য সঃ। কান্তাপাঙ্গ বিচুম্বনাৎ কজ্জলমোষ্ঠে বিভ্রৎ। কান্তা নখাঙ্কৈঃ সংকীর্ণাঙ্গো ব্যাপ্তবক্ষাঃ। ঘূর্ণিতে নিদ্রাকুলে নেত্রপদ্মে কোপি মাদ্রাক্ষীন্মামিতি দিশি দিশি বিকিরন্ বিক্ষিপন্। ম্লানা বিহার শ্রমাৎ কান্তাঙ্গ কুঙ্কুম সংপর্কাচ্চ খিন্না কর্ব্বুরিতাঙ্গ যষ্টি র্যস্য সঃ। ইষু বেগেন প্রবেশাৎ জাগ্রদ্ভিরপি গোপগোষ্ঠীভি র্বল্লব সভাভিঃ

হে সখি! ঐ দেখ্ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ, নিশাবসানে নিজ গৃহে গমন করিতেছেন। শ্রীরাধিকার কঠিন কুচ-স্পর্শে বৈজয়ন্তী মালা ম্লান হইলেও উহা পরিত্যাগ না করিয়া হৃদয় হইতে স্কন্ধে নিক্ষেপ করিতেছেন, অনঙ্গ যুদ্ধে ইঁহার রত্নহার ছিন্ন ভিন্ন হইয়াছে, শ্রীরাধিকার কজ্জল শোভিত নয়নোপান্ত চুম্বন হেতু ইঁহার ওষ্ঠ কজ্জল শোভিত, প্রেয়সী কৃত নখ চিহ্নে সর্ব্বাঙ্গ পরিব্যাপ্ত, পাছে আমায় কেহ দেখে এই ভয়ে আলস্য পূর্ণ নয়ন দ্বারা চতুর্দ্দিকে দৃষ্টি নিঃক্ষেপ করিতে করিতে ও ব্রজবাসিরা কেহ আমায় না

গোষ্ঠং গোষ্ঠেন্দ্রসূনুঃ প্রবিশতি রজনৌ ধ্বংসমাসাদয়ন্ত্যাং ॥২॥*

স্ফুট মপরিচিতোঽজ্ঞাতঃ। নচাত্র ম্লান পদাবৃত্তেঃ কথিতপদত্বং স্যাদিতি বাচ্যং। উদ্দেশ্যপ্রতিনির্দ্দেশ্যবদ্বিষয়ত্বাৎ। এবমন্যত্রচ বোধ্যং॥ ২ ॥ *

চিনিতে পারে এই আশয়ে দ্রুত বেগে গমন করিতে-ছেন ॥ ২ ॥ *

শ্রীমুকুন্দায় নমঃ।

বলভিদুপলকান্তিদ্রোহিণি শ্রীমদঙ্গে
ঘুসৃণরস বিলাসৈঃ সুষ্টু গান্ধর্ব্বিকায়াঃ।
স্বমদন নৃপশোভাং বর্দ্ধয়ন্ দেহরাজ্যে
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ॥ ১॥

শ্রীমুকুন্দায় নমঃ।

অথাষ্টকেন মুকুন্দং স্তৌতি বলেতি। মুকুন্দো মম নেত্রাভীষ্টপূর্ত্তিং প্রণয়তু করোতু। দৃগ্‌গোচরোঽস্ত্বিত্যর্থঃ। মুখে কুন্দবদ্ভাসো যস্যেতি। মুক্তিং দদাতি বিরহতাপাৎ প্রত্যক্ষঃ সন্ সংসারক্লেশাদ্বা ধ্যাতঃ সন্নিতি মুকুন্দঃ। পৃষোদরাদীনি যথোপদিষ্টমিতি সূত্রাৎ প্রয়োগসাধুত্বং। কিং কুর্ব্বন্নিত্যপেক্ষ্যাহ। শ্রীমদঙ্গে ঘুসৃণ রসবিলাসৈঃ কুঙ্কুম চর্চ্চাভির্গান্ধর্ব্বিকায়াঃ দেহরাজ্যে স্ব মদন নৃপশোভাং বর্দ্ধয়ন্। শ্রীমত্যঙ্গে ললাট বক্ষঃস্থলাদৌ স্বাবয়বে। কুঙ্কুমং ঘুসৃণং বর্ণং প্রোক্তং লোহিত চন্দনং। কাশ্মীরজঞ্চ বিদ্বদ্ভিঃ কালেয়ং জাগুড়ং স্মৃতমিতি হলায়ুধঃ। অসঙ্গতিরলঙ্কারঃ। হেতু কার্য্যয়ো র্দেশভেদাৎ। যদুক্তং কাব্যকৌস্তভে। অসঙ্গতি র্ভবেদ্ভিন্ন দেশত্বে হেতু কার্য্যয়োরিতি। শ্রীমদঙ্গে কীদৃশীত্যাহ। বলভিদুপল ইন্দ্রনীলমণি স্তৎ কান্তি দ্রোহিণি ততোপ্যত্যুজ্জ্বল কান্তিমতীত্যর্থঃ॥ ১॥

যিনি ইন্দ্রনীলমণির ন্যায় অতি মনোহর শ্রীঅঙ্গে কুঙ্কুমাদি অনুলেপন ধারণ করিয়া শ্রীরাধিকার দেহরাজ্যে স্বদেহস্থ কন্দর্প রাজার অতিশয় শোভা বর্দ্ধন করিতেছেন, (এই শ্লোকে কার্য্য কারণ ভিন্ন ভিন্ন স্থানে সন্নিবেশিত হওয়ায় অসঙ্গতি নামক অলঙ্কার হইয়াছে) সেই শ্রীমুকুন্দ আমার নয়ন যুগলের অভীষ্ট পূরণ করুন॥ ১॥

উদিত বিধুপরার্দ্ধজ্যোতিরুল্লঙ্ঘিবক্ত্রো
নবতরুণিম রজ্যদ্বাল্যশেষাতিরম্যঃ।
পরিষদি ললিতালীং দোলয়ন্ কুণ্ডলাভ্যাং
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ॥ ২॥
কণকনিবহ শোভানিন্দি পীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।

উদিতানাং বিধুপরার্দ্ধানাং জ্যোতীংষি তদ্যোতাস্তান্যুল্লঙ্ঘয়তি তিরস্ক-রোতি তাদৃশং বক্ত্রং যস্য সঃ। নিরুপমমুখকান্তিক ইত্যর্থঃ জ্যোতির্ভ দ্যোত দৃষ্টিষিতি নানার্থবর্থঃ। নবেন তরুণিম্না রজ্যন্ রক্তীভবন্ যো বাল্য শেষ স্তেনাতিরম্যো দর্শনীয়ঃ। যুবতি পরিষদি স্থিতাং ললিতালীং রাধাং কুণ্ডলাভ্যাং দোলয়ন্ চপলাং কুর্ব্বন্। কুণ্ডলকান্ত্যা তামধীরাং রচয়ন্॥ ২॥

রাধিকা নিখাত মনস্তাং ব্যঞ্জয়ন্ বর্ণয়তি কণকেতি। নিতম্বে পীতং বস্ত্রমন্তরীয়ং তদুপরি নবরক্তমুত্তরীয়ঞ্চ বস্ত্রমিত্থং ভঙ্গীবিশেষেণ দধানঃ

পরার্দ্ধ পরিমিত চন্দ্র অপেক্ষাও যাঁহার বদনেন্দু অতিশয় সুশোভিত, নবযৌবনের আরম্ভ ও বাল্যাবস্থার শেষ এই উভয় বয়ঃ সন্ধিতে যাঁহার শ্রীঅঙ্গ অতিশয় রমণীয় হইয়াছে এবং কর্ণযুগলে দোদুল্যমান কুণ্ডল দ্বারা সখীগণ বেষ্টিত শ্রীরাধিকার চিত্তকে যিনি দোলায়মান করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভীষ্ট পূরণ করুন॥ ২॥

যিনি কাঞ্চন রাশি অপেক্ষাও অতি উজ্জ্বল পীতাম্বর, কটি-দেশে পরিধান করিয়াছেন এবং তদুপরি আরক্ত উত্তরীয় বস্ত্র পরিধান করায় বোধ হইতেছে যেন উহা শ্রীরাধিকার

প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৩ ॥
সুরভি কুসুম বৃন্দৈর্বাসিতাম্ভঃ সমৃদ্ধে
প্রিয় সরসি নিদাঘে সায়মালীপরীতাং।
মদনজনকসেকৈঃ খেলয়ন্নেব রাধাং
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৪ ॥
পরিমলমিহ লব্ধ্বা হন্ত গান্ধর্ব্বিকায়াঃ
পুলকিত তনুরুচ্চৈরুন্মাদস্তৎক্ষণেন।

তত্রোৎপ্রেক্ষা। প্রিয়ায়া রাগযুক্তং বর্ণমিবেতি। কুতো দধান স্তত্রাহ.যতঃ প্রিয়ং প্রীতিহেতুমিত্যর্থঃ যদ্যপ্যমরাদিভি র্নিতম্ব শব্দঃ স্ত্রীকট্যাঃ পশ্চাদ্ভাগে পঠিতস্তথাপি সামান্যতোহত্র কটৌ পঠ্যতে হলায়ুধাদিভি স্তথৈব পঠিতত্বাৎ ॥ ৩ ॥

শ্রীরাধা সরসি প্রিয়াভিঃ সহ ক্রীড়ন্তং বর্ণয়তি। সুরভীতি। নিদাঘে গ্রীষ্মর্ত্তৌ প্রিয়সরসি শ্রীরাধিকাকুণ্ডে আলীপরীতাং সখীযুক্তাং রাধাং মদনজনকৈঃ স্মরোদ্দীপকৈঃ যন্ত্রযুক্তৈরম্বুসেকৈঃ খেলয়ন্। কীদৃশে প্রিয়সরসী ত্যাহ। সুরভিভিঃ সুগন্ধিভিঃ জলে নিপতিতৈঃ কুসুমবৃন্দৈ র্বাসিতেন সুগন্ধিনাম্ভসা সমৃদ্ধে পূর্ণে ॥ ৪ ॥

বৃন্দাটব্যামাগতায়াঃ শ্রীরাধায়াঃ সৌরভ্যেণাপি মাদ্যতীতি বর্ণযতি পরীতি।

অনুরাগময় মনোহর বর্ণে রঞ্জিত হইয়াছে, সেই শ্রীমুকুন্দ আমার নেত্রযুগলের অভীষ্ট পরিপূর্ণ করুন ॥ ৩ ॥

যিনি গ্রীষ্ম সময়ে সায়ংকালে নানাপ্রকার সুগন্ধি কুসুমামোদিত জলপূর্ণ রাধাকুণ্ডে স্মরোদ্দীপক জল সিঞ্চন দ্বারা সখীগণ বেষ্টিতা শ্রীরাধিকার সহিত জল বিহার করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নগোচর হউন ॥ ৪ ॥

নিখিল বিপিন দেশান্ বাসিতানেব জিঘ্রন্
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৫ ॥
প্রণিহিত ভুজদণ্ডঃ স্কন্ধদেশে বরাঙ্গ্যাঃ
স্মিত বিকসিতগণ্ডে কীর্ত্তিদাকন্যকায়াঃ।
মনসিজজনি সৌখ্যং চুম্বনেনৈব তন্বন্
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৬ ॥
প্রমদদনুজগোষ্ঠ্যাঃ কোপি সম্বর্ত্তবহ্নি
র্ব্রজভুবি কিল পিত্রো র্মূর্ত্তিমান্ স্নেহপুঞ্জঃ।

স্ফুটার্থং পদ্যং। উন্মদোলব্ধোন্মাদঃ ॥ ৫ ॥

সৌরভ্য ধারয়া রাধামম্বিষ্যোপলভ্যচ তয়া সার্দ্ধং বিহরতীতি বর্ণয়তি। প্রণিহিতেতি। কীর্ত্তিদা শ্রীবৃষভানোর্নৃপস্য পত্নী। তৎকন্যকায়া রাধায়াঃ স্কন্ধ-দেশে বিনিহিত ভুজদণ্ডঃ। তস্যা এব স্মিত বিকসিতে গণ্ডে কপোলে চুম্বনে নৈব মনসিজজনিসৌখ্যং নিধুবনানন্দং তন্বন্ বিস্তারয়ন্নিতি তদ্বিধানেতি বৈদগ্ধ্যং ব্যঙ্গং। বিভাবনাত্রালঙ্কারঃ। নিধুবনাভাবেঽপি তদানন্দস্যোদয়াৎ ॥ ৬ ॥

অতিস্নিগ্ধাভ্যাং মাতাপিতৃভ্যাং প্রতিমুহুর্লাল্যমানোঽতিবিক্রমী নায়কঃ

শ্রীরাধিকার অঙ্গ সৌরভ উপলব্ধি করিয়া অমনি তৎক্ষণাৎ রোমাঞ্চিত ও উন্মত্ত প্রায় হইয়া তদীয় অঙ্গ গন্ধে আমোদিত শ্রীবৃন্দাবনের সকল স্থানই যিনি আঘ্রাণ করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিলাষ পূরণ করুন ॥ ৫ ॥

যিনি পরম রূপবতী শ্রীরাধিকার স্কন্ধদেশে উভয় বাহু ন্যস্ত করিয়া মন্দ মন্দ হাস্যযুক্ত তদীয় গণ্ডস্থল চুম্বন করত অনঙ্গ জনিত অসীম আনন্দ অনুভব করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিষ্ট পরিপূর্ণ করুন ॥ ৬ ॥

প্রথম রস মহেন্দ্রঃ শ্যামলো রাধিকায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৭ ॥
স্বকদনকথয়াঙ্গীকৃত্য মৃদ্বীং বিশাখাং
কৃতচটু ললিতাস্তু প্রার্থয়ন্ প্রৌঢ়শীলাং।

সুভ্রুবাং পরমানুরাগহেতুরিতি তদ্ভাবং বর্ণয়তি। প্রমদেতি সম্বর্ত্ত বহ্নিঃ প্রলয়াগ্নিঃ। সম্বর্ত্তঃ প্রলয়ঃ কল্প ইত্যমরঃ। পিত্রোর্যশোদানন্দয়োর্ব্রজে শ্বরয়োঃ স্নেহপুঞ্জএব মূর্ত্তিমানিতি স্নেহতদ্বিষয়য়োরৈক্যং বস্তু ব্যজ্যতে। পিতামাত্রেতি সূত্রাদেকশেষঃ। রাধিকায়াঃ প্রথম রস মহেন্দ্রঃ শৃঙ্গাররসাধিষ্ঠাতৃদেবঃ। তদ্ভাবেন তয়ানুভূয়মান ইত্যর্থঃ ॥ ৭ ॥

কদাচিন্মহামানিন্যা রাধায়া মানভঙ্গায় স্বয়মেব ব্যাপৃণাতীতি বর্ণয়তি স্বেতি স্ব কদনকথয়া নিজব্যথা নিবেদনয়া মৃদ্বীং কোমলচিত্তাং বিশাখামঙ্গীকৃত্য স্বপক্ষপাতিনীং বিধায় প্রৌঢ়শীলাং ললিতাং তু কৃত চটু যথাস্যাত্তথা এবং প্রার্থয়ন্। চটু চাটু প্রিয়ং বাক্যমিতি হলায়ুধঃ। হে ললিতে মদেক হিতৈষিণি সুন্দরি বার্ষভানবী ময়ি নির্দয়া বর্ত্ততে ত্বমপিচেদশনি মনস্তাং ধৎসে তদাতিব্যথিতস্য কান্তত্বেন বৃতস্যচ মম কা গতিরিত্যেবং কৃতং রচিতং চটু প্রিয়বচনং

যিনি মদমত্ত দানবগণের প্রলয়াগ্নি স্বরূপ ও শ্রীবৃন্দাবনে পিতা মাতার মূর্ত্তিমান্ স্নেহ স্বরূপ এবং যিনি শ্রীরাধিকার আদিরসের অধিষ্ঠাত্রী দেবতা স্বরূপ, সেই শ্যামল কান্তি শ্রীমুকুন্দ আমার নয়নাভিলাষ পূর্ণ করুন ॥ ৭ ॥

প্রণয়কোপ বশতঃ শ্রীরাধিকা মানিনী হইলে যিনি সরল চিত্তা বিশাখার নিকট নিজ দুঃখ প্রকাশ ও তাঁহাকে স্বপক্ষ করিয়া ললিতার নিকট গমন পূর্ব্বক চাটুবচনে (হে ললিতে! হে মদেকহিতৈসিণি! হে সুন্দরি! বৃসভানুনন্দিনী আমার

প্রণয়বিধুর রাধামাননির্ব্বাসনায়
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৮ ॥
পরিপঠতি মুকুন্দস্যাষ্টকং কাকুভির্যঃ
সকল বিষয়সঙ্গাৎ সন্নিযম্যেন্দ্রিয়াণি।

যত্র তদ্‌যথা ভবত্যেবং যাচমান ইত্যর্থঃ। এতদ্ব্যাপারস্য ফলমাহ। প্রণয়েতি। স্নেহ দুঃখিতায়া রাধায়া মান বিভঙ্গায়েত্যর্থঃ। নন্বত্য তরণী প্রসক্তে কৃষ্ণে রাধায়া মানঃ স্বসুখপর্য্যবসায়ীতি চেন্নৈবং। সিতাপানকপানার্হ স্তং পানকং বিহায় কথায় পানকং পিবতি। সিতা পানক নিস্বাতু তস্মিন্ কোপস্তৎ সুখার্থ এবেতি প্রত্যয়াৎ ॥ ৮ ॥

মুকুন্দাষ্টক পাঠকে শমাদীন্ গুণান্ বিদধত্তদষ্টক পাঠফলমাহ পরীতি। যো জনঃ সকল বিষয় সঙ্গাৎ শব্দস্পর্শ রূপ রস গন্ধাসক্তিরিন্দ্রিয়াণি শ্রোত্র ত্বক্ চক্ষু রসন ঘ্রাণানি স মনাংসি সংনিযম্য প্রত্যাহৃত্য দেহধারণ মাত্রোপ জীবনঃ সরাধে মুকুন্দে নিহিতমনাঃ সন্ মুকুন্দস্যাষ্টকং কাকুভি র্হর্ষগদ্গদ বাগ্‌ভিঃ পরিপঠতি। তং ব্রজনবযুবরাজঃ শ্রীনন্দনৃপসূনুঃ প্রিয়ায়াঃ শ্রীরাধায়াঃ স্বজনগণনমধ্যে তনোতি প্রিয়াপরিবার মধ্যেহঙ্গীকরোতী ত্যর্থঃ। শ্রুতিশ্চ

প্রতি নির্দ্দয় হইয়াছেন, এক্ষণে তুমিও যদি কঠিন হৃদয় হও তবে এ ব্যথিত জনের কি গতি হইবে? এইরূপ বাক্যে) শ্রীরাধিকার মানভঙ্গের নিমিত্ত প্রার্থনা করেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিষ্ট পরিপূরণ করুন ॥ ৮ ॥

যিনি সমুদায় বিষয়াসঙ্গ হইতে ইন্দ্রিয় সকল সংযত করিয়া রাধাকৃষ্ণে মন সমর্পণ পূর্ব্বক হর্ষ গদ্গদ বচনে এই মুকুন্দাষ্টক পাঠ করেন, ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ তাঁহাকে

ব্রজনবযুবরাজো দর্শয়ন্ স্বং সরাধং
স্বজনগণন মধ্যে তং প্রিয়ায়াস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টকং।

হরিভক্তস্য শমাদীন্ বিধত্তে তস্মাদেবং বিচ্ছান্তোদান্ত উপরত স্তিতিক্ষুঃ শ্রদ্ধান্বিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেদিত্যাদিনা ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টকং ব্যাখ্যাতং।

শ্রীরাধিকার সহিত স্বীয় রূপ দর্শন করাইয়া শ্রীরাধিকার সখীগণ মধ্যে পরিগণিত করেন ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টক সমাপ্ত।

শ্রীকেশবায় নমঃ।

নবপ্রিয়কমঞ্জরীরচিতকর্ণপূরশ্রিয়ং
বিনিদ্রতরমালতীকলিতশেখরেণোজ্জ্বলং।
দরোচ্ছ্বসিতযূথিকাগ্রথিত বল্গু বৈকক্ষকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং॥ ১

শ্রীকৃষ্ণোজ্জীয়াৎ।

অথ কেশবমষ্টকেন স্তৌতি নবেত্যাদিনা। কেশবমহং ভজে ইত্যনুষঙ্গঃ। কীদৃশমিত্যাহ। বিপিনদেশতঃ কাননাৎ সায়াহ্ণ সময়ে ব্রজে গোষ্ঠে বিজয়িনমতি প্রসন্ন তয়া সমাগচ্ছন্তং। পুনঃ কীদৃশমিত্যাহ। নবাভ্যাং প্রিয়কমঞ্জরীভ্যাং কদম্ববল্লরীভ্যাং রচিতৌ যৌ কর্ণপূরৌ শ্রোত্রাবতংসৌ তাভ্যাং শ্রীর্যস্য তং। বিনিদ্রতরাভির্বিকসিতাভির্মালতীভিঃ কলিতেন নির্ম্মিতেন শেখরেণ শিরোবতংসেনোজ্জ্বলং সুন্দরং। দরোচ্ছ্বসিতাভি ৺রীষদ্বিকসিতাভির্যূথিকাভি গ্র্থিতং বল্গু মনোহরং বৈকক্ষকং যস্য তং। আপীড় শেখরোত্তংসাবতংসাঃ শিরসি স্রজঃ। তির্য্যগ্বক্ষসি নিক্ষিপ্তং বৈকক্ষক মুদাহৃতমিতি হলায়ুধঃ॥ ১॥

অথ কেশবাষ্টক।

নূতন কদম্ব মঞ্জরী যাঁহার কর্ণ ভূষণ, বিকসিত মালতী মালায় যাঁহার মৌলি সুশোভিত ও যিনি ঈষৎ বিকসিত অতি মনোহর যূথিকা মালা গলদেশে ধারণ করিয়া সায়ংকালে বন হইতে ব্রজধামে আগমন করিতেছেন সেই শ্রীকেশবকে আমি ভজনা করি॥ ১॥

পিশঙ্গি মণিকস্তনি প্রণতশৃঙ্গি পিঙ্গেক্ষণে
মৃদঙ্গমুখি ধূমলে শবলি হংসি বংশিপ্রিয়ে।
ইতি স্বসুরভীকুলং তরলমাহ্বয়ন্তং মুদা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ২ ॥
ঘনপ্রণয়মেদুরান্ মধুরনর্ম্মগোষ্ঠীকলা
বিলাসনিলয়ান্ মিলদ্বিবিধবেশবিদ্যোতিনঃ।

পিশঙ্গীত্যাদীনি নব সম্বুদ্ধ্যন্তানি স্ফুটার্থানি। ইত্যেভি র্নামভিঃ স্ব স্বুরভী-কুলং স্বজাতীয়ং স্বগোবৃন্দমাহ্বয়ন্তং আকারয়ন্তং গৌঃ সৌরভেয়ী মাহেয়ী মহা-স্বুরভিরর্জ্জুনীতি। কুলং তাসাং সজাতীনামিতিচ হৈমঃ ॥ ২ ॥

ঘনেতি পথিষু মার্গেষু অখিল সারয়া সর্ব্বশ্রেষ্ঠয়া গিরা বাচা সখীন্ বয়স্যান্ হাসয়ন্তং। সারোমজ্জস্থিরাংশয়োঃ। বলেশ্রেষ্ঠেচ সারস্তু দ্রবিণ ন্যায্য বারি-ষ্বিতি হৈমঃ। সখীন্ বিশিনষ্টি। ঘন প্রণয়েন নিবিড় প্রেম্নামেদুরান্ স্নিগ্ধান্। স্নিগ্ধান্। মধুর নর্ম্ম গোষ্ঠ্যাং স্বাদুপরিহাসসংসদি যে কলা বিলাসা বৈদগ্ধী

হে পিশঙ্গি! হে মণিকস্তণি! হে প্রণতশৃঙ্গি! হে পিঙ্গেক্ষণে! হে মৃদঙ্গমুখি! হে ধূমলে! হে শবলি! হে হংসি! হে বংশীপ্রিয়ে! ইত্যাদি সম্বোধন বাক্যে নিজ গাভীগণকে ব্যগ্র হইয়া আহ্বান করিতে করিতে যিনি বনমধ্য হইতে গোষ্ঠে আগমন করিতেছেন সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ২ ॥

যাঁহারা গাঢ় প্রণয় হেতু অতিস্নিগ্ধ, যাঁহারা মধুর পরিহাস বাক্যে ও নৃত্য গীতাদি কলাবিলাসে পটু ও যাঁহারা নানা প্রকার বেশ ভূষায় সুশোভিত, এই প্রকার বয়স্যদিগের

সখীনখিল সারয়া পথিষু হাসয়ন্তং গিরা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৩ ॥
শ্রমাম্বুকণিকাবলী দরবিলীঢ় গণ্ডান্তর
সমূঢ়গিরিধাতুভি র্লিখিতচারুপত্রাঙ্কুরং।
উদঞ্চদলিমণ্ডলীরুচিবিড়ম্বিবক্রালকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৪ ॥

প্রকাশাস্তেষাং নিলয়ান্। গোষ্ঠী সভায়াং সংলাপে ইতি বিশ্বঃ। মিলন্ প্রাপ্নুবন্ যো বিবিধৈ র্বেশৈ র্বিদ্যোতশ্ছবিবিশেষস্তদ্বিশিষ্টান্ অতিমনোজ্ঞানিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রমাম্বু কণিকানামাবলীভি র্দরবিলীঢ়মীষদ্বিভূষিতং গণ্ডান্তরং কপোল মধ্যং যস্য তং। সমূঢ়া অবিস্থ প্রাপ্তা যে অতিসুগন্ধয়ো গৌরারুণসিতনীলা গিরিধাতবস্তৈর্বিলিখিতাশ্চারু পত্রাঙ্কুরা যত্র তং। উদঞ্চতী চপলী ভবন্তী যা অলিমণ্ডলী ভৃঙ্গবিততিস্তস্যা দ্যুতিং বিড়ম্বয়তি ন্যক্করোতি তথা ভূতা বক্রালকাঃ ক্ষুদ্রকুন্তলা যস্য তং ॥ ৪ ॥

সহিত হাস্য পরিহাস করিতে করিতে বন মধ্যে হইতে যিনি ব্রজমধ্যে আগমন করিতেছেন, সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ৩ ॥

